Ⓒ তরঙ্গ দৈর্ঘ্য সমান Ⓓ কম্পাঙ্ক সমান Ans Ⓑ

24. একটি শব্দ তরঙ্গ বায়ুতে 3 মিনিটে 1080 m দূরত্ব অতিক্রম করে। এই শব্দ তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য 60 cm হলে তরঙ্গের পর্যায়কাল কত?
Ⓐ None of them Ⓑ 10 sec Ⓒ 1 sec Ⓓ 0.1 sec Ans Ⓓ

25. একটি তরঙ্গের সমীকরণ $y = 10\sin(200\pi t - x)$ হলে, তরঙ্গটির পর্যায়কাল কত?
Ⓐ 1 s Ⓑ 0.5 s Ⓒ 0.1 s Ⓓ 0.01 s Ans Ⓓ

26. $Z = Z_m \sin\omega t$ একটি বস্তুকণার সরণের সমীকরণ হলে, নিচের কোনটি ত্বরণ ও সময়ের লেখচিত্র?.
Ⓐ Ⓑ Ⓒ  Ⓓ  Ans Ⓑ

27. একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যে দশা পার্থক্য $\frac{\pi}{2}$ হলে, বিন্দুদ্বয়ের মধ্যে পথ পার্থক্য হবে–
Ⓐ $\frac{\lambda}{2}$ Ⓑ 2λ Ⓒ $\frac{\lambda}{4}$ Ⓓ λ Ans Ⓒ

28. 60° দশা পার্থক্যের দুটি শব্দ তরঙ্গের পথ পার্থক্য কত?
Ⓐ $\frac{\lambda}{2}$ Ⓑ $\frac{\lambda}{3}$ Ⓒ $\frac{\lambda}{6}$ Ⓓ $\frac{\lambda}{4}$ Ans Ⓒ

29. একটি তরঙ্গের দুইটি বিন্দুর মধ্যে দশা পার্থক্য $\frac{\pi}{2}$। বিন্দু দুইটির পথ পার্থক্য কত?
Ⓐ $\frac{\lambda}{4}$ Ⓑ $\frac{\lambda}{2}$ Ⓒ $\frac{\lambda}{8}$ Ⓓ λ Ans Ⓐ

30. দুটি তরঙ্গের প্রতিটির তরঙ্গদৈর্ঘ্য 12 cm করে। যদি একটি থেকে অপরটি 14 cm অগ্রগামী হয় তবে তাদের মধ্যে দশা পার্থক্য–
Ⓐ $\frac{7\pi}{3}$ Ⓑ $\frac{\pi}{4}$ Ⓒ $\frac{\pi}{5}$ Ⓓ $\frac{\pi}{6}$ Ans Ⓐ

Part 3 BUP বিগত বছরের প্রশ্নোত্তর

01. কোনো স্থির তরঙ্গের পরপর দুইটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব 50 cm। এর তরঙ্গদৈর্ঘ্য কত? [BUP-FST : 23-24]
Ⓐ 50 cm Ⓑ 75 cm Ⓒ 100 cm Ⓓ 200 cm Ans Ⓒ

02. কোন তীব্রতা লেভেলকে কানের শ্রুতির শুরু বলে? [BUP-FST : 22-23]
Ⓐ 1 dB Ⓑ 0 dB Ⓒ 10 dB Ⓓ 100 dB Ans Ⓑ

03. কোন তরঙ্গের পথপার্থক্য $\frac{\lambda}{4}$ হলে দশা পার্থক্য কত? [BUP-FST : 21-22]
Ⓐ $\frac{\pi}{4}$ Ⓑ $\frac{\pi}{3}$ Ⓒ $\frac{2\pi}{3}$ Ⓓ $\frac{\pi}{2}$ Ans Ⓓ

04. স্থির তরঙ্গের পরপর দুটি নিঃস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব কত? [BUP-FST : 20-21]
Ⓐ λ Ⓑ $\frac{3\lambda}{2}$ Ⓒ $\frac{4}{3}\lambda$ Ⓓ $\frac{\lambda}{2}$ Ans Ⓓ

05. A ও B এর দশা পার্থক্য কত? [BUP-FST : 20-21]
Ⓐ $\frac{\pi}{2}$ Ⓑ $\frac{3}{4}\pi$ Ⓒ $\frac{3\pi}{2}$ Ⓓ $\frac{2}{3}\pi$ Ans Ⓐ

06. কোন টানাতারে তরঙ্গের বেগ $1000\ ms^{-1}$ টান 4 গুণ করা হলে বেগ কত? [BUP-FST : 20-21]
Ⓐ $4000\ ms^{-1}$ Ⓑ $4700\ ms^{-1}$ Ⓒ $1000\ ms^{-1}$ Ⓓ $2000\ ms^{-1}$ Ans Ⓐ

Educationblog24.com

07. দুটি স্পন্দনরত কণার সরণ যথাক্রমে $x = A\sin\omega t$ ও $x = A\cos\omega t$ হলে, এদের দশা পার্থক্য- [BUP-FST : 19-20]

Ⓐ π Ⓑ $\frac{3\pi}{2}$ Ⓒ 2π Ⓓ $\frac{\pi}{2}$ Ans Ⓓ

08. একটি অ্যামপ্লিফায়ার থেকে নিঃসৃত শব্দের ক্ষমতা 10 MW থেকে 20 MW এ পরিবর্তিত হলে, শব্দের তীব্রতা লেভেলের কত ডেসিবেল পরিবর্তিত হবে? [BUP-FST : 19-20]

Ⓐ 3 dB Ⓑ 5dB Ⓒ 10 dB Ⓓ 6 dB Ans Ⓐ

09. নিচের কোন তিনটি কম্পাঙ্কের সমন্বয়ে ত্রয়ী সৃষ্টি হয়? [BUP-FST : 19-20]

Ⓐ 256 : 512 : 1024 Ⓑ 268 : 384 : 620
Ⓒ 256 : 320 : 384 Ⓓ 384 : 768 : 1280 Ans Ⓒ

10. বস্তুর কম্পাঙ্ক আরোপিত পর্যাবৃত্ত স্পন্দনের কম্পাঙ্কের সমান হলে [BUP-FST : 17-18]

Ⓐ বীট Ⓑ ব্যতিচার Ⓒ স্থির তরঙ্গ Ⓓ অ

11. 14°C এ একটি মাধ্যমের চাপ ও তাপমাত্রা উভয়ই 4 গুণ বাড়লে বেগ বাড়বে- [BUP-FST : 16-17]

Ⓐ 200% Ⓑ 114% Ⓒ 14.6% Ⓓ 16

12. বায়ুতে বা গ্যাসীয় মাধ্যমে শব্দের বেগ ও তাপমাত্রার সম্পর্ক নিচের নির্দেশ করা যায়? [BUP-FST : 15-16]

Ⓐ $v \propto T$ Ⓑ $v \propto \frac{1}{T}$ Ⓒ $v \propto \frac{1}{\sqrt{T}}$ Ⓓ $v \propto$

Part 4 অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. একটি স্থির তরঙ্গের পাশাপাশি দুইটি সুস্পন্দ বিন্দুর দূরত্ব কত? [CU-A : 23-24]

Ⓐ λ Ⓑ $\frac{\lambda}{2}$ Ⓒ $\frac{\lambda}{4}$ Ⓓ 0 Ans Ⓑ

02. দুটি সুসঙ্গত উৎস থেকে λ দৈর্ঘ্যের দুটি তরঙ্গ সমদশায় বের হয়। একটি বিন্দুতে যেখানে তরঙ্গ দুটি মিলিত হয় সেখানে তাদের দশা পার্থক্য 90°। তরঙ্গ দুটির অতিক্রান্ত পথ পার্থক্য তখন কত? [DU-A : 22-23]

Ⓐ 2λ Ⓑ λ Ⓒ $\frac{\lambda}{2}$ Ⓓ $\frac{\lambda}{4}$ Ans Ⓓ

03. দুইটি সুরশলাকার কম্পাঙ্ক যথাক্রমে 128 Hz ও 384 Hz। বায়ুতে শলাকা দুটি হতে সৃষ্ট তরঙ্গের দৈর্ঘ্যের অনুপাত কত? [CU-A : 22-23]

Ⓐ 3 : 1 Ⓑ 1 : 3 Ⓒ 2 : 1 Ⓓ 1 : 2 Ans Ⓐ

04. যখন আলো প্রতিসৃত হয়, তখন নিম্নের কোনটি পরিবর্তিত হয় না? [CU-A : 22-23]

Ⓐ তরঙ্গদৈর্ঘ্য Ⓑ কম্পাঙ্ক Ⓒ বেগ Ⓓ বিস্তার Ans Ⓑ

05. দুটি সুরশলাকা কর্তৃক বায়ুতে উৎপন্ন শব্দের তরঙ্গদৈর্ঘ্য যথাক্রমে 0.65 m ও 1.95 m। এদের কম্পাঙ্কের অনুপাত হবে- [CU-A : 22-23]

Ⓐ 6 : 5 Ⓑ 1 : 9 Ⓒ 1 : 3 Ⓓ 3 : 1 Ans Ⓓ

06. পানির প্রতিসারাঙ্ক 1.3 হলে, পানিতে আলোর বেগ কত? (শূন্যস্থানে আলোর বেগ 3.0×10^8 m/s) [CU-A : 22-23]

Ⓐ 3.0×10^8 m/s Ⓑ 2.31×10^8 m/s
Ⓒ 2.0×10^8 ms^{-1} Ⓓ 4.4×10^8 m/s Ans Ⓑ

07. বায়ুতে শব্দের বেগের উপর তাপমাত্রার প্রভাব প্রতি ডিগ্রি তাপমাত্রার জন্য- [CU-A : 22-23]

Ⓐ 61 cm Ⓑ 60 cm Ⓒ 0.61 cm Ⓓ 2 m Ans Ⓐ

08. শব্দ তরঙ্গের তীব্রতার (Intensity) একক- [CU-A : 22-23]

Ⓐ $Jm^{-2}s^{-2}$ Ⓑ $Jm^{-1}s^{-1}$ Ⓒ $Jm^{-2}s^{-1}$ Ⓓ $Jm^{-1}s^{-2}$ Ans Ⓒ

09. একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যে দশা-পার্থক্য $\frac{\pi}{2}$। বিন্দুদ্বয়ের মধ্যে পথ-পার্থক্য হবে- [CU-A : 22-23]

Ⓐ $\frac{\lambda}{4}$ Ⓑ $\frac{\lambda}{5}$ Ⓒ $\frac{\lambda}{3}$ Ⓓ $\frac{\lambda}{6}$ Ans Ⓐ

10. মাধ্যমের পরিবর্তন হলে আলোর বৈশিষ্ট্যের কী পরিবর্তন ঘটে? [CU-A : 22-23]

Ⓐ তরঙ্গ দৈর্ঘ্য Ⓑ কম্পাঙ্ক Ⓒ বর্ণ Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

11. নিম্নের কোন সমীকরণটি তরঙ্গদৈর্ঘ্য ও দশা (phase) এর মধ্যে সম্পর্ক প্রকাশ করে? [CU-A : 22-23]

Ⓐ $\delta = \frac{\pi}{x}\lambda$ Ⓑ $\delta = \frac{2\pi}{x}\lambda$ Ⓒ $\delta = \frac{2\pi}{\lambda}x$ Ⓓ $\frac{\pi}{\lambda}x$ Ans Ⓒ

12. খনিতে দূষিত গ্যাসের অস্তিত্ব নির্ণয় করা যায় কী দ্বারা? [RU-C : 22-23]

Ⓐ অনুনাদ Ⓑ গতিবেগ Ⓒ কম্পাঙ্ক Ⓓ বীট Ans Ⓓ

13. একটি তরঙ্গমুখে কণাগুলোর দশা পার্থক্য- [RU-C : 22-23]

Ⓐ 0° Ⓑ 90° Ⓒ 60° Ⓓ 45° Ans Ⓐ

14. একটি নিস্পন্দ বিন্দু (node) এ সংলগ্ন সুস্পন্দ বিন্দুর (antino দূরত্ব- [CU-A : 21-22]

Ⓐ $\frac{\lambda}{4}$ Ⓑ $\frac{\lambda}{2}$ Ⓒ λ Ⓓ 2

15. দুটি সংলগ্ন সুস্পন্দ বিন্দুর (antinodes) মধ্যবর্তী দূরত্ব- [CU-A

Ⓐ $\frac{\lambda}{4}$ Ⓑ $\frac{\lambda}{2}$ Ⓒ λ Ⓓ 2

16. শুনানির প্রান্তিকের তীব্রতার স্তর কত? [CU-A : 20-21]

Ⓐ 1 dB Ⓑ 0 dB Ⓒ 10 dB Ⓓ 2

17. একটি তরঙ্গের দুই বিন্দুর মধ্যবর্তী দশা পার্থক্য 2π হলে পথ পার্থক্য কত

Ⓐ $\frac{\lambda}{4}$ Ⓑ $\frac{\lambda}{2}$ Ⓒ λ Ⓓ 2

18. আড় তরঙ্গ কোনটি? [CU-A : 20-21]

Ⓐ আলো তরঙ্গ Ⓑ স্প্রিং তরঙ্গ Ⓒ পানি তরঙ্গ Ⓓ শব্দ ত

19. একটি স্থির তরঙ্গের সুস্পন্দ ও নিস্পন্দ বিন্দু এর মধ্যবর্তী দূরত্ব- [C

Ⓐ λ Ⓑ $\frac{\lambda}{2}$ Ⓒ $\frac{\lambda}{4}$ Ⓓ $\frac{\lambda}{8}$

20. কোন মাধ্যমে শব্দের গতি সর্বোচ্চ? [CU-A : 20-21]

Ⓐ কঠিন মাধ্যম Ⓑ তরল মাধ্যম Ⓒ গ্যাসীয় মাধ্যম Ⓓ শূ

21. টানা তারের টান দ্বিগুণ করলে কম্পাঙ্ক কতগুণ হবে? [CU-A : 18-1

Ⓐ $\sqrt{2}$ Ⓑ 2 Ⓒ 4 Ⓓ 2

22. একটি তরঙ্গের সমীকরণ $y = 15\sin(10x - 20t)$ দিয়ে নি তরঙ্গটির বেগ কত একক? [RU-C : 20-21]

Ⓐ 0.75 Ⓑ 0.5
Ⓒ 2 Ⓓ কোনোটিই নয়

23. দুইটি তরঙ্গকে $A\sin\omega t$ এবং $B\cos\omega t$ দিয়ে প্রকাশ করলে দশা পার্থক্য কত? [RU-C : 20-21]

Ⓐ 0 Ⓑ $\frac{\pi}{2}$ Ⓒ $\frac{\pi}{3}$ Ⓓ $\frac{\pi}{4}$

24. গ্রীষ্মকালে বায়ুর তাপমাত্রা 35°C ও শীতকালে তাপমাত্রা 10°C হ সাপেক্ষে শীতকালে বায়ুতে শব্দের বেগের কী পরিবর্তন হবে? [RU-C

Ⓐ শীতকালে শব্দের বেগ কমবে Ⓑ শীতকালে শব্দের বেগ বে
Ⓒ অপরিবর্তিত থাকবে Ⓓ কিছুই বলা যাবে না

25. উৎস হতে ধ্বনিত শব্দ একজন ব্যক্তি শুনতে পেলো 5 sec পরে, আরেকজন ব্যক্তি শুনতে পেল 6 sec পরে। শব্দের বেগ 300 m/s ব্যক্তির মধ্যে সর্বোচ্চ ও সর্বনিম্ন দূরত্ব কত হবে? [RU-C : 20-21]

Ⓐ 1.8 km, 0.15 km Ⓑ 2.2 km, 0.20 km
Ⓒ 2.8 km, 0.25 km Ⓓ 3.3 km, 0.30 km

Educationblog24.com

Educationblog24.com

পদার্থবিজ্ঞান ১ম পত্র

অধ্যায় ১০

আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- বয়েলের সূত্র: তাপমাত্রা স্থির থাকলে কোন নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন তার চাপের ব্যস্তানুপাতিক। অর্থাৎ $V \propto \frac{1}{p}$।
- চার্লস এর সূত্র: স্থির চাপে কোন নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন 0°C থেকে প্রতি ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা পরিবর্তনের জন্য এর 0°C তাপমাত্রার আয়তনের নির্দিষ্ট ভগ্নাংশ $\frac{1}{273}$ অংশ পরিবর্তিত হয়।
- পরম শূন্য তাপমাত্রায় কোন গ্যাসের আয়তন তাত্ত্বিকভাবে শূন্য হয়ে যায়।
- 760 mm পারদ স্তম্ভ চাপে যে তাপমাত্রায় বরফ গলে পানিতে বা পানি জমে বরফে পরিণত হয় তাকে প্রমাণ তাপমাত্রা বলে।
- প্রমাণ চাপ = 760 mm পারদ স্তম্ভ চাপ
  $= 0.76 \times 13596\ kgm^{-3} \times 9.80\ ms^{-2}$
  $= 1.013 \times 10^5\ Nm^{-2}\ [P = h\rho g]$
  $= 1.013 \times 10^5\ Pa = 1\ atm.$
- কোন নির্দিষ্ট তাপমাত্রায় কোন আবদ্ধ স্থানের বাষ্প সর্বাধিক যে চাপ প্রয়োগ করে তাকে সম্পৃক্ত বাষ্পচাপ বলে।
- পরম শূন্য তাপমাত্রায় গ্যাসের কোন গতিশক্তি থাকে না অর্থাৎ অণুগুলো স্থির থাকে।
- শক্তির সমবিভাজন নীতি: কোনো গতীয় সংস্থার মোট শক্তি তাপীয় সাম্যাবস্থায় প্রতিটি স্বাধীনতার মাত্রার মধ্যে সমভাবে বন্টিত হয় এবং প্রতিটি স্বাধীনতার মাত্রার শক্তির পরিমান $\frac{1}{2}KT$
- ক্রান্তি তাপমাত্রা: সর্বোচ্চ যে তাপমাত্রায় থাকলে একটি গ্যাসকে শুধু চাপ প্রয়োগে তরলে পরিণত করা যায় তাকে ক্রান্তি তাপমাত্রা বলে।
- ক্রান্তি চাপ: ক্রান্তি তাপমাত্রায় যে চাপ প্রয়োগ করলে কোন গ্যাসকে তরলে পরিণত করা যায় তাকে ক্রান্তি চাপ বলে।
- ক্রান্তি আয়তন: ক্রান্তি তাপমাত্রা ও ক্রান্তি চাপে এক গ্রাম ভরের কোনো গ্যাসের আয়তনকে ঐ গ্যাসের ক্রান্তি আয়তন বলে।
- গ্যাস ধ্রুবক R এর বিভিন্ন এককে মান:
  S.I এককে $R = 8.31\ JK^{-1}mole^{-1}$
  C.G.S পদ্ধতিতে $R = 8.31 \times 10^7 ergK^{-1}mole^{-1}$
- বোলজম্যান ধ্রুবক, $k = 1.38 \times 10^{-23}\ J/K$
- সমোষ্ণ পরিবর্তন বয়েলের সূত্র মেনে চলে।
- নিম্নচাপ ও উচ্চ তাপমাত্রায় কোন বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে।
- এক মোল গ্যাসের তাপমাত্রা 1°C বাড়ালে তা যে পরিমাণ কাজ সম্পন্ন করে তাকে সার্বজনীন গ্যাস ধ্রুবক বলে।
- সর্বাধিক সম্ভাব্য বেগ > গড় বেগ > মূল গড় বর্গবেগ।
  $c_{max} > c_{av} > c_m$
- শুষ্ক ও আর্দ্র বাল্ব হাইগ্রোমিটারের সাহায্যে আবহাওয়ার পূর্বাভাস: আর্দ্র বায়ু অপেক্ষা শুষ্ক বায়ুতে পানি দ্রুত বাষ্পীভূত হয়। আবার বাষ্পায়ন যতবেশি হয় আর্দ্র বাল্ব থার্মোমিটারের পাঠ তত হ্রাস পায়। সুতরাং আর্দ্র ও শুষ্ক বাল্ব থার্মোমিটারের পাঠের পার্থক্য লক্ষ্য করে আবহাওয়ার মোটামুটি পূর্বাভাস দেখা যায়।
- অত্যন্ত ক্ষুদ্র, গোলাকার, স্থিতিস্থাপক কণা দ্বারা গঠিত- সকল গ্যাস
- অণুগুলোর মধ্যে শুধু সংঘর্ষের জন্য ব্যয়িত সময়- দুটি সংঘর্ষের তুলনায় নগন্য
- গ্যাসের অণুসমূহের মধ্যে- কোনো আকর্ষণ বা বিকর্ষণ শক্তি নেই
- গ্যাসের অণুগুলোর গতির উপর- অভিকর্ষ বলের কোনো প্রভাব নেই
- গ্যাসের অণুগুলো দুটি সংঘর্ষের মধ্যবর্তী সময়ে- সরলরেখায় চলে
- গ্যাসের অণুগুলোর পর পর দুটি ধাক্কার মধ্যবর্তী পথকে বলে- গড় মুক্তপথ
- গ্যাসের গতিতত্ত্ব হতে জানা যায়- গতির প্রকৃতি ও উদ্ভূত তাপ সম্পর্কে
- যে তাপমাত্রায় বিশুদ্ধ বরফ, বিশুদ্ধ পানি ও সম্পৃক্ত জলীয় বাষ্প তাপগত সহাবস্থানে থাকে তাকে বলে- ত্রৈধ বিন্দু
- 1 গ্রাম-অণু গ্যাসের ক্ষেত্রে আদর্শ গ্যাস সমীকরণটি হচ্ছে- $PV = RT$
- কোনো বস্তু স্বাধীনভাবে বা অবাধে যে কয় প্রকার গতির অধিকারী হতে পারে সেই সংখ্যাকে ঐ বস্তুর গতির স্বাধীনতার মাত্রা বলে
- বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের মতো আচরণ করে- উচ্চ তাপমাত্রা ও নিম্ন চাপে
- হ্রদের পৃষ্ঠের বুদবুদের আয়তন- তলদেশের আয়তন থেকে বেশি
- হ্রদের গভীরতা নির্ণয়ে ব্যবহৃত হয় – আদর্শ গ্যাস সমীকরণ
- জলাশয়ের তলদেশের চাপ- পৃষ্ঠদেশ থেকে বেশি
- বাস্তব গ্যাস বয়েলের সূত্র মেনে চলে- খুব উচ্চ তাপমাত্রায়
- একটি আদর্শ গ্যাস হল তাই যা- তরল করা যায় না
- প্রমাণ তাপমাত্রা- 273 K
- সমোষ্ণ রেখা সম্পর্কে ধারণা পাওয়া যায়- বয়েলের সূত্র থেকে
- জলীয় বাষ্পের ঘনত্বের সাথে চাপের সম্পর্ক হলো- $\rho \propto p$
- দ্বি-পরমাণুক অক্সিজেন গ্যাস অণুর স্বাধীনতার মাত্রা- 5
- একটি পরমাণুর তিনটি স্বাধীনতার মাত্রার প্রতিটি বরাবর শক্তি- $\frac{1}{2}kT$
- f স্বাধীনতার মাত্রাসম্পন্ন কোনো অণুর মোট অন্তঃশক্তি- $\frac{f}{2}kT$
- গ্যাসের গতিতত্ত্বের মৌলিক স্বীকার্য অনুযায়ী বেগ- শূন্য হতে অসীম
- শূন্যস্থানে এক পরমাণুক গ্যাসের একটি অণুর স্বাধীনতার মাত্রা- 3
- কম্পনরত কণার মোট শক্তি- kT
- শক্তির সমবিভাজন নীতি- $\frac{1}{2}kT$
- গড় মুক্তপথ একক আয়তনে অণুর সংখ্যার – ব্যস্তানুপাতিক
- গড় মুক্তপথ গ্যাসের ঘনত্বের – ব্যস্তানুপাতিক
- গড় মুক্ত পথ গ্যাসের – তাপমাত্রার সমানুপাতিক এবং চাপের ব্যস্তানুপাতিক
- গড় মুক্তপথের রাশিমালা- $\lambda = \frac{1}{n\pi\sigma^2}$ [ক্লসিয়াস]
- যদি কোনো আবদ্ধ স্থানে তরল পদার্থের সংস্পর্শে কিছু বাষ্প থাকে তবে বুঝতে হবে যে ঐ বাষ্প- সম্পৃক্ত বাষ্প
- সম্পৃক্ত বাষ্প- বয়েল ও চার্লস এর সূত্র মানে না
- সম্পৃক্ত বাষ্প অসম্পৃক্ত বাষ্পে পরিণত হয়- তাপমাত্রার বৃদ্ধির কারণে
- বায়ুতে জলীয় বাষ্পের পরিমাণ ভিন্ন হয়ে থাকে- ঋতু ও স্থানভেদে
- কোনটির সংকট তাপমাত্রা সবচেয়ে বেশি- জলীয় বাষ্পের
- তাপমাত্রা বাড়লে বায়ুর জলীয় বাষ্প ধারণ ক্ষমতা- বেড়ে যায়
- বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি হলে এটি হয়- বেশি আর্দ্র
- শুষ্ক বায়ু বলতে বোঝায়- শিশিরাঙ্ক 1°C
- অসম্পৃক্ত বাষ্পচাপ f এবং সম্পৃক্ত বাষ্পচাপ F হলে- $f < F$
- শিশিরাঙ্ক মূলত- তাপমাত্রা

Educationblog24.com

Educationblog24.com

- হাইগ্রোমিটারের শুষ্ক ও আর্দ্র বাল্বের তাপমাত্রা হঠাৎ কমতে থাকলে পূর্বাভাস পাওয়া যায়– ঝড়ের
- সিক্ত ও শুষ্ক বাল্বের পাঠের পার্থক্য শূন্য হলে– বাতাসের তাপমাত্রা শিশিরাঙ্কের সমান হয়
- শিশিরাঙ্ক বায়ুর তাপমাত্রা সমান হবে যখন আপেক্ষিক আর্দ্রতা– 100% হয়
- লিটার বায়ুমন্ডলীয় এককে $R = 0.082\ Latm\ K^{-1}mol^{-1}$
- ক্যালরি এককে $R = 1.987\ cal\ K^{-1}mol^{-1}$
- STP তে বায়ুর ঘনত্ব $= 1.293\ kgm^{-3}$
- বরফের আপেক্ষিক তাপ $= 2100\ Jkg^{-1}\ K^{-1}$
- স্থির চাপে গ্যাসের আয়তন প্রসারণ সহগ $= 0.00366°C^{-1}$
- স্থির আয়তনে গ্যাসের চাপ প্রসারণ সহগ $= 0.00366°C^{-1}$ বা $3.36 \times 10^5\ Jkg^{-1}$
- বরফ গলনের আপেক্ষিক সুপ্ততাপ $= 336000\ Jkg^{-1}$
- পানির বাষ্পীভবনের আপেক্ষিক সুপ্ততাপ $= 2268000\ Jkg^{-1}$ বা $2.268 \times 10^6\ Jkg^{-1}$
- পানির আপেক্ষিক তাপ $= 4200\ Jkg^{-1}\ K^{-1}$
- ক্যালরিমিটারের উপাদানের আপেক্ষিক তাপ $= 420\ Jkg^{-1}\ K^{-1}$

প্রয়োজনীয় সূত্রাবলি

❑ গ্যাসীয় সূত্র সংক্রান্ত :

- বয়েলের সূত্র, $P_1V_1 = P_2V_2$
- চার্লসের সূত্র, $V_t = V_0\left(1+\frac{t}{273}\right)$ ▪ $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$
- $\theta°C$ তাপমাত্রায় আয়তন, $V_\theta = V_0\left(1+\frac{\theta}{273}\right)$
- চাপের সূত্র, $P_t = P_0\left(1+\frac{t}{273}\right)$; $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2}$
- বয়েল ও চার্লসের সমন্বিত রূপ, $\frac{P_1V_1}{T_1} = \frac{P_2V_2}{T_2}$ [$T_K = 273 + t\ (°C)$]
- গ্যাসের চাপ প্রসারণ গুণাঙ্ক, $\gamma_V = \frac{P - P_0}{P_0\theta}$
- গ্যাসের আয়তন প্রসারণ গুণাঙ্ক, $\gamma_P = \frac{V - V_0}{V_0\theta}$
- গ্যাসের ঘনত্বের সমীকরণ :

(1) $\frac{P_1}{P_2} = \frac{\rho_1}{\rho_2}$ (2) $\frac{\rho_1}{\rho_2} = \frac{T_1}{T_2}$ (3) $\frac{P_1}{\rho_1 T_1} = \frac{P_2}{\rho_2 T_2}$

- আদর্শ গ্যাস সমীকরণ, $PV = nRT = \frac{m}{M}RT$ [যখন, $n = \frac{m}{M}$]
- ভ্যানডারওয়ালস এর সংশোধন $\left(P + \frac{n^2a}{V^2}\right)(V - nb) = nRT$ [a ও b ধ্রুবক]
- বোল্টজম্যান ধ্রুবক, $k = \frac{R}{N_A}$ [N_A = অ্যাভোগেড্রোর সংখ্যা]
- লসমিডের সংখ্যা, $n' = \frac{n}{v}$

❑ হ্রদ বা জলাশয়ের গভীরতা ও বুদবুদ সংক্রান্ত :

- হ্রদের বা জলাশয়ের গভীরতা, $h = (n-1) \times 10.2$ [n = বুদবুদের আয়তনের গুণ]
- হ্রদের বা জলাশয়ের গভীরতা, $h = (n^3 - 1) \times 10.33$ [n = ব্যাস বা ব্যাসার্ধের গুণ] [STP উল্লেখ থাকলে]
- হ্রদের গভীরতা, $h = \frac{(n-1)P}{\rho g}$ [n = বুদবুদের আয়তনের গুণ]
- হ্রদের গভীরতা, $h = \frac{(n^3-1)P}{\rho g}$; [n = ব্যাসার্ধ বা ব্যাসের গুণ]

[হ্রদের পৃষ্ঠদেশের চাপ বায়ুমন্ডলীয় চাপের [$10^5\ Nm^{-2}$] সমান ।]

❑ গ্যাসের অণুর বেগ সংক্রান্ত :

- গড়বেগ, $\bar{c} = \frac{c_1 + c_2 + c_3 + \ldots\ldots + c_n}{n}$
- গড় বর্গবেগ, $\bar{c^2} = \left(\frac{c_1^2 + c_2^2 + \text{----------} + c_n^2}{n}\right)$
- মূল গড় বর্গবেগ বা গড় বর্গবেগের বর্গমূল,

বা $c_{r.m.s} = \sqrt{\frac{c_1^2 + c_2^2 + \text{----------} + c_n^2}{n}}$; $c = \sqrt{\frac{3kT}{M}}$

- সর্বাধিক সম্ভাব্য বেগ, $c_{mp} = \sqrt{\frac{2kT}{m}}$
- $T_2 = n^2T_1$
- মূল গড় বর্গবেগের সাথে চাপের সম্পর্ক, $c_{r.m.s} = \sqrt{\frac{3P}{\rho}}$
- মূল গড় বর্গবেগের সাথে তাপমাত্রার সম্পর্ক, $c_{r.m.s} = \sqrt{\frac{3RT}{M}}$

Joykoly Short Technique:

- মূল গড় বর্গবেগ বৃদ্ধি, $\Delta c_{rms} = \sqrt{\frac{3RT_1}{M}}\left(\sqrt{\frac{T_2}{T_1}} - 1\right)$

❑ গড় মুক্তপথ সংক্রান্ত :

- গড় মুক্তপথ, $\lambda = \frac{1}{\pi\sigma^2 n}$ [ক্লসিয়াসের সূত্রানুসারে]
- গড় মুক্তপথ, $\lambda = \frac{1}{\sqrt{2}\pi\sigma^2 n}$ [ম্যাক্সওয়েলের সূত্রানুসারে]
- গড় মুক্তপথ, $\lambda_c = \frac{3}{4\pi\sigma^2 n}$ [বোল্টজম্যানের সূত্রানুসারে]
- প্রতি সেকেন্ডে ধাক্কার সংখ্যা, $N = \pi\sigma^2 ln$
- গড় মুক্তপথ ও গ্যাসের ঘনত্ব, $\lambda_c = \frac{m}{\pi\sigma^2\rho}$ বা $\lambda_c \propto \frac{1}{\rho}$
- একক আয়তনে অণুর সংখ্যা, $n = \frac{N}{V}$

❑ গ্যাসের গতিতত্ত্ব সংক্রান্ত :

- গতিশক্তি, $E = \frac{3}{2}nRT$ [গ্রাম অণু বলা হলে n = 1]
- প্রতি মোল বা এক গ্রাম অণুর গ্যাসের গতিশক্তি, $E = \frac{3}{2}nRT$
- প্রতি অণুর গ্যাসের গড় গতিশক্তি, (1) $E = \frac{3}{2}kT$ (2) $E = \frac{1}{2}$
- প্রতি একক আয়তনে গড় গতিশক্তি, $E = \frac{1}{3}\rho c^2$
- একক আয়তনে অণুগুলোর গ্যাসের চাপ, $P = \frac{2}{3}E$
- আদর্শ গ্যাসের সমীকরণের সাহায্যে চাপ-

(1) $P = \frac{1}{3}\rho c^2$ (2) $PV = \frac{1}{3}mn\bar{c}^2$ (3) $P = \frac{1}{3}$

- $PV = \frac{2}{3}E$ [N = গ্যাসের মোট অণুর সংখ্যা, E = গ্যাসের মোট গতিশক্তি]
- $P = \frac{2}{3}mnc^2$ [n = একক আয়তনে গ্যাসের অণুর সংখ্যা, m = গ্যাসের একটি অণুর ভর]
- ম্যাক্সওয়েলের বেগ বন্টন সূত্র, $C_{rms} = \sqrt{\frac{3kT}{m}}$

Educationblog24.com

❑ রিগনাল্ট, ডাল্টন, গ্রাহাম ও ক্ল্যাপিরনের সূত্রসমূহ :

- $PV = N_0kT$
- $P = P_1 + P_2 + P_3 + ...$
- $P = \frac{1}{3}\rho_1 C^2_1 + \frac{1}{3}\rho_2 C^2_2 + ...$
- $\frac{c_1}{c_2} = \sqrt{\frac{\rho_2}{\rho_1}}$
- $\frac{r_1}{r_2} = \sqrt{\frac{\rho_2}{\rho_1}}$
- $P = nkT$

❑ স্বাধীনতার মাত্রা ও শক্তির সমবিভাজন নীতি সংক্রান্ত :

- শক্তির সমবিভাজন নীতি, $E = \frac{1}{2}kT$
- প্রত্যেক অণুর স্বাধীনতার মাত্রার মোট শক্তির পরিমাণ $= \frac{1}{2}kT$
- f স্বাধীনতার মাত্রা সম্পন্ন কোনো অণুর মোট শক্তি $= \frac{fkT}{2}$

❑ আপেক্ষিক আর্দ্রতা সংক্রান্ত :

- $R = \frac{f}{F} \times 100\% = \frac{\rho_f}{\rho_F} \times 100\% = \frac{m_f}{m_F} \times 100\%$

❑ গ্লেইসারের সমীকরণ বা উৎপাদক :

- $(t_1 - t) = G(t_1 - t_2)$ or, $(\theta_1 - \theta) = G(\theta_1 - \theta_2)$

Part 2 সম্ভাব্য গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. একটি দ্বি-পারমাণবিক গ্যাসের স্বাধীনতার মাত্রার সংখ্যা কত?
Ⓐ 1 Ⓑ 7 Ⓒ 3 Ⓓ 5 Ans Ⓓ

02. একটি আদর্শ গ্যাসের চাপ বাড়ানো হলে গ্যাসের গতিশক্তির কীরূপ পরিবর্তন হবে?
Ⓐ পূর্বের তুলনায় বাড়ে Ⓑ অপরিবর্তিত থাকে
Ⓒ পূর্বের তুলনায় কমে Ⓓ অনিশ্চিত Ans Ⓐ

03. গড় বর্গবেগের বর্গমূল মান ও পরম তাপমাত্রার মধ্যে কোন সম্পর্কটি সঠিক?
Ⓐ $C_{r.m.s.} \propto T$ Ⓑ $C_{r.m.s.} \propto \sqrt{T}$
Ⓒ $C_{r.m.s.} \propto \frac{1}{T}$ Ⓓ $C_{r.m.s.} \propto \frac{1}{\sqrt{T}}$ Ans Ⓑ

04. একটি গ্যাসের পরম তাপমাত্রা চারগুণ করা হলে, এর অণুগুলোর মূল গড় বর্গবেগ কত হবে?
Ⓐ অপরিবর্তিত থাকবে Ⓑ অর্ধেক হবে
Ⓒ চারগুণ হবে Ⓓ দ্বিগুণ হবে Ans Ⓓ

05. একটি কণার স্বাধীনতার মাত্রার সংখ্যা 5 হলে শক্তির সমবিভাজন নীতি অনুযায়ী কণাটির মোটশক্তি কত?
Ⓒ KT/2 Ⓑ KT Ⓒ 3KT/2 Ⓓ 5KT/2 Ans Ⓓ

06. চার্লসের সূত্রটি নিচের কোন লেখচিত্রটি দিয়ে প্রকাশ করা হয়?
Ⓐ 

Ⓑ 

Ⓒ 

Ⓓ 

Ans Ⓓ

07. আপেক্ষিক আর্দ্রতা কত হলে শিশিরাঙ্ক বায়ুর তাপমাত্রার সমান হবে?
Ⓐ শূন্য Ⓑ 50% Ⓒ 75% Ⓓ 100% Ans Ⓓ

08. পানির ত্রৈধ বিন্দুর চাপ?
Ⓐ 3.58 mm HgP Ⓑ 5.58 mHgP
Ⓒ 4.58 mmHgP Ⓓ কোনোটিই নয় Ans Ⓒ

09. Which is the correct one?
Ⓐ $c_{rms}:c_m:c_{au} = 1.22:1.12:1$ Ⓑ $c_{rms}:c_{au}:c_m = 1.22:1.12:1$
Ⓒ $c_m:c_{rms}:c_{au} = 1:1.12:1.22$ Ⓓ $c_{rms}:c_{au}:c_m = 1.12:1.22$ Ans Ⓑ

10. বাস্তব গ্যাস কখন আদর্শ গ্যাসের মতো আচরণ করে?
Ⓐ নিম্ন তাপমাত্রা ও উচ্চ চাপে Ⓑ উচ্চ তাপমাত্রা ও নিম্ন চাপে
Ⓒ উচ্চ তাপমাত্রা ও উচ্চ চাপে Ⓓ নিম্ন তাপমাত্রা ও নিম্ন চাপে Ans Ⓑ

11. দ্বি-পরমাণুক গ্যাস অণুর স্বাধীনতার মাত্রা কয়টি?
Ⓐ 2 Ⓑ 3 Ⓒ 4 Ⓓ 5 Ans Ⓓ

12. 32 K তাপমাত্রায় অক্সিজেন গ্যাসের R.M.S. বেগ কত?
Ⓐ $\sqrt{R}$ Ⓑ $\sqrt{6R}$ Ⓒ $\sqrt{2R}$ Ⓓ $\sqrt{3R}$ Ans Ⓓ

13. একজন ডুবুরী হ্রদের তলদেশে কাজ করার সময় 2 cm^3 আয়তনের বুদবুদের উপরের দিকে প্রবাহিত হচ্ছে। পানির উপরিতলে বুদবুদের আয়তন 4 cm^3 হয়; কিন্তু তাপমাত্রা অপরিবর্তিত থাকে। যদি বায়ুমন্ডলীয় চাপ 10 m পানির চাপের সমান হয়, হ্রদের গভীরতা কত?
Ⓐ 10 m Ⓑ 20 m Ⓒ 30 m Ⓓ 40 m Ans Ⓐ

14. 0°C তাপমাত্রায় অক্সিজেনের মূল গড় বর্গবেগ নির্ণয় কর?
Ⓐ 560 m/s Ⓑ 461 m/s Ⓒ 861 m/s Ⓓ 961 m/s Ans Ⓑ

15. একটি পাত্রে 27°C তাপমাত্রায় হিলিয়াম গ্যাস আছে। হিলিয়াম অণুর গড় গতিশক্তি কত? [বোল্টজম্যান ধ্রুবক $k = 1.38 \times 10^{-23}$ J/K]
Ⓐ 6.21×10^{-21} J Ⓑ 5.6×10^{-22} J
Ⓒ 1.9×10^{-21} J Ⓓ 2×10^{-21} J Ans Ⓐ

16. 27°C তাপমাত্রার প্রতি মোল হিলিয়ামের K.E কত?
Ⓐ 3.40×10^3 J Ⓑ 3.74×10^3 J
Ⓒ 3.65×10^3 J Ⓓ 3.80×10^3 J Ans Ⓑ

17. 27°C তাপমাত্রায় 3 g নাইট্রোজেনের মোট গতিশক্তি কত?
Ⓐ 300 J Ⓑ 400 J Ⓒ 500 J Ⓓ 600 J Ans Ⓑ

Part 3 BUP বিগত বছরের প্রশ্নোত্তর

01. 0°C তাপমাত্রায় অক্সিজেনের মূল গড় বর্গবেগ নির্ণয় কর? [BUP-FST : 23-24]
Ⓐ 560 ms^{-1} Ⓑ 461 ms^{-1}
Ⓒ 861 ms^{-1} Ⓓ 961 ms^{-1} Ans Ⓑ

02. 10°C তাপমাত্রায় তিনটি হিলিয়াম পরমাণুর গতিশক্তি কত? [BUP-FST : 22-23]
Ⓐ 1.24×10^{-20} J Ⓑ 1.25×10^{-20} J
Ⓒ 1.26×10^{-20} J Ⓓ 1.76×10^{-20} J Ans Ⓓ

03. বায়ুর আর্দ্রতা হ্রাস পেলে বাষ্পায়নের কিরূপ পরিবর্তন হবে? [BUP-FST : 21-22]
Ⓐ দ্রুত Ⓑ অতি ধীরে Ⓒ ধীরে Ⓓ অপরিবর্তিত Ans Ⓐ

04. বাস্তব গ্যাস কখন আদর্শ গ্যাসের মতো আচরণ করে? [BUP-FST : 18-19]
Ⓐ নিম্ন তাপমাত্রা ও উচ্চ চাপে Ⓑ উচ্চ তাপমাত্রা ও নিম্ন চাপে
Ⓒ উচ্চ তাপমাত্রা ও উচ্চ চাপে Ⓓ নিম্ন তাপমাত্রা ও নিম্ন চাপে Ans Ⓑ

05. 0°C তাপমাত্রায় কোন গ্যাসের চাপ 3×10^5 Pa হলে 60°C তাপমাত্রায় এর চাপ কত হবে? [BUP-FST : 17-18]
Ⓐ 3.66×10^5 Pa Ⓑ 3.31×10^5 Pa
Ⓒ 4.66×10^4 Pa Ⓓ 5.67×10^5 Pa Ans Ⓐ

06. একটি আদর্শ গ্যাসের নমুনার তাপমাত্রা 20°C, যদি নমুনাটির চাপ এবং আয়তন দ্বিগুণ করা হয়, তবে পরিবর্তিত তাপমাত্রা কত? [BUP-FST : 16-17]
Ⓐ 20°C Ⓑ 80°C Ⓒ 900°C Ⓓ 1200°C Ans Ⓒ

07. নির্দিষ্ট ভরের কোন গ্যাসের আয়তন উল্লেখ করতে কি প্রয়োজন? [BUP-FST : 16-17]
Ⓐ চাপ Ⓑ তাপমাত্রা
Ⓒ চাপ ও তাপমাত্রা Ⓓ পরম শূন্য তাপমাত্রা Ans Ⓒ

Educationblog24.com

Part 4 অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বিগত ...

01. দুইটি এক-পরমাণুক আদর্শ গ্যাস পরস্পরের সাথে তাপীয় সাম্যাবস্থায় আছে। A গ্যাস m ভরের অণু দ্বারা গঠিত, এবং B গ্যাস 4m ভরের অণু দ্বারা গঠিত। A গ্যাসের আয়তন B গ্যাসের আয়তনের দ্বিগুণ। এদের চাপের অনুপাত P_A/P_B কত? [DU-Science : 23-24]
Ⓐ 1/4 Ⓑ 1/2 Ⓒ 1 Ⓓ 2 Ans Ⓑ

02. কোন স্থানের বায়ুর প্রতি একক আয়তনে উপস্থিত জলীয় বাষ্পের ভরকে বলে ওই স্থানের- [RU-C-1 : 23-24]
Ⓐ আর্দ্রতা Ⓑ শিশিরাঙ্ক
Ⓒ পরম আর্দ্রতা Ⓓ আপেক্ষিক আর্দ্রতা Ans Ⓒ

03. একটি সিলিন্ডারে হাইড্রোজেন গ্যাস আছে যার চাপ 249 kPa এবং তাপমাত্রা 27 °C। এর ঘনত্ব কত? (R = 8.3 J/mole] [RU-C-2 : 23-24]
Ⓐ 0.2 kg/m^3 Ⓑ 0.1 kg/m^3
Ⓒ 0.02 kg/m^3 Ⓓ 0.5 kg/m^3 Ans Ⓐ

04. $\frac{PV}{KT}$ রাশিটি বর্ণনা করে- [CU-A : 22-23]
Ⓐ গ্যাসের ভর Ⓑ গ্যাসের গতিশক্তি
Ⓒ গ্যাসের মোল সংখ্যা Ⓓ গ্যাসের মধ্যে অণুর সংখ্যা Ans Ⓓ

05. একটি দ্বি-পরমাণু গ্যাসের দুইটির আপেক্ষিক তাপের অনুপাত (C_p/C_V) হল- [CU-A : 22-23]
Ⓐ 1.29 Ⓑ 1.67 Ⓒ 1.40 Ⓓ 2 Ans Ⓒ

06. একটি গ্যাসের অণুর গড় গতিশক্তি গ্যাসটির পরম তাপমাত্রার- [CU-A : 22-23]
Ⓐ সমানুপাতিক Ⓑ ব্যস্তানুপাতিক
Ⓒ বর্গের সমানুপাতিক Ⓓ বর্গের ব্যস্তানুপাতিক Ans Ⓐ

07. 29°C তাপমাত্রায় 3 g নাইট্রোজেন গ্যাসের মোট গতিশক্তি কত? [নাইট্রোজেনের গ্রাম আণবিক ভর 28 g] [RU-C : 22-23]
Ⓐ 403.33 J Ⓑ 268.88 J Ⓒ 302 J Ⓓ 29 J Ans Ⓐ

08. অসম্পৃক্ত বাষ্পের ক্ষেত্রে কোনটি সঠিক নয়? [RU-C : 22-23]
Ⓐ অসম্পৃক্ত বাষ্প বয়েলের সূত্র মানে।
Ⓑ অসম্পৃক্ত বাষ্প আবদ্ধ স্থানে তৈরি হয়।
Ⓒ তাপমাত্রা বৃদ্ধি করে অসম্পৃক্ত বাষ্পকে সম্পৃক্ত বাষ্পে পরিণত করা যায়।
Ⓓ অসম্পৃক্ত বাষ্প চার্লসের সূত্র মেনে চলে। Ans Ⓒ

09. কোন স্থানের আপেক্ষিক আর্দ্রতা কীসের উপর নির্ভর [illegible]? [RU-C : 22-23]
Ⓐ শিশিরাঙ্ক Ⓑ সান্দ্রতা
Ⓒ সম্পৃক্ত জলীয়বাষ্প চাপ Ⓓ কোনোটিই নয় Ans Ⓒ

10. স্থির চাপে কোন গ্যাসের আয়তন দ্বিগুণ করা হলো। প্রসারণের পূর্বে গ্যাসের তাপমাত্রা 27° C হলে, শেষ তাপমাত্রা কত? [RU-C : 22-23]
Ⓐ 327° C Ⓑ 373° C Ⓒ 600° C Ⓓ 327 K Ans Ⓐ

11. ভ্যানডার ওয়ালসের সমীকরণে কোন রাশির সংশোধন বিদ্যমান? [RU-C : 22-23]
Ⓐ P ও T Ⓑ P ও V
Ⓒ V ও T Ⓓ P, V ও T Ans Ⓑ

12. রাজশাহীর শুষ্ক থার্মোমিটারের তাপমাত্রা 35°C এবং আর্দ্র থার্মোমিটারের তাপমাত্রা 30°C। 35°C তাপমাত্রায় গ্রেইসারের উৎপাদক 1.6 হলে, শিশিরাঙ্ক কত? [RU-C : 22-23]
Ⓐ 29°C Ⓑ 27°C Ⓒ 30°C Ⓓ 28°C Ans Ⓑ

13. একক আয়তন তলের কোন আবদ্ধ গ্যাস পাত্রের দেয়ালে যে চাপ দেয়, তা তার গতি শক্তির- [RU-C : 22-23]
Ⓐ এক চতুর্থাংশ Ⓑ দুই তৃতীয়াংশ
Ⓒ এক তৃতীয়াংশ Ⓓ কোনোটিই নয় Ans Ⓑ

14. কোন গ্যাস অণুর ব্যাস 3×10^{-10} m এবং প্রতি ঘন সেন্টিমিটারে অণুর সংখ্যা 6×10^{29}। স্বাভাবিক তাপমাত্রা ও চাপে অণুগুলোর মূল বর্গবেগ 500 ms^{-1}। NTP-তে গ্যাসের ঘনত্ব কত? [RU-C : 22-23]
Ⓐ 1.22 kgm^{-3} Ⓑ 1 kgm^{-3}
Ⓒ 2 kgm^{-3} Ⓓ 1.5 kgm^{-3} Ans Ⓐ

15. প্রতি ঘন সেন্টিমিটারে অণুর সংখ্যা [illegible] এবং অণু ব্যাসার্ধ 2×10^{-8} m হলে, গড় মুক্ত পথ কত? [RU-C : 22-23]
Ⓐ 9.38×10^{-12} m Ⓑ 9.38×10^{-11} m
Ⓒ 9.38×10^{-10} m Ⓓ 9.38×10^{-9} m

16. ব্রাউনীয় গতিসূত্রের আবিষ্কারক কে? [RU-C : 22-23]
Ⓐ ক্লাসিয়াস Ⓑ আইনস্টাইন
Ⓒ রবার্ট বয়েল Ⓓ এদের কেউ নন

17. গ্যাসের অণুর গড় মুক্তপথ ঘনত্বের- [RU-C : 21-22]
Ⓐ বর্গের সমানুপাতিক Ⓑ সমানুপাতিক
Ⓒ ব্যস্তানুপাতিক Ⓓ বর্গমূলের ব্যস্তানুপাতিক

18. স্থির চাপে নির্দিষ্ট কোনো গ্যাসের আয়তন 0°C তাপমাত্রায় 8 m^3 এবং 25 18 m^3। ঐ গ্যাসটির স্থির চাপে আয়তন প্রসারাঙ্ক কত হবে? [RU-C
Ⓐ 0.025°C^{-1} Ⓑ 0.05°C^{-1} Ⓒ 0.01°C^{-1} Ⓓ 0.04

19. একই আয়তনের দুইটি বায়ুপূর্ণ বেলুনকে ভিন্ন তাপমাত্রায় রাখলে কি C : 21-22]
Ⓐ গ্যাসদ্বয়ের তাপমাত্রা সমান হবে Ⓑ গ্যাসদ্বয়ের চাপ সমান হ
Ⓒ গ্যাসদ্বয়ের চাপ তাদের পরম তাপমাত্রার ব্যস্তানুপাতিক হবে
Ⓓ গ্যাসদ্বয়ের চাপ তাদের পরম তাপমাত্রার সমানুপাতিক হবে

20. একজন কোভিড-19 রোগী হাসপাতালের জরুরী বিভাগে মোট 11.2 লি গ্রহণ করল। সে মোট কতগুলো অক্সিজেন অনু গ্রহণ করল? [RU-C
Ⓐ 6.022×10^{23} Ⓑ 3.011×10^{23}
Ⓒ 2.7×10^{23} Ⓓ 6.022×10^{22}

21. কোন স্থানের একক আয়তনের বায়ুতে উপস্থিত জলীয় বাষ্পের ভরকে [RU-C : 21-22]
Ⓐ আপেক্ষিক আর্দ্রতা Ⓑ শিশিরাংক Ⓒ পরম আর্দ্রতা Ⓓ সাদ্র

22. SI এককে গ্যাসের চাপ কোনটি? [RU-C : 21-22]
Ⓐ N Ⓑ Pa Ⓒ Nm Ⓓ Jk

23. বয়েলের সূত্রে কোন রাশিটি স্থির থাকে? [RU-C : 21-22]
Ⓐ P Ⓑ V Ⓒ T Ⓓ P

24. গ্যাসের চাপ একক আয়তনের গতিশক্তির কত অংশ? [RU-C : 21-2
Ⓐ $\frac{2}{3}$ Ⓑ $\frac{3}{2}$ Ⓒ $\frac{1}{2}$ Ⓓ কোনোটিই

25. কোনো আদর্শ গ্যাসের তাপমাত্রা কেলভিন স্কেলে 4 গুণ বৃদ্ধি অণুগুলোর মূল গড় বর্গবেগ কত গুণ বৃদ্ধি পায়? [DU-A : 20-21]
Ⓐ 4 Ⓑ $\frac{1}{2}$ Ⓒ 2 Ⓓ 1

26. 300 K তাপমাত্রায় একটি আদর্শ গ্যাসের গতিশক্তি কত? [CU-A
Ⓐ 3500 J Ⓑ 3741 J Ⓒ 3650 J Ⓓ 38

27. গ্যাসের গড় মুক্তপথ এবং তাপমাত্রার মধ্যে সম্পর্ক কি? [CU-A : 20
Ⓐ $\lambda \propto T$ Ⓑ $\lambda \propto \frac{1}{T}$ Ⓒ $\lambda \propto \frac{1}{T^2}$ Ⓓ $\lambda \propto \frac{1}{\sqrt{}}$

28. একক চাপে কোন গ্যাসের এক মোলের আয়তন ও গ্যাসটির পর অনুপাত নিচের কোনটি নির্দেশ করে? [RU-C : 20-21]
Ⓐ আণবিক ভর Ⓑ সার্বজনীন গ্যাস ধ্রুবক
Ⓒ গ্যাস ধ্রুবক Ⓓ কোনোটিই নয়

29. কোনটি মিথ্যা? [RU-C : 20-21]
Ⓐ আর্দ্রতামাপক যন্ত্রে দুই থার্মোমিটারের পাঠের পার্থক্য হ্রাস পেলে বা
Ⓑ পর্বতের চূড়ায় বায়ুর চাপ কম, পানির স্ফুটনাঙ্ক কম, তাই রান্না
Ⓒ বর্ষার দিন অপেক্ষা শীতকালে ভেজা কাপড় তাড়াতাড়ি শুকায়
Ⓓ বায়ুর পরম আর্দ্রতা 10^{-2} kg m^{-3} দ্বারা বুঝা যায় যে, আয়তনের বায়ুতে 10 g জলীয় বাষ্প বিদ্যমান

30. চাপ বৃদ্ধি পেলে স্ফুটনাঙ্ক- [RU-C : 20-21]
Ⓐ কমে Ⓑ বাড়ে Ⓒ [illegible]

Educationblog24.com

পদার্থবিজ্ঞান ২য় পত্র

অধ্যায় ১

তাপগতিবিদ্যা

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- পদার্থের যে শাখায় তাপ ও যান্ত্রিক শক্তি নিয়ে আলোচনা করে তাকে তাপগতিবিদ্যা বলে।
- যা দ্বারা বস্তুর তাপমাত্রা পরিমাপ করা যায় তাকে থার্মোমিটার বলে।
- থার্মিস্টর: অর্ধপরিবাহী পদার্থ দ্বারা তৈরি একটি যন্ত্র। এর সাহায্যে বস্তুর তাপমাত্রা বা উষ্ণতা পরিমাপ করা যায়।
- পাইরোমিটার: যে সব থার্মোমিটারের সাহায্যে 500°C এর অধিক তাপমাত্রা পরিমাপ করতে পারা যায়, তাকে পাইরোমিটার বলে। পাইরোমিটার দুই ধরনের যথা: i. পূর্ণ বিকিরণ পাইরোমিটার ii. আলোকীয় পাইরোমিটার
- তাপগতিবিদ্যার ১ম সূত্র: যখন কোনো সিস্টেমে তাপ সরবরাহ করা হয় তখন এর কিছু অংশ সিস্টেমের অভ্যন্তরীন শক্তি বৃদ্ধিতে ব্যয় হয় এবং অবশিষ্ট অংশ বাহ্যিক কাজ সম্পাদন করে।
- যে পরিবর্তনে কোন গ্যাসের চাপের ও আয়তনের পরিবর্তন ঘটে কিন্তু তাপমাত্রা স্থির থাকে তাকে সমোষ্ণ পরিবর্তন বলে।
- যে পরিবর্তনে কোন তাপ বাইরে থেকে সরবরাহ করা হয় না বা গ্যাস হতে অপসারণ করা হয় না কিন্তু গ্যাসের চাপ ও আয়তনের পরিবর্তন ঘটে তাকে রুদ্ধতাপীয় পরিবর্তন বলে।
- কোন বস্তুর একক ভরের তাপমাত্রা 1 ডিগ্রি বৃদ্ধি বা হ্রাস করতে যে তাপের প্রয়োজন হয় তাকেই বস্তুর আপেক্ষিক তাপ বলে।
- কোন বস্তুর তাপমাত্রা 1 ডিগ্রি বাড়াতে যে পরিমাণ তাপের প্রয়োজন হয় তাকে তাপ ধারণ ক্ষমতা বলে।
- গ্যাস দ্বারা সম্পাদিত কাজ =চাপ × আয়তন পরিবর্তন অর্থাৎ, $\Delta W = P\Delta V$
- PV = ধ্রুবক সমীকরণটির লেখচিত্র পরাবৃত্ত
- তাপের যান্ত্রিক সমতার একক সমূহ:
- M.K.S পদ্ধতিতে J = 4186 J/Kcal ; 4.18 J/cal
- C.G.S পদ্ধতিতে $J = 4.2 \times 10^7$ erg/cal
- 1 cal = 4.2×10^7 erg
- F.P.S পদ্ধতিতে J = 778 ft – *lb*/British তাপীয় একক।
- 1 ব্রিটিশ তাপীয় একক = 778 ফুট পাউন্ড
- সেন্টিগ্রেড তাপীয় একক : 1 J =1400 ফুট পাউন্ড/সেন্টিগ্রেড = 1.3567×10^7erg
  1 ফুট পাউন্ড = 1.3567×10^7erg= 1.3567 J
  1 ব্রিটিশ তাপীয় একক = 252 cal
- রুদ্ধতাপীয় প্রক্রিয়ায়: চাপ ও আয়তনের সম্পর্ক = PV^{γ} = ধ্রুবক
- রুদ্ধতাপীয় প্রক্রিয়ায়: আয়তন ও তাপমাত্রার মধ্যে সম্পর্ক- $TV^{\gamma-1}$ = ধ্রুবক
- সিস্টেম 3 প্রকার: i. উন্মুক্ত সিস্টেম ii.বদ্ধ সিস্টেম iii. বিচ্ছিন্ন সিস্টেম
- তাপগতিবিদ্যার ২য় সূত্র :
  ক্লসিয়াসের বিবৃতি: বাইরে কোন শক্তির সাহায্য ছাড়া কোনো স্বয়ংক্রিয় যন্ত্রের পক্ষে নিম্ন তাপমাত্রার কোন বস্তু হতে উচ্চ তাপমাত্রার কোন বস্তুতে তাপের স্থানান্তর সম্ভব নয়।
- প্রত্যাগামী প্রক্রিয়া: যে প্রক্রিয়া বিপরীতমুখী হয়ে প্রত্যাবর্তন করতে পারে তাকে প্রত্যাগামী প্রক্রিয়া বলে।
- অপ্রত্যাগামী প্রক্রিয়া: যে প্রক্রিয়া সম্মুখগামী হবার পর বিপরীতমুখী হয়ে প্রত্যাবর্তন করতে পারে না তাকে অপ্রত্যাগামী প্রক্রিয়া বলে।
- অপ্রত্যাগামী প্রক্রিয়ার এনট্রপির উদাহরণ:
  অপ্রত্যাগামী প্রক্রিয়ায় এনট্রপি বৃদ্ধি পায়। বিশ্ব জগতের অধিকাংশ প্রক্রিয়া অপ্রত্যাগামী। সুতরাং বলা যায় বিশ্বজগতের এনট্রপি বৃদ্ধি পেয়ে অসীম মানের দিকে যাচ্ছে।
- এনট্রপির মাত্রা সমীকরণ $[ML^2T^{-2}K^{-1}]$ এবং একক JK^{-1}
- রেফ্রিজারেটর:
- এই যন্ত্রতে তাপ শীতল বস্তু থেকে উষ্ণ বস্তুতে সঞ্চালিত হয়।
- রেফ্রিজারেন্ট হিসেবে ফ্রেয়ন ব্যবহার করা হয় যার স্ফুটনাঙ্ক ঘরের তাপমাত্রার থেকে কম।
- রেফ্রিজারেটরের 4 টি অংশ আছে: কমপ্রেসার, কনডেন্সার, এক্সপানসার ভল্ব, ইভাপোরেটর।
- কোনো বস্তুর অণুগুলোর গতিশক্তি বৃদ্ধি পেলে তাপমাত্রা– বৃদ্ধি পায়
- ভিন্ন তাপমাত্রার দুটি বস্তুর পরস্পরের সংস্পর্শে থেকে সম তাপমাত্রায় উপনীত হওয়াকে বলা হয়– তাপীয় সমতা
- তাপমাত্রা পরিমাপের সেলসিয়াস স্কেল প্রবর্তন করেন– ভ্যানডার্স সেলসিয়াস
- তাপমাত্রায় প্রচলিত স্কেল– তিনটি
- ফারেনহাইট স্কেলের বরফ বিন্দু– 32 °F
- তাপগতিবিদ্যার কোন সূত্রের উপর ভিত্তি করে থার্মোমিটার তৈরী করা হয়– শূন্যতম সূত্র
- থার্মোকাপল দ্বারা তাপমাত্রা পরিমাপ করা যায়– – 250 °C থেকে 1500 °C
- মানবদেহের তাপমাত্রা পরিমাপের জন্য ব্যবহৃত থার্মোমিটার স্কেলে দাগাঙ্কিত থাকে– ফারেনহাইট
- ফারেনহাইট স্কেল প্রবর্তন করেন– জি.ডি. ফারেনহাইট
- থার্মিস্টরে উষ্ণতামিতিক পদার্থ হিসেবে ব্যবহার করা হয়– অর্ধপরিবাহক
- 1 ক্যালরি = 4.2 জুল
- তাপগতিবিদ্যার প্রথম সূত্র বলা হয়- জুলের সূত্রকে
- বিচ্ছিন্ন সিস্টেম বিনিময় করে না– ভর ও শক্তি
- ধ্রুব আয়তনের প্রক্রিয়ায় কাজের পরিমাপ– শূন্য হয়
- তাপগতিবিদ্যার প্রথম সূত্রে আলোচনা করা হয়– তাপ ও কাজ সম্পর্কে
- যে তাপগতীয় প্রক্রিয়ায় চাপের পরিবর্তন হয় না- সমচাপ প্রক্রিয়া
- যে সমস্ত পরিবর্তন আপনা আপনিই ঘটে সেগুলো– স্বতঃস্ফূর্ত পরিবর্তন
- P-V লেখচিত্রে পথ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল– কৃতকাজ
- সিস্টেম সংলগ্ন পাত্রের দেয়াল তাপ অপরিবাহী হলে প্রক্রিয়াটি– রুদ্ধতাপীয়
- ধ্রুব আয়তনের প্রক্রিয়ায় কাজের পরিমাপ– শূন্য হয়
- যে সমস্ত পরিবর্তন আপনা আপনিই ঘটে সেগুলো– স্বতঃস্ফূর্ত পরিবর্তন
- সাধারণত একটি তাপ ইঞ্জিনের দক্ষতা– 30%
- বাষ্প ইঞ্জিনের দক্ষতা মাত্র– 20% থেকে 25%
- পেট্রোল ইঞ্জিনের দক্ষতা সর্বোচ্চ– 50% এ উন্নীত হয়
- কার্নোর চক্র একটি- প্রত্যাগামী চক্র
- ইঞ্জিনের কর্মদক্ষতা নির্ভর করে- তাপ উৎসের উপর
- এনট্রপি পরিমাণ নির্দেশ করে-বিশৃঙ্খলতার
- পৃথিবীর এনট্রপি ক্রমাগত- বাড়ছে
- রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় বস্তুর যে তাপীয় ধর্ম অপরিবর্তিত থাকে- এনট্রপি
- ইঞ্জিনের দক্ষতা নির্ভর করে- উৎস ও তাপ গ্রাহকের তাপমাত্রার উপর
- যে কোনো দুটি নির্দিষ্ট তাপমাত্রার মধ্যে কার্যরত সকল প্রত্যাগামী ইঞ্জিনের কর্মদক্ষতা– সমান
- তাপ উৎস ও তাপগ্রাহকের মধ্যবর্তী তাপমাত্রার পার্থক্য যত বেশি– ইঞ্জিনের দক্ষতা তত বেশি
- সকল প্রাকৃতিক প্রক্রিয়াই হলো– অপ্রত্যাবর্তী প্রক্রিয়া
- তাপকে কখনই সম্পূর্ণরূপে কাজে রূপান্তর করা সম্ভব নয়, এই সিদ্ধান্ত উপনীত হন– সাদি কার্নো
- কার্নো ইঞ্জিনের সিলিন্ডারের তলদেশ- তাপ পরিবাহক পদার্থের তৈরি
- কার্নো চক্রে কার্যনির্বাহক বস্তুকে- চারটি ধাপ অতিক্রম করতে হয়

Educationblog24.com

প্রয়োজনীয় সূত্রাবলি

❑ তাপমাত্রা সংক্রান্ত :

- $T°C = (T + 273)\ K$
- $t = \frac{P_t - P_0}{P_{100} - P_0} \times 100$
- $t = \frac{V_t - V_0}{V_{100} - V_0} \times 100$
- $t = \frac{E_t - E_0}{E_{100} - E_0} \times 100$
- $\theta = \frac{\theta_t - \theta_0}{\theta_{100} - \theta_0} \times 100$
- $t = \frac{R_t - R_0}{R_{100} - R_0} \times 100$
- $Q = ms\Delta\theta = \frac{1}{2}mv^2 = mgh$
- $m_i l_f + m_i f_w \theta = m_w f_w (\theta' - 0)$

❑ তাপমাত্রা পরিমাপের বিভিন্ন স্কেল সংক্রান্ত :

- $\frac{C}{5} = \frac{F-32}{9} = \frac{K-273}{5} = \frac{R_n - 492}{9} = \frac{R_m}{4}$
- তাপমাত্রার ব্যবধানের ক্ষেত্রে, $5C = 9F = 5K = 4R$

❑ থার্মোমিটার সংক্রান্ত :

- মোট তাপ, $Q = \frac{KA(\theta_1 - \theta_2)t}{d}$
- $\frac{\theta - \theta_{ice}}{N} = \frac{X_\theta - X_{ice}}{X_{steam} - X_{ice}}$
- $\frac{\theta - \text{নিম্ন স্থির বিন্দু}}{\text{ঊর্ধ্ব স্থির বিন্দু} - \text{নিম্ন স্থির বিন্দু}} = \frac{C-0}{100-0} = \frac{F-32}{212-32} = \frac{K-273}{373-273}$
- পানির ত্রৈধ বিন্দুর সাপেক্ষে তাপমাত্রা সংক্রান্ত, $T = \frac{x}{x_{tr}} \times 273.16\ K$
- পারদ থার্মোমিটার: $T = \frac{l}{l_{tr}} \times 273.16\ K$
- স্থির আয়তন গ্যাস থার্মোমিটার: $T = \frac{P}{P_{tr}} \times 273.16\ K$
- স্থির চাপ গ্যাস থার্মোমিটার : $T = \frac{V}{V_{tr}} \times 273.16\ K$
- রোধ থার্মোমিটার : $T = \frac{R}{R_{tr}} \times 273.16\ K$
- তাপযুগল থার্মোমিটার : $T = \frac{E}{E_{tr}} \times 273.16\ K$

❑ রুদ্ধতাপীয় প্রক্রিয়া সংক্রান্ত :

- $P_1V_1^\gamma = P_2V_2^\gamma$
- $T_1V_1^{\gamma-1} = T_2V_2^{\gamma-1}$
- $T_1P_1^{\frac{1-\gamma}{\gamma}} = T_2P_2^{\frac{1-\gamma}{\gamma}}$
- রুদ্ধতাপীয় প্রসারণে কৃতকাজ, $W = C_v(T_1 - T_2)$ [1 মোল গ্যাসের
- রুদ্ধতাপীয় প্রসারণে কৃতকাজ, $W = \frac{R}{1-\gamma}(T_2 - T_1)$
- রুদ্ধতাপীয় সংকোচনে কৃতকাজ, $W = -\frac{R}{\gamma - 1}(T_2 - T_1)$

❑ ইঞ্জিনের দক্ষতা সংক্রান্ত :

- ইঞ্জিনের দক্ষতা, $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\% = \left(1 - \frac{Q_2}{Q_1}\right) \times 100\%$
- কৃতকাজ, $W = \eta \times Q_1 = Q_1 - Q_2$
- রেফ্রিজারেটরের কার্যকর সহগ, $COP = \frac{Q_2}{Q_1 - Q_2} = \frac{Q_2}{W} = \frac{T_2}{T_1 - T_2}$

❑ এনট্রপি সংক্রান্ত :

- ধ্রুব তাপমাত্রায় এনট্রপির পরিবর্তন, $dS = \frac{dQ}{T}$; $dQ = mL_f = mL$
- তাপমাত্রা পরিবর্তনের ক্ষেত্রে, $dS = \int_{T_1}^{T_2} dQ/T = ms\ In\left(\frac{T_2}{T_1}\right)$
- অপ্রত্যাগামী প্রক্রিয়ায় এনট্রপির মোট পরিবর্তন, $\Delta S = \left(\frac{Q_2}{T_2} - \frac{Q_1}{T_1}\right)$

Part 2 সম্ভাব্য গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. সুপারকন্ডাকটর সাধারণ কন্ডাকটরের চেয়ে বেশি সুশৃঙ্খল। যদি সুপারকন্ডাকটর এবং সাধারণ কন্ডাকটর অবস্থায় এনট্রপি যথাক্রমে S_s এবং S_n হয় তবে নিম্নের কোনোটিই সঠিক?
Ⓐ $S_s = S_n$ Ⓑ $S_s > S_n$
Ⓒ $S_s < S_n$ Ⓓ $S_s \geq S_n$ Ans Ⓒ

02. রুদ্ধতাপীয় পদ্ধতিতে চাপ P এবং আয়তন V এর মধ্যে সম্পর্ক হল?
Ⓐ $PV = constant$ Ⓑ $PV^\gamma = constant$
Ⓒ $VP^\gamma = constant$ Ⓓ $(PV)^\gamma = constant$ Ans Ⓑ

03. তাপমাত্রা পরিমাপের জন্য অর্ধপরিবাহী দ্বারা তৈরি তাপ সুবেদী রোধককে বলা হয়-
Ⓐ থার্মোমিটার Ⓑ থার্মিস্টর
Ⓒ পাইরোমিটার Ⓓ রোধ থার্মোমিটার Ans Ⓑ

04. দুটি বস্তুর ঘর্ষণের ফলে তাপ উৎপন্ন হয়, এটি একটি-
Ⓐ প্রত্যাবর্তী প্রক্রিয়া Ⓑ অপ্রত্যাবর্তী প্রক্রিয়া
Ⓒ রুদ্ধতাপীয় প্রক্রিয়া Ⓓ সমোষ্ণ প্রক্রিয়া Ans Ⓑ

05. আপেক্ষিক তাপের S.I একক হচ্ছে-
Ⓐ $kg\ K^{-1}$ Ⓑ Jkg^2K^{-1}
Ⓒ $Jkg^{-1}K^{-1}$ Ⓓ $J^{-2}kgK^{-1}$ Ans Ⓒ

06. বরফের আপেক্ষিক তাপ হলো-
Ⓐ $210\ J\ kg^{-1}K^{-1}$ Ⓑ $2100\ Jkg^{-1}K^{-1}$
Ⓒ $4200\ J\ kg^{-1}K^{-1}$ Ⓓ $140\ Jkg^{-1}K^{-1}$ Ans Ⓑ

07. যে যন্ত্রের সাহায্যে তাপ পরিমাপ করা হয়-
Ⓐ থার্মিস্টার Ⓑ পাইরোমিটার
Ⓒ থার্মোমিটার Ⓓ ক্যালোরিমিটার

08. তাপগতিবিদ্যার প্রথম সূত্র প্রকৃতপক্ষে-
Ⓐ ভরবেগের নিত্যতার সূত্র Ⓑ শক্তির নিত্যতার সূত্র
Ⓒ ভরের নিত্যতার সূত্র Ⓓ তাপমাত্রা নির্ধারণের সূত্র

09. তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র হতে পাওয়া যায়-
Ⓐ শক্তির সংরক্ষণশীলতা Ⓑ জড়তার ধারণা
Ⓒ দশা পার্থক্য Ⓓ এনট্রপির ধারণা

10. তাপ ধারণ ক্ষমতার এস.আই একক কোনটি?
Ⓐ $Jkg^{-1}K^{-1}$ Ⓑ Jkg^{-1}
Ⓒ JK^{-1} Ⓓ $Jmol^{-1}K^{-1}$

11. তাপগতিবিদ্যার শূন্যতম সূত্র সংজ্ঞায়ন করে-
Ⓐ work Ⓑ pressure
Ⓒ temperature Ⓓ internal energy

12. নাইট্রোজেন গ্যাসের ক্ষেত্রে γ এর মান কত?
Ⓐ 1.67 Ⓑ 1.4
Ⓒ 1.33 Ⓓ 1.28

13. শুষ্ক বায়ু বলতে বোঝায়-
Ⓐ শিশিরাঙ্ক 0°C Ⓑ শিশিরাঙ্ক 1°C
Ⓒ আপেক্ষিক আর্দ্রতা 0% Ⓓ আপেক্ষিক আর্দ্রতা 1%

Educationblog24.com

14. কোন তাপমাত্রায় সেন্টিগ্রেড ও ফারেনহাইট স্কেলে একই পাঠ দেয়?
Ⓐ –40°C Ⓑ –30°F
Ⓒ 40°C Ⓓ 40°F Ans Ⓐ

15. 0 K = ? °C
Ⓐ 0°C Ⓑ 32°C
Ⓒ 273°C Ⓓ – 273°C Ans Ⓓ

16. কোনো সিস্টেম পরিবেশ থেকে 800 J তাপশক্তি শোষণ করায় এর অন্তঃ শক্তি 500 J বৃদ্ধি পায়। সিস্টেম দ্বারা পরিবেশের উপর কৃতকাজের পরিমাণ কত?
Ⓐ 200 J Ⓑ 400 J
Ⓒ 1500 J Ⓓ 300 J Ans Ⓓ

17. 30°C তাপমাত্রায় কোন গ্যাসের উপর রুদ্ধতাপ প্রক্রিয়ায় চাপ দ্বিগুণ করা হল। তাপমাত্রা বৃদ্ধি নির্ণয় কর।
Ⓐ 66.36 K Ⓑ 369.36 K
Ⓒ 67.36 K Ⓓ 97.66 K Ans Ⓐ

18. 15°C তাপমাত্রার হিলিয়াম গ্যাসের আয়তন হঠাৎ 8 গুণ বৃদ্ধি করা হলে তাপমাত্রা হবে- [$\gamma = 5/3$]
Ⓐ 120°C Ⓑ – 120°C
Ⓒ – 201°C Ⓓ 201°C Ans Ⓒ

19. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায়-
Ⓐ $dU = 0$ Ⓑ $dQ = 0$
Ⓒ $dV = 0$ Ⓓ সবগুলো Ans Ⓑ

20. রুদ্ধতাপীয় পরিবর্তনের জন্য নিচের কোনোটিই সঠিক?
Ⓐ $PV^{\gamma+1} = C$ Ⓑ $TV^{\gamma-1} = C$
Ⓒ $PV = C$ Ⓓ $PT^{\gamma} = C$ Ans Ⓑ

21. রুদ্ধতাপীয় পরিবর্তনের ক্ষেত্রে কোন সম্পর্কটি সঠিক?
Ⓐ $PT^{\frac{1-\gamma}{\gamma}}$ Ⓑ $TP^{\frac{\gamma}{\gamma-1}}$
Ⓒ $PT^{\frac{\gamma}{1-\gamma}}$ Ⓓ $TP^{\frac{1-\gamma}{\gamma}}$ Ans Ⓓ

Part 3 BUP বিগত বছরের প্রশ্নোত্তর

01. তাপমাত্রা সেলসিয়াস স্কেলে 5° পরিবর্তন হলে ফারেনহাইট স্কেলে পরিবর্তন হবে? [BUP-FST : 23-24]
Ⓐ 41° Ⓑ 9°
Ⓒ 37° Ⓓ 5° Ans Ⓑ

02. রুদ্বতাপীয় প্রক্রিয়ায় 13°C তাপমাত্রায় কোনো নির্দিষ্ট পরিমাণ গ্যাস হঠাৎ প্রসারিত হয়ে আয়তন দ্বিগুণ লাভ করে। চূড়ান্ত তাপমাত্রা কত?[$\gamma = 1.40$]
Ⓐ 218° 14 K Ⓑ 225.75 K
Ⓒ 226 K Ⓓ 216.74 K Ans Ⓓ

03. কত ডিগ্রি তাপমাত্রায় সেলসিয়াস স্কেলে ও ফারেনহাইট স্কেলের পাঠ সমান? [BUP-FST : 22-23]
Ⓐ – 40° C Ⓑ 273° C
Ⓒ – 40 K Ⓓ – 42° C Ans Ⓐ

04. একটি ইঞ্জিনের দক্ষতা 40%। গ্রাহকের তাপমাত্রা 30°C হলে উৎসের তাপমাত্রা কত? [BUP-FST : 21-22]
Ⓐ 323°C Ⓑ 505°C
Ⓒ 232°C Ⓓ 322°C Ans Ⓒ

05. রেফ্রিজারেটর ও তাপ ইঞ্জিন তাপ গতিবিদ্যার কোন সূত্র মেনে চলে? [BUP-FST : 20-21]
Ⓐ ১ম সূত্র Ⓑ ২য় সূত্র
Ⓒ শূন্যতম সূত্র Ⓓ কার্নোচক্র Ans Ⓑ

06. 40% দক্ষতা সম্পন্ন কার্নো ইঞ্জিনের সিঙ্কের তাপমাত্রা 7°C হলে উৎসের তাপমাত্রা কত? [BUP-FST : 20-21]
Ⓐ 193.66°C Ⓑ 466.66°C
Ⓒ 213.33°C Ⓓ 266.5°C Ans Ⓐ

07. কত ডিগ্রি তাপমাত্রায় °C ও °F স্কেল একই পাঠ দেয়? [BUP-FST : 19-20]
Ⓐ 180° Ⓑ – 40°
Ⓒ –273 Ⓓ 546 Ans Ⓑ

08. তাপগতিবিদ্যার কোন সূত্রের উপর ভিত্তি করে থার্মোমিটার তৈরি করা হয়? [BUP-FST : 19-20]
Ⓐ তাপগতিবিদ্যার শূন্যতম সূত্র Ⓑ তাপগতিবিদ্যার ১ম সূত্র
Ⓒ তাপগতিবিদ্যার ২য় সূত্র Ⓓ তাপগতিবিদ্যার ৩য় সূত্র Ans Ⓐ

09. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় কোন ভৌত রাশি স্থির থাকে? [BUP-FST : 18-19]
Ⓐ তাপমাত্রা Ⓑ চাপ
Ⓒ এনট্রপি Ⓓ অভ্যন্তরীন শক্তি Ans Ⓒ

10. কোন বস্তুর তাপমাত্রা 32°F হলে, কেলভিন স্কেলে এ তাপমাত্রা কত হবে? [BUP-FST : 18-19]
Ⓐ 290.8 K Ⓑ 305 K
Ⓒ 273 K Ⓓ 32° K Ans Ⓒ

11. একটি দ্বি-পরমাণু বিশিষ্ট গ্যাসের ক্ষেত্রে $\frac{C_P}{C_v}$ হলো- [BUP-FST : 18-19]
Ⓐ 1.67 Ⓑ 1.4
Ⓒ 1.33 Ⓓ 1.11 Ans Ⓑ

12. একটি ত্রুটিপূর্ণ থার্মোমিটার প্রমাণ চাপে গলিত বরফে 2°C এবং শুষ্ক বাষ্পে 98°C পাঠ দেয়। থার্মোমিটার 30°C পাঠ দিলে প্রকৃত তাপমাত্রা কত? [BUP-FST : 17-18]
Ⓐ 29.2°C Ⓑ 29.26°C
Ⓒ 29°C Ⓓ 29.16°C Ans Ⓓ

13. একটি জলপ্রপাতে 100 মিটার উপর হতে পানি নিচে পতিত হয়। উপরের ও নিচের পানির তাপমাত্রার পার্থক্য কত? [BUP-FST : 17-18]
Ⓐ 0.123°C Ⓑ 0.234°C
Ⓒ 0.345°C Ⓓ কোনটিই নয় Ans Ⓑ

14. নিচের চিত্রটি ব্যাখ্যা করে- [BUP-FST : 15-16]



Ⓐ সমোষ্ণ পরিবর্তন
Ⓑ রুদ্ধতাপীয় পরিবর্তন
Ⓒ রুদ্ধতাপীয় পরিবর্তনে আয়তন ও তাপমাত্রার মধ্যে সম্পর্ক
Ⓓ রুদ্ধতাপীয় রেখা সমোষ্ণ রেখার চেয়ে খাড়া Ans Ⓓ

Educationblog24.com

01. STP-তে একটি আদর্শ গ্যাসকে প্রথমে তার প্রাথমিক আয়তনের এক-তৃতীয়াংশে সংকুচিত করা হয়, এবং তারপর প্রসারিত হতে দেওয়া হয় যতক্ষণ না তার চাপ প্রাথমিক চাপের অর্ধেক হয়। উভয় প্রক্রিয়ায় গ্যাসের তাপমাত্রা স্থির থাকে। যদি গ্যাসের প্রাথমিক অভ্যন্তরীণ শক্তি U হয়ে থাকে তাহলে এর চূড়ান্ত অভ্যন্তরীণ শক্তি কত? [DU-Science : 23-24]
Ⓐ U/3 Ⓑ U/2 Ⓒ U Ⓓ 2U/3 Ans Ⓒ

02. গৃহীত তাপ Q_1 এবং বর্জিত তাপ Q_2 হলে তাপীয় ইঞ্জিনের দক্ষতা কত? [CU-A : 23-24]
Ⓐ $\eta = 1 - \frac{Q_2}{Q_1}$ Ⓑ $\eta = 1 + \frac{Q_2}{Q_1}$
Ⓒ $\eta = 1 - \frac{Q_1}{Q_2}$ Ⓓ $\eta = 1 + \frac{Q_1}{Q_2}$ Ans Ⓐ

03. শক্তির সংরক্ষণ সূত্রটি তাপগতিবিদ্যার কোন সূত্রের সাহায্যে ব্যাখ্যা করা যায়? [RU-C-1 : 23-24]
Ⓐ শূন্যতম সূত্র Ⓑ প্রথম সূত্র
Ⓒ দ্বিতীয় সূত্র Ⓓ তৃতীয় সূত্র Ans Ⓑ

04. একটি রেফ্রিজারেটরের কর্মসম্পাদন সহগ 2। এটি শীতল তাপাধার হতে প্রতি চক্রে 300 J তাপ গ্রহণ করলে সম্পাদিত কাজের পরিমাণ কত? [RU-C-2 : 23-24]
Ⓐ 150 J Ⓑ 600 J Ⓒ 302 J Ⓓ 289 J Ans Ⓐ

05. কোনো বিচ্ছিন্ন সিস্টেমের চূড়ান্ত অবিচল অবস্থাকে —— বলে। [RU-C-3 : 23-24]
Ⓐ তাপগতীয় স্থানাঙ্ক Ⓑ তাপগতীয় প্রক্রিয়া
Ⓒ অভ্যন্তরীণ শক্তি Ⓓ তাপগতীয় সাম্যাবস্থা Ans Ⓓ

06. একটি নির্দিষ্ট পরিমাণ শুষ্ক বায়ুকে সমোষ্ণ প্রক্রিয়ায় সংকুচিত করে আদি আয়তনের অর্ধেক করা হলে চূড়ান্ত চাপ কত হবে? [RU-C-3 : 23-24]
Ⓐ আদি চাপের সমান Ⓑ আদি চাপের দ্বিগুণ
Ⓒ আদি চাপের বেশি Ⓓ কোনোটিই নয় Ans Ⓑ

07. একটি তাপ ইঞ্জিনের কার্যকর পদার্থ 200°C তাপমাত্রার উৎস থেকে 1000 J তাপ গ্রহণ করে এবং 305 K তাপমাত্রায় তাপগ্রাহকে 600 J তাপ বর্জন করলে এর দক্ষতা কত হবে? [RU-C-4 : 23-24]
Ⓐ 40% Ⓑ 50% Ⓒ 60% Ⓓ 35% Ans Ⓐ

08. কেলভিন স্কেলে এমন একটি তাপমাত্রা বের কর যা সেলসিয়াস স্কেলে ফারেনহাইট স্কেলের 5 গুণ। [RU-C-4 : 23-24]
Ⓐ 240 K Ⓑ 245 K Ⓒ 253 K Ⓓ 255 K Ans Ⓒ

09. প্রকৃতিতে "তাপমাত্রা" নামক তাপগতীয় চলরাশির পরিচয় পাওয়া যায় কোন সূত্র থেকে? [RU-C : 22-23]
Ⓐ তাপগতিবিদ্যার শূন্যতম সূত্র Ⓑ তাপগতিবিদ্যার প্রথম ও দ্বিতীয় সূত্র
Ⓒ তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র Ⓓ তাপগতিবিদ্যার প্রথম সূত্র Ans Ⓐ

10. সূর্যের পৃষ্ঠের তাপমাত্রা 6000 K হলে, ফারেনহাইট স্কেলে এর মান কত? [RU-C : 22-23]
Ⓐ 10340.6°F Ⓑ 10000.6°F
Ⓒ 10500.8°F Ⓓ 10600.6°F Ans Ⓐ

11. 0° সেন্টিগ্রেড তাপমাত্রায় 273 গ্রাম বরফকে একই তাপমাত্রায় পানিতে পরিণত করা হলো। এন্ট্রপির পরিবর্তন কত? [বরফ গলনের সুপ্ততাপ = 80 ক্যালরি/গ্রাম] [RU-C : 22-23]
Ⓐ 273 ক্যালরি/কেলভিন Ⓑ 80 ক্যালরি/কেলভিন
Ⓒ 3.4125 ক্যালরি/কেলভিন Ⓓ 0.293 ক্যালরি/কেলভিন Ans Ⓑ

12. 27°C এবং 127°C তাপমাত্রার মধ্যে কার্যকর একটি কার্নো ইঞ্জিনে 1000 J তাপশক্তি সরবরাহ করা হলে, ইঞ্জিনটি কতটুকু তাপশক্তিকে কাজে রূপান্তরিত করতে পারবে? [RU-C : 22-23]
Ⓐ 500 J Ⓑ 250 J
Ⓒ 750 J Ⓓ কোনোটিই নয় Ans Ⓑ

13. তাপ গতিবিদ্যার কোন সূত্রকে ভিত্তি করে থার্মোমিটার তৈরি করা হয়? [RU-C : 22-23]
Ⓐ শূন্যতম সূত্র Ⓑ প্রথম সূত্র
Ⓒ দ্বিতীয় সূত্র Ⓓ তৃতীয় সূত্র Ans Ⓐ

14. এন্ট্রপির SI একক কোনটি? [RU-C : 22-23]
Ⓐ JK Ⓑ J^2K Ⓒ KJ^{-1} Ⓓ JK^{-1}

15. বরফ বিন্দু ও বাষ্প বিন্দুর মধ্যে কর্মক্ষম একটি কার্নো ইঞ্জিনের দক্ষতা- [CU-A : 22-23]
Ⓐ 100% Ⓑ 0% Ⓒ 26.81% Ⓓ 16.81%

16. তাপ পরিবাহীতাঙ্ক (Thermal Conductivity)-এর একক কোনটি? [CU-A : 22-23]
Ⓐ $Jsm^{-1}K$ Ⓑ $Js^{-1}m^{-1}K^{-1}$
Ⓒ $Js^{-1}m^{-1}K$ Ⓓ $Js^{-1}mK^{-1}$

17. 0°C-এর 1 gm বরফ 0°C-এর 1 gm পানিতে রূপান্তরিত হতে বৃদ্ধির পরিমাণ- [CU-A : 22-23]
Ⓐ 0.239 cal/K Ⓑ 0.392 cal/K
Ⓒ 0.329 cal/K Ⓓ 0.293 cal/K

18. কত তাপমাত্রা সেলসিয়াস স্কেল ও ফারেনহাইট স্কেলে অভিন্ন হবে? [CU-A : 22-23]
Ⓐ −35° Ⓑ −40° Ⓒ −42° Ⓓ −45°

19. ফারেনহাইট স্কেলে পরম শূন্য তাপমাত্রার (Absolute temperature) অনুরূপ তাপমাত্রা – [CU-A : 22-23]
Ⓐ −455° F Ⓑ −460° F
Ⓒ −465° F Ⓓ −470° F

20. একটি কার্নো ইঞ্জিন 227°C এবং 127°C তাপমাত্রার মধ্যে কাজ করে। ইঞ্জিন কর্তৃক কৃত কাজের পরিমাণ 500 J হয়, তবে তাপ গ্রাহকে প্রদত্ত তাপের পরিমাণ কত হবে? [DU-A : 22-23]
Ⓐ 2000 J Ⓑ 1500 J Ⓒ 500 J Ⓓ 1000 J

21. একটি আদর্শ গ্যাসের ক্ষেত্রে $\frac{C_p}{C_v} = x$ হলে, নিচের কোন সম্পর্কটি ঐ গ্যাসের এক মোলের জন্য সঠিক? [DU-A : 22-23]
Ⓐ $C_v = (x - 1)R$ Ⓑ $C_v = \frac{R}{(x-1)}$
Ⓒ $C_v = \frac{R}{(1-x)}$ Ⓓ $C_v = \frac{R}{(1+x)}$

22. পরমশূন্য তাপমাত্রা কোনটি? [CU-A : 21-22]
Ⓐ 0 °F Ⓑ 0 °C Ⓒ 0 °Re Ⓓ 0 K

23. পানিভর্তি গ্লাসে এক টুকরো বরফ ভাসমান রয়েছে। বরফ গলার পর পানির লেভেল- [CU-A : 21-22]
Ⓐ উপরে উঠবে Ⓑ প্রথমে উপরে উঠবে পরে নিচে নামবে
Ⓒ একই থাকবে Ⓓ নিচে নামবে

24. নিচের কোনটি তাপগতিবিদ্যার প্রথম সূত্র? [CU-A : 21-22]
Ⓐ $q = \Delta E - w$ Ⓑ $\Delta H = q + w$
Ⓒ $\Delta E = \Delta H + P\Delta V$ Ⓓ $\Delta E = P\Delta V$

25. তাপ পরিবহন প্রক্রিয়ায় যেখানে কণার প্রকৃত স্থানান্তরের সাথে তাপ স্থানান্তর হয়, তা কী নামে পরিচিত? [RU-C : 21-22]
Ⓐ সঞ্চালন Ⓑ পরিচলন
Ⓒ বিকিরণ Ⓓ প্রতিফলন

26. পরমশূন্য তাপমাত্রার মান ফারেনহাইট স্কেলে কত? [RU-C : 21-22]
Ⓐ −270°F Ⓑ 0°F
Ⓒ 450°F Ⓓ কোনোটিই নয়

27. গ্যাসের মত কঠিন পদার্থে দুইটি আপেক্ষিক তাপ দরকার নেই, কারণ- [RU-C : 21-22]
Ⓐ কঠিন পদার্থের আপেক্ষিক তাপ পরিমাপ করা যায় না
Ⓑ তাপমাত্রার পরিবর্তনে কঠিন পদার্থের আয়তন বা চাপের নগণ্য পরিবর্তন ঘটে
Ⓒ কঠিন পদার্থ তাপ গ্রহণ করতে পারে না
Ⓓ কোনটিই নয়

28. প্রত্যাবর্তী রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় যে ভৌত রাশি স্থির থাকে তাকে কী বলে? [RU-C : 21-22]
Ⓐ চাপ Ⓑ আয়তন
Ⓒ এনট্রপি Ⓓ তাপমাত্রা

Educationblog24.com

পদার্থবিজ্ঞান ২য় পত্র

অধ্যায় ২

স্থির তড়িৎ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- তড়িৎ 2 রকমের (i) স্থির তড়িৎ (ii) চল তড়িৎ।
- কাচদন্ডে রেশম ঘষলে কাচদন্ডে ধনাত্মক আধান সৃষ্টি হয়।
- কুলম্ব বল নির্ভর করে: i. আধানদ্বয়ের পরিমাণের উপর। ii. মধ্যবর্তী দূরত্বের উপর iii. মাধ্যমের প্রকৃতির উপর।
- ϵ_0 হল শূন্য মাধ্যমের ভেদনযোগ্যতা। এর মান $8.854 \times 10^{-12}\ C^2N^{-1}m^{-2}$
- একটি চার্জিত বস্তুকে একটি অচার্জিত বস্তুর নিকটে এনে চার্জিত বস্তুর প্রভাবে অচার্জিত বস্তুকে ক্ষণস্থায়ীভাবে চার্জিত করার পদ্ধতিকে তড়িৎ আবেশ বলে।
- বিজ্ঞানী স্টিফেন তড়িৎ আবেশ আবিষ্কার করেন।
- আহিত বা চার্জিত বস্তুর আকার যখন খুবই ক্ষুদ্র হয় তখন ঐ চার্জিত বস্তুর চার্জকে বিন্দু চার্জ বলে।
- কোন পরিবাহীর বিভব এক ভোল্ট বৃদ্ধি করতে যদি 1 C চার্জের প্রয়োজন হয় তবে তার ধারকত্বকে 1 ফ্যারাড বলে। $C = \frac{Q}{V} = \frac{1\ C}{1\ V}$
- দুটি সমধর্মী ও সম-পরিমাণ বিন্দু চার্জ শূন্য বা বায়ু মাধ্যমে 1 m দূরে থেকে 9×10^9 N বল দ্বারা বিকর্ষণ করলে তাদের প্রত্যেককে 1 C চার্জ বলে।
- পাশাপাশি স্থাপিত দুটি পরিবাহীর মাঝখানে একটি অন্তরক পদার্থ রেখে তড়িৎ আধানরূপে শক্তি সঞ্চয় করার যান্ত্রিক কৌশলকে ধারক বলে।
- কোন একটি পরিবাহীর এক একক বিভব বৃদ্ধিতে প্রয়োজনীয় চার্জের পরিমাণকে তার ধারকত্ব বলে।
- চার্জ: কোন বস্তুতে ইলেকট্রনের ঘাটতি বা আধিক্য হলে ঐ বস্তু যে শক্তি লাভ করে তাকে চার্জ বলে, অথবা পদার্থ সৃষ্টিকারী মৌলিক কণাসমূহের মৌলিক ও বৈশিষ্ট্যমূলক ধর্মকেই আধান বা চার্জ বলে।
- চার্জের তলমাত্রিক ঘনত্ব: কোন চার্জিত পরিবাহীর পৃষ্ঠের যে কোন বিন্দুর চতুর্দিকে একক ক্ষেত্রফলে যে পরিমাণ চার্জ বর্তমান থাকে তাকে ঐ বিন্দুতে ঐ পরিবাহীর চার্জের তলমাত্রিক ঘনত্ব বলে। একে "σ" দ্বারা প্রকাশ করা হয়।

চার্জের তলমাত্রিক ঘনত্ব $= \frac{\text{চার্জের পরিমাণ}}{\text{পরিবাহীর বাইরের পৃষ্ঠের ক্ষেত্রফল}}$ অর্থাৎ, $\sigma = \frac{Q}{A}$

- বৈদ্যুতিক বিভব: অসীম দূরত্ব হতে একক ধনাত্মক চার্জকে বৈদ্যুতিক ক্ষেত্রের কোন বিন্দুতে আনতে যে কাজ সম্পন্ন হয় তাকে ঐ বিন্দুর বিভব বলে। এটি একটি অদিক রাশি। কাজ = বিভব × চার্জ। বিভব ধনাত্মক বা ঋণাত্মক হতে পারে। ধনাত্মক চার্জের জন্য বিভব ধনাত্মক হবে এবং ঋণাত্মক চার্জের জন্য বিভব ঋণাত্মক হবে।
- যেসকল পদার্থের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ চলতে পারে না , তাদেরকে অপরিবাহী বা অন্তরক পদার্থ বলে।
- দুটি বিন্দু চার্জের মধ্যবর্তী স্থান শূন্য বা বায়ু মাধ্যম ভিন্ন অন্য কোন অপরিবাহী বা অন্তরক মাধ্যম হলে বিন্দু চার্জ দুটিকে পরস্পর হতে বিচ্ছিন্ন রাখে। এরূপ মাধ্যমকে ডাই ইলেকট্রিক মাধ্যম বলে।
- বিদ্যুৎ আবিষ্কারের ইতিহাস:

সন	বিজ্ঞানীর নাম	আবিষ্কার
600 খ্রিষ্টপূর্বাব্দ	থেলিস	সর্বপ্রথম বিদ্যুতের অস্তিত্ব।
	ডাঃ গীলবার্ট	যে কোন দুটি বস্তু ঘর্ষণ করলে বিদ্যুৎ উৎপন্ন হয়।
	বেঞ্জামিন ফ্রাংকলিন	ধনাত্মক/ ভিট্রিয়াস এবং ঋণাত্মক/ রেসিনাস চার্জের নামকরণ।
	স্যার উইলিয়াম ওয়াটসন	বিদ্যুৎ সংক্রান্ত এক পরিবাহী তথ্যের অবতারণা
	লরেঞ্জ	বিদ্যুৎ সংক্রান্ত মতবাদ
	কুলম্ব	বিন্দু চার্জের জন্য কুলম্ব সূত্র
	ফ্যারাডে	বিদ্যুৎ সংক্রান্ত মতবাদ
	ম্যাক্সওয়েল	বেতার তরঙ্গের উদ্ভাবন

- আবেশী ও আবিষ্ট বস্তু: যে বস্তুর চার্জের প্রভাবে অন্য বস্তুটি চার্জিত হয় তাকে আবেশী বস্তু এবং যে বস্তুতে চার্জ উৎপন্ন হয় তাকে আবিষ্ট বস্তু বলে এবং এদের চার্জকে যথাক্রমে আবেশী ও আবিষ্ট চার্জ বলে।
- তড়িৎ ফ্লাক্স: কোনো তলের ক্ষেত্রফল এবং ঐ তলের লম্ব বরাবর তড়িৎ ক্ষেত্রের উপাংশের গুণফলকে ঐ তলের সাথে সংশ্লিষ্ট তড়িৎ ফ্লাক্স বলে।
  তড়িৎ ফ্লাক্স ϕ = তলের ক্ষেত্রফল (S) × তড়িৎক্ষেত্র (E)
- গাউসের সূত্র: (গণিতবিদ কার্ল এফ গাউস এই সূত্র প্রদান করেন)
  কোনো তড়িৎ ক্ষেত্রে কোনো বদ্ধ কল্পিত তলের (গাউসীয় তল) তড়িৎ ফ্লাক্সের ϵ_0 গুণ হবে ঐ তল দ্বারা আবদ্ধ মোট তড়িতাধানের সমান।
  $\epsilon_0\phi = q$
- তড়িৎ দ্বিমেরু (Electric Dipole): দুটি সমপরিমাণ কিন্তু বিপরীতধর্মী বিন্দু চার্জ পরস্পরের খুব কাছাকাছি অবস্থান করলে 1টি তড়িৎ দ্বিমেরু গঠিত হয়।
  তড়িৎ দ্বিমেরুর ভ্রামক, $P = q \times 2l$ = চার্জের পরিমাণ × দূরত্ব
  তড়িৎ দ্বিমেরুর জন্য তড়িৎ ক্ষেত্র প্রাবল্য, $E = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{P}{r^3}$
  তড়িৎ দ্বিমেরুর জন্য তড়িৎ বিভব, $V_p = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{P\cos\theta}{r^2}$
- চার্জের কোয়ান্টায়ন: প্রকৃতির কোন বস্তুর মোট চার্জের পরিমাণ হবে ইলেকট্রন বা প্রোটনের চার্জের পূর্ণ সংখ্যক গুণিতক, একে চার্জের কোয়ান্টায়ন বলে।
  ∴ কোনো বস্তুর চার্জ, $q = \pm ne$
- সকল চার্জিত বস্তুর মধ্যে বিদ্যমান চার্জ ইলেকট্রনের চার্জের গুণিতক- চার্জের কোয়ান্টায়ন
- কুলম্বের সূত্র কেবলমাত্র প্রযোজ্য- বিন্দু চার্জের জন্য
- আধানের গতিশীলতা নির্ধারিত হয়- বিভব দ্বারা
- উচ্চ বিভব থেকে নিম্ন বিভবের দিকে চলে- ধনাত্মক আধান
- কোনো আধান স্থাপন করলে সেটি কোনো বল অনুভব করে না- নিরপেক্ষ বিন্দুতে
- ধনাত্মক আধানের আহিত বস্তুকে ভূমির সাথে সংযুক্ত করলে- নিষ্তড়িত হবে
- তড়িৎ ক্ষেত্রে বলের ও চার্জের মানের ভাগফল হলো তড়িৎক্ষেত্রের- প্রাবল্য
- তড়িৎ পরিবাহীর পৃষ্ঠে বিভব পার্থক্য- থাকে না
- তড়িৎ বিভব একটি- স্কেলার রাশি
- তড়িৎ বলরেখা একটি সমবিভব তলকে- লম্বভাবে ছেদ করে
- বিভবান্তর ও তড়িৎ প্রাবল্যের মধ্যকার সম্পর্ক- $V = Ed$
- কোন চার্জিত তলের সকল বিন্দুতে বিভব সমান হলে- সমবিভব তল
- গোলকীয় তল একটি- সমবিভব তল
- দুটি সমশক্তির চৌম্বক মেরু খুব কাছাকাছি স্থাপন করলে গঠিত হয়- চৌম্বক দ্বিমেরু
- তড়িৎ মাধ্যম- 3 প্রকার
- যে সব পদার্থের মধ্যদিয়ে চার্জ বা তড়িৎ প্রবাহিত হয় সে গুলো- তড়িৎ মাধ্যম
- তড়িৎক্ষেত্রের প্রাবল্য সমবিভব তল এর সাথে- 90° কোণ তৈরি করে।
- বৈদ্যুতিক যন্ত্রপাতির হাতল- রাবার দিয়ে তৈরি করা উচিত
- তড়িৎ দ্বিমেরুর লম্ব সমদ্বিখন্ডকের উপর কোনো বিন্দুতে তড়িৎ বিভব- 0
- দ্বিমেরু ভ্রামকের একক- কুলম্ব-মিটার
- একটি ফাঁপা চার্জিত ধাতব গোলকের অভ্যন্তরে তড়িৎ প্রাবল্য ও বিভব যথাক্রমে- 0, $\frac{1}{4\pi\epsilon_0}\frac{q}{r}$
- পানির পরাবৈদ্যুতিক ধ্রুবকের মান- 80
- পরিবাহীতে চার্জ সঞ্চিত রাখার যান্ত্রিক প্রক্রিয়ার নাম- ধারক

Educationblog24.com

Educationblog24.com

- ভ্যান মুসচেন আবিষ্কৃত চার্জ সঞ্চিত করার যান্ত্রিক কৌশলটির নাম- লিডেন জ্যার
- এস. আই পদ্ধতিতে ধারকত্বের একক হলো- ফ্যারাড
- কম জায়গায় বেশি তড়িৎ সঞ্চয় করে- ইলেকট্রোলাইটিক ধারক
- পরিবাহীর ক্ষেত্রফল বৃদ্ধি পেলে ধারকত্ব- বাড়বে
- শ্রেণি সমবায়ে যুক্ত ধারকগুলোর মধ্যে কোনটি সমান থাকে- আধানের পরিমাণ
- চার্জিত ধারকের স্থিতিশক্তির সঠিক সমীকরণ- $E = \frac{Q^2}{2C}$
- সমান্তরাল সমবায়ে যুক্ত ধারকগুলোর মধ্যে বিভব পার্থক্য- সমান থাকে
- তড়িৎ ফ্লাক্সের একক- $N\,C^{-1}m^2$
- বেতার যন্ত্রে টিউনের কাজে ব্যবহৃত হয় কোনটি- পরিবর্তনশীল ধারক
- গাউসের সূত্রের গাণিতিক রূপ : $\int \vec{E}.\vec{ds} = \frac{q}{\epsilon_0}$
- ডাই ইলেকট্রিকের ক্রিয়া হলো- ধারকত্ব বাড়ানো
- 'বদ্ধ' কল্পিত তলে অতিক্রমকারী ফ্লাক্স ঐ তল দ্বারা বন্টিত চার্জের- $\frac{1}{\epsilon_0}$ গুণ
- ধারক চার্জিতকরণের ক্ষেত্রে চার্জগুলোর উপর মোট কৃতকাজ- স্থিতিশক্তি রূপে ধারকে সঞ্চিত থাকে
- তল ঘনত্বের সঠিক সমীকরণ- $\sigma = \frac{q}{4\pi r^2}$ (গোলকের ক্ষেত্রে)
- গোলকীয় তলে চার্জ বন্টনের ক্ষেত্রে তড়িৎ ক্ষেত্র নির্ণয় করা যায়- গাউসের সূত্রের সাহায্যে
- চৌম্বক ক্ষেত্রের একক- গাউস
- আবদ্ধ তলের রেখায় রেখাগুলো যদি বহির্মুখী হয় তড়িৎ ফ্লাক্স হবে- ধনাত্মক রাশি
- 5 gauss- 5×10^{-4} T
- কোনো পরিবাহীর বিভব 1 ভোল্ট বাড়াতে 1 কুলম্ব চার্জের প্রয়োজন হলে ঐ পরিবাহীর ধারকত্বের মান- 1 F
- ঘনকোণের একক- স্টেরেডিয়ান
- কুলম্বের সূত্র প্রযোজ্য নয় : অনিক সুজন আবদ্ধ আলোয় গতিশীল হলো

অনিক	সুজন	আবদ্ধ	আলোয়	গতিশীল হলো
↓	↓	↓	↓	↓
অনিয়মিত আকৃতি	সদৃশ	আবদ্ধ চার্জ	আলোর কাছাকাছি বেগ	গতিশীল চার্জ

- ডাইইলেকট্রিক পদার্থ : রবিউল ইসলাম আম্মার কাছে তৈল মাখে।

রবিউল	ইসলাম	আম্মার	কাছে	তৈল	মাখে
↓	↓	↓	↓	↓	↓
রাবার	ইবোনাইট	অ্যাম্বার	কাঁচ	তৈল	মোমে ভেজানো কাগজ

- ধারকত্ব যে সকল বিষয়ের উপর নির্ভর করে : দুঃখী মাসী।

দু	খী	মা	সী
↓	↓	↓	↓
দূরত্ব	ক্ষেত্রফল	মাধ্যম	সান্নিধ্য

- একটি ফাঁপা চার্জিত পরিবাহীর অভ্যন্তরে সর্বত্র, V সমান এবং প্রাবল্য,

গুরুত্বপূর্ণ সূত্রাবলি

☐ তড়িৎ চার্জ ও কুলম্বের সূত্র সংক্রান্ত :

- চার্জের কোয়ান্টায়ন, $q = ne$ [ধনাত্মক বা ঋণাত্মক পূর্ণসংখ্যা]
❒ **ট্রান্সফর্মার:** পরিবর্তী প্রবাহের বিভবকে উচ্চ হতে নিম্নবিভবে বা নিম্ন হতে উচ্চমানের বিভবে পরিবর্তন করে।

প্রকারভেদ: i. আরোহী ট্রান্সফর্মার ii. অবরোহী ট্রান্সফর্মার:

- আরোহীতে বিভব পার্থক্য যে অনুপাতে বৃদ্ধি পায় প্রবাহমাত্রা সেই অনুপাতে হ্রাস পায়।
- অবরোহীতে বিভব পার্থক্য যে অনুপাতে হ্রাস পায় প্রবাহ মাত্রা সেই অনুপাতে বৃদ্ধি পায়।

❒ **ট্রান্সফরমারের দক্ষতা:**

$$\therefore \text{দক্ষতা} = \frac{\text{প্রাপ্ত বৈদ্যুতিক ক্ষমতা}}{\text{প্রযুক্ত বৈদ্যুতিক ক্ষমতা}}$$

$$= \frac{\text{প্রযুক্ত ক্ষমতা} - \text{নষ্ট ক্ষমতা}}{\text{প্রযুক্ত ক্ষমতা}} \times ১০০\%$$

- D.C অপেক্ষা A.C বেশি বিপজ্জনক।

❒ **আকৃতি গুণাঙ্ক :** দিক পরিবর্তী তড়িচ্চালক শক্তি বা প্রবাহের গড় বর্গের বর্গমূল মান ও গড় মানের অনুপাতকে আকৃতি গুণাঙ্ক বলে।

$$\text{আকৃতি গুণাঙ্ক} = \frac{\text{গড় বর্গের বর্গমূল মান}}{\text{গড়মান}} = \frac{I_{rms}}{I} = \frac{I_0}{\sqrt{2}} / \frac{2I_0}{\pi} = 1.11$$

- পরিবর্তনশীল চৌম্বকক্ষেত্র দ্বারা তড়িৎপ্রবাহ সৃষ্টি করার ঘটনাকে বলে- **তাড়িতচৌম্বক আবেশ**
- তাড়িতচৌম্বক আবেশ আবিষ্কার করেন- **মাইকেল ফ্যারাডে**
- তড়িৎ প্রবাহ ঘড়ি সমাবর্তী (Clockwise) হলে- **দক্ষিণ মেরুর অস্তিত্ব প্রমাণ**
- তড়িৎ চুম্বক আবেশের মাধ্যমে বর্তনীতে আবিষ্ট তড়িচ্চালক বল সৃষ্টির কারণ- **চৌম্বক ফ্লাক্সের পরিবর্তন**
- মুখ্য কুণ্ডলীতে অসম তড়িৎ প্রবাহের ফলে গৌণ কুণ্ডলীতে যে চৌম্বক আবেশ ঘটে তাকে- **পারস্পরিক আবেশ বলে**
- তড়িচ্চালক শক্তি আবিষ্ট হয়- **পরিবর্তী চৌম্বক ক্ষেত্রের প্রভাবে**
- তড়িৎ চুম্বক আবেশে যান্ত্রিক শক্তি- **তড়িৎ শক্তিতে রূপান্তরিত হয়**
- চৌম্বক ফ্লাক্স ঘনত্বের একক- Wbm^{-2}
- কোনটিকে স্বকীয় আবেশ গুণাঙ্কের একক- WbA^{-1}
- ফ্যারাডের দ্বিতীয় সূত্রের গাণিতিক রূপ দেন- **নিউম্যান**
- একটি বর্তনীতে আবিষ্ট তড়িচ্চালক শক্তির দিক নির্ণয় করা যায়- **লেনজের সূত্র**
- dt সময়ে চৌম্বক ফ্লাক্সের পরিবর্তন dφ হলে ফ্লাক্স পরিবর্তনের হার- $\frac{d\varphi}{dt}$
- তড়িৎ চৌম্বকীয় আবেশের দুটি সূত্র আবিষ্কার করেছে- **ফ্যারাডে**
- $1\ H = 1\ VsA^{-1}$
- 1831 তাড়িতচৌম্বকীয় আবেশ আবিষ্কার করেন- **ফ্যারাডে**
- $1\ Wb = 10^8\ Maxwell$
- পরিবর্তনশীল চৌম্বক ক্ষেত্র দ্বারা তড়িৎপ্রবাহ সৃষ্টি করেন- **ফ্যারাডে**
- ট্রান্সফরমারের কাজ হলো- **ভোল্টেজ বা কারেন্টের রূপান্তর করা**
- ট্রান্সফরমার শুধুমাত্র AC তে কাজ করে DC তে- **নয়**
- কুন্ডলী দুটির তড়িৎ প্রবাহমাত্রা তাদের পাক সংখ্যার- **ব্যস্তানুপাতিক**
- স্বকীয় আবেশ গুণাঙ্কের একক- **হেনরি (H)**
- $1\ H = 1\ VsA^{-1} = 1\ \Omega s = 1\ WbA^{-1}$
- বেতার গ্রাহক যন্ত্রে বেতার টেলিফোন বা টেলিগ্রাফে মূলত- **আরোহী রূপান্তরকের ব্যবহার করা হয়**
- কুন্ডলী দুটির ভোল্ট মাত্রা তাদের পাক সংখ্যার- **সমানুপাতিক**
- ট্রান্সফরমার কেবলমাত্র কাজ করে- **পরিবর্তী ভোল্টেজে**
- আদর্শ ট্রান্সফরমারের ক্ষরণ- **শূন্য হয়**
- গৌণ কুন্ডলীর ওয়াটের মাত্রাই হলো- **ট্রান্সফরমারের বহিস্কক্ষমতা**
- ট্রান্সফরমারের মুখ্য কুণ্ডলীতে প্রয়োগ করা হয়- **পরিবর্তী প্রবাহ বিভব**
- কোন ট্রান্সফরমারের মুখ্য কুণ্ডলীতে প্রযুক্ত ক্ষমতা X এবং গৌণ কুণ্ডলীতে প্রযুক্ত ক্ষমতা Y হলে- **X = Y**
- ট্রান্সফর্মারের যে কুন্ডলীতে পরিবর্তী বিভব প্রয়োগ করা হয়- **মুখ্য কুন্ডলী**
- যে যন্ত্রের সাহায্যে বিভব পার্থক্যের মান পরিবর্তন করা যায়- **ট্রান্সফরমার**
- ট্রান্সফরমারের উভয় কুণ্ডলীতে একই মানের হয়ে থাকে- **ক্ষমতা**
- কোন ট্রান্সফরমারে 100 V বিভব পার্থক্য প্রয়োগ করে 200 V পাওয়া গেলে এর নাম- **স্টেপ আপ ট্রান্সফরমার**
- গৌণ কুন্ডলীতে সৃষ্ট ফ্লাক্স মুখ্য কুণ্ডলীর তড়িৎ প্রবাহমাত্রার- **সমানুপাতিক**
- বাংলাদেশে বাড়িঘরে তড়িৎ সরবরাহ করা হয়- **এ.সি. (AC)**
- কোন বিশুদ্ধ রোধ R এর মধ্যে দিয়ে I মানের সমপ্রবাহ চললে তাপ উৎপাদনের হার- $H = I^2R$
- পরিবর্তী তড়িচ্চালক বলের মাত্রা শূন্যমান হতে বৃদ্ধি পেয়ে শীর্ষ হ্রাস পেয়ে শূন্যমানে আসে, এ ঘটনাকে- **পরিবর্তন চক্র বলে**
- পূর্ণচক্রের জন্য তড়িৎ প্রবাহের গড় বর্গের বর্গমূল মানের সমীকরণ- I_{rms}
- অর্ধচক্রের জন্য দিক পরিবর্তী প্রবাহের গড় মান- $\bar{I} = 0.637\ I_0$
- কোন কুন্ডলী যখন পূর্ণ একবার ঘোরে তখন θ এর মান হয়- **0° বা**
- $I = I_0 \sin \omega t$ প্রবাহটির বিস্তার- I_0
- দিক পরিবর্তী প্রবাহের বর্গমূলীয় গড় মান শীর্ষমানের- **70.70 %**
- দিক পরিবর্তী প্রবাহের অর্ধচক্রের গড়মান উহার শীর্ষমানের শতকরা-
- **তড়িৎ প্রবাহের প্রকারভেদ :**

AC	DC
↓	↓
Alternating Current	Direct Curre
দিক পরিবর্তী বা পর্যাবৃত্ত প্রবাহ	সরাসরি বা একমুখী বা

চৌম্বক ফ্লাক্স	চৌম্বক ফ্লাক্স
একক :	একক :
$1\ Wb = 1\ Tm^2$	$1\ T = 1\ Wb$
পূর্বে ব্যবহার হতো	চৌম্বক ফ্লাক্স ঘনত্ব
$1\ Maxwell = 1\ gauss\ cm^2 = 10^{-8}\ Wb$	ক্ষেত্র এক

প্রয়োজনীয় সূত্রাবলি

❒ **আবিষ্ট তড়িচ্চালক বল সংক্রান্ত :**

- $B = \frac{d\varphi}{ds}$
- লেঞ্জের সূত্র, $\varepsilon \propto \frac{(\varphi_2 - \varphi_1)}{t}$
- $E =$

❒ **চৌম্বক ফ্লাক্স সংক্রান্ত :**

- $\varphi = LI$
- $\varphi = nAB$
- $\varphi = AB \cos \theta$
- চৌম্বক ফ্লাক্স ঘনত্ব $= \frac{\varphi}{A}$

❒ **আবেশ গুণাঙ্ক সংক্রান্ত :**

- স্বকীয় আবেশের ক্ষেত্রে, $N\varphi = LI \Rightarrow L = \frac{N\Delta\varphi}{\Delta i} = \frac{E}{\frac{di}{dt}}$
- স্বকীয় আবেশ, $E = -L\frac{dI}{dt}$
- পারস্পরিক আবেশের ক্ষেত্রে, $E = -M\frac{dI}{dt}$
- $U = \frac{1}{2}Li^2$
- $P = I^2_{rms} \times R$
- $W = I^2_{rms}\ Rt$
- $L = \frac{\varepsilon dt}{dI}$
- আকৃতি গুণাঙ্ক $= \frac{\text{গড় বর্গের বর্গমূলের মান}}{\text{গড়মান}} = \frac{\pi}{2\sqrt{2}} = 1.11$
- $L = \frac{\pi\mu_0 N^2 r}{2}$
- $L = \mu_0 N^2 Al$

Educationblog24.com

ট্রান্সফরমার সংক্রান্ত :

- $\frac{E_p}{E_s} = \frac{N_p}{N_s} = \frac{I_s}{I_p} = \sqrt{\frac{R_p}{R_s}}$ ■ $R_s = \frac{E_s^2 R_p}{E_p^2}$
- দক্ষতা $= \frac{\text{প্রাপ্ত বৈদ্যুতিক ক্ষমতা}}{\text{প্রযুক্ত বৈদ্যুতিক ক্ষমতা}} = \frac{\text{প্রযুক্ত ক্ষমতা} - \text{নষ্ট ক্ষমতা}}{\text{প্রযুক্ত ক্ষমতা}} \times 100\%$

গড় তড়িচ্চালক শক্তি ও গড় প্রবাহ সংক্রান্ত :

(i) পরিবর্তী প্রবাহ পূর্ণচক্রের জন্য-

- $\bar{E} = 0$ ■ $\bar{I} = 0$

(ii) পরিবর্তী প্রবাহ অর্ধচক্রের জন্য-

- $\bar{E} = \frac{2E_0}{\pi} = 0.637\ E_0 = 63.7\%\ E_0$
- $E_{r.m.s} = \frac{E_0}{\sqrt{2}} = 0.707\ E_0 = 70.7\%\ E_0$
- $\bar{I} = \frac{2I_0}{\pi} = 0.637\ I_0 = 63.7\%\ I_0$
- $I_{r.m.s} = \frac{I_0}{\sqrt{2}} = 0.70\ I_0 = 70.7\%\ I_0$
- $I_{r.m.s} = \frac{\pi}{2\sqrt{2}} \bar{I}$

এখানে, I_0 ও E_0 যথাক্রমে প্রবাহ ও তড়িচ্চালক শক্তির শীর্ষমান।

আবার, $\bar{I}_0$ ও $\bar{E}_0$ যথাক্রমে প্রবাহ ও তড়িচ্চালক শক্তির গড়মান।

Part 2 সম্ভাব্য গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোন কুন্ডলীর পাকে আবিষ্ট তড়িচ্চালক বলের মান এর মধ্য দিয়ে অতিক্রান্ত ফ্লাক্সের পরিবর্তনের হারের সমানুপাতিক-এটি কার সূত্র?
Ⓐ লেন্‌জের Ⓑ নিউম্যান ও ফ্যারাডের
Ⓒ নিউম্যানের Ⓓ ফ্যারাডের Ans Ⓑ

02. কুন্ডলী সাপেক্ষে চুম্বক মেরুর গতি S-মেরু দূরে সরিয়ে নিলে আবিষ্ট তড়িৎ প্রবাহের অভিমুখ কোন দিকে হবে?
Ⓐ বামাবর্তী Ⓑ দক্ষিণাবর্তী
Ⓒ উত্তরমুখী Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

03. রূপান্তরকের কুন্ডলী দুটির ভোল্টমাত্রা তাদের পাকসংখ্যার–
Ⓐ আনুপাতিক Ⓑ বর্গের ব্যস্তানুপাতিক
Ⓒ সমানুপাতিক Ⓓ ব্যস্তানুপাতিক Ans Ⓒ

04. কোন সূত্র দ্বারা আবিষ্ট তড়িৎ প্রবাহের দিক নির্ণয় করা যায়?
Ⓐ ফ্যারাডের সূত্র Ⓑ লেঞ্জ-এর সূত্র
Ⓒ ফ্লেমিং-এর ডানহস্ত সূত্র Ⓓ ফ্লেমিং-এর বামহস্ত সূত্র Ans Ⓑ

05. দিক পরিবর্তী প্রবাহের গড়মান ঐ প্রবাহের শীর্ষমানের–
Ⓐ 0.707 গুণ Ⓑ 0.637 গুণ
Ⓒ $\sqrt{2}$ গুণ Ⓓ কোনোটিই নয় Ans Ⓑ

06. সমন্বিত বর্তনীতে কোনটি সমাবেশ করা যায় না?
Ⓐ Resistor Ⓑ Capacitor Ⓒ Inductor Ⓓ Transistor Ans Ⓒ

07. 1 H সমান কত?
Ⓐ $1\ VA^{-1}s^{-1}$ Ⓑ $1\ As^{-1}V^{-1}$
Ⓒ $1\ AsV^{-1}$ Ⓓ $1\ VsA^{-1}$ Ans Ⓓ

08. 200 পাকবিশিষ্ট একটি কুণ্ডলীতে 4 A তড়িৎ প্রবাহ চালালে 0.02 Wb চৌম্বক ফ্লাক্স উৎপন্ন হয়। কুণ্ডলীর স্বকীয় আবেশ গুণাঙ্ক কত?
Ⓐ 1.5 H Ⓑ 2 H
Ⓒ 0.5 H Ⓓ 1 H Ans Ⓓ

09. 50 পাক বিশিষ্ট একটি কুণ্ডলিতে 2 A বিদ্যুৎ প্রবাহ চালালে 0.04 Wb চৌম্বক ফ্লাক্স উৎপন্ন হয়। কুণ্ডলীর স্বকীয় আবেশ গুণাঙ্ক কত?
Ⓐ 0.1 Henry Ⓑ 1.0 Henry
Ⓒ 0.02 Henry Ⓓ 0.2 Henry Ans Ⓑ

10. কোনো কুন্ডলীতে 1 sec সময়ে তড়িৎ প্রবাহ 0.1 A থেকে 0.5 A এ পরিবর্তিত হওয়ার দরুণ ঐ কুন্ডলীতে 10 V তড়িচ্চালক বল আবিষ্ট হয়। কুন্ডলীর স্বকীয় আবেশাঙ্ক কত?
Ⓐ 2.5 H Ⓑ 25 H
Ⓒ 50 H Ⓓ 75 H Ans Ⓑ

11. একটি বর্তনীতে পারস্পরিক আবেশ গুণাঙ্ক 0.1 H। একটি বর্তনীতে 0.02 s এ প্রবাহ শূন্য থেকে বৃদ্ধি পেয়ে 20 A হলে অন্য বর্তনীতে গড় আবিষ্ট তড়িচ্চালক বলের মান কত?
Ⓐ 200 V Ⓑ 100 V
Ⓒ 150 V Ⓓ 300 V Ans Ⓑ

12. একটি ট্রান্সফর্মারের সেকেন্ডারি ও প্রাইমারি টার্নের অনুপাত 6। যদি প্রাইমারির বিভব পার্থক্য ও বিদ্যুৎ প্রবাহ যথাক্রমে 200 V এবং 3 A হয়, তবে সেকেন্ডারিতে বিদ্যুৎ প্রবাহ কত?
Ⓐ 1 A Ⓑ 2.5 A
Ⓒ 0.5 A Ⓓ 1.5 A Ans Ⓒ

13. একটি ট্রান্সফর্মারের মুখ্য কুন্ডলীর পাক সংখ্যা 50 এবং ভোল্টেজ 100 V। গৌণ কুন্ডলীর পাক সংখ্যা 200 হলে ভোল্টেজ কত?
Ⓐ 400 V Ⓑ 4000 V
Ⓒ 25 V Ⓓ 1000 V Ans Ⓐ

14. একটি আরোহী ট্রান্সফরমারে 220 V করে 4 A তড়িৎ প্রবাহ পাওয়ায় যায়। কুন্ডলীর পাক সংখ্যা 1 : 10 হলে ট্রান্সফরমারের মুখ্য কুন্ডলীর তড়িৎ প্রবাহ -
Ⓐ 40 A Ⓑ 0.4 A
Ⓒ 22 V Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

15. একটি এসি উৎস হতে সৃষ্ট পরিবর্তী তড়িৎপ্রবাহ $I = 0.5 \sin 314t$ দ্বারা নির্দেশ করা হলে, উৎসের কম্পাঙ্ক কত হবে?
Ⓐ 314 Hz Ⓑ 3.14 Hz
Ⓒ 50 Hz Ⓓ 100 Hz Ans Ⓒ

16. দিক পরিবর্তী প্রবাহমাত্রার বর্গমূলীয় গড়মান –
Ⓐ $\sqrt{\frac{1}{2}} \times$ শীর্ষমান Ⓑ $\frac{\sqrt{2}}{3} \times$ শীর্ষমান
Ⓒ $\frac{\sqrt{\pi}}{2} \times$ শীর্ষমান Ⓓ $\frac{1}{\sqrt{2}} \times$ শীর্ষমান Ans Ⓐ,Ⓓ

17. দিক পরিবর্তী প্রবাহের মান সর্বোচ্চ হতে শূন্যমানে পৌছাতে কত সময় লাগে?
Ⓐ $\frac{T}{4}$ Ⓑ $\frac{T}{2}$
Ⓒ T Ⓓ 2T Ans Ⓐ

18. পরিবতী প্রবাহের শীর্ষমান গড় মানের–
Ⓐ 1.57 গুণ Ⓑ 0.63 গুণ
Ⓒ 0.707 গুণ Ⓓ সমান Ans Ⓐ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY
Educationblog24.com

Part 3 BUP বিগত বছরের প্রশ্নোত্তর

01. দুইটি ট্রান্সফরমারের মুখ্য ও গৌণ কুণ্ডলীর পাক সংখ্যার অনুপাত 1 : 2 সেগুলোর মধ্যে দিয়ে তড়িৎ প্রবাহের অনুপাত কত হবে? [BUP-FST : 23-24]
Ⓐ 4 : 2 Ⓑ 1 : 4 Ⓒ 2 : 1 Ⓓ 4 : 1 Ans Ⓒ

02. একটি স্টেপ আপ ট্রান্সফরমারের মুখ্য ও গৌণ কুণ্ডলীর অনুপাত 1:20 মুখ্য কুণ্ডলীতে 100 V প্রদান করলে 2 A বিদ্যুৎ গৌণ কুণ্ডলীতে পাওয়া যায়। মুখ্য কুণ্ডলীর প্রবাহ কত? [BUP-FST : 20-21]
Ⓐ 40 amp Ⓑ 50 amp
Ⓒ 28.28 amp Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

03. একটি ট্রান্সফর্মারের মুখ্য কুন্ডলীর ভোল্টেজ 5 V ও বিদ্যুৎ প্রবাহ মান গৌণ কুন্ডলীর পাক সংখ্যা 4 গুণ হলে প্রবাহমান কত হবে। [BUP-FST
Ⓐ 2 A Ⓑ 0.5 A Ⓒ 20 A Ⓓ 1 A

04. একটি কুণ্ডলীতে 12 V তড়িচ্চালক বল প্রযুক্ত হলে এতে বিদ্যুৎ প্রবাহ হার 40 A/s হয়। কুণ্ডলীর স্বাবেশ গুণাংক হবে– [BUP-FST : 17-18]
Ⓐ 0.3 H Ⓑ 3.4 H Ⓒ 30 H Ⓓ 480 H

05. তড়িৎ বর্তনীতে আবিষ্ট তড়িৎ প্রবাহের দিক নির্ণয় করা যায় কোন সূ [BUP-FST : 16-17]
Ⓐ ফ্যারাডের Ⓑ নিউটনের Ⓒ ম্যাক্সওয়েলের Ⓓ লেঞ্জের

Part 4 অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. একমুখী তড়িৎ প্রবাহের (DC) কম্পাঙ্ক–[CU-A : 23-24]
Ⓐ 100 Hz Ⓑ 60 Hz Ⓒ 0 Hz Ⓓ 50 Hz Ans Ⓒ

02. তড়িৎ বর্তনীতে আবিষ্ট (induced) তড়িৎ প্রবাহের দিক নির্ণয়ের সূত্র কোনটি? [CU-A : 22-23]
Ⓐ ফ্যারাডের সূত্র Ⓑ লেন্‌জের সূত্র
Ⓒ ফ্লেমিং এর বামহস্ত সূত্র Ⓓ ফ্লেমিং এর ডানহস্ত সূত্র Ans Ⓑ

03. ডায়নামো আবিষ্কার কে করেন? [CU-A : 22-23]
Ⓐ নিউটন Ⓑ নীলস বোর
Ⓒ মাইকেল ফ্যারাডে Ⓓ রাদারফোর্ড Ans Ⓒ

04. কোন সূত্রে আবিষ্ট তড়িৎ প্রবাহের অভিমুখ বর্ণিত হয়? [RU-C : 21-22]
Ⓐ ফ্যারাডের সূত্র Ⓑ লরেঞ্জের সূত্র
Ⓒ অ্যাম্পিয়ারের সূত্র Ⓓ লেঞ্জের সূত্র Ans Ⓓ

05. স্বকীয় আবেশ গুণাঙ্কের সমীকরণ কোনটি? [RU-C : 21-22]
Ⓐ $\varepsilon = -\frac{d\theta}{dt}$ Ⓑ $\varepsilon = -NL\frac{dI}{dt}$ Ⓒ $\varepsilon = -M\frac{dI}{dt}$ Ⓓ $\varepsilon = -NM\frac{dI}{dt}$ Ans Ⓑ

06. আবেশাঙ্কের (Inductance) একক হলো– [CU-A : 21-22]
Ⓐ ফ্যারাড (farad) Ⓑ হেনরি (henry)
Ⓒ ওহম (ohm) Ⓓ সিমেন্স (siemense) Ans Ⓑ

07. একমুখী বিদ্যুৎ প্রবাহের (dc) কম্পাঙ্ক কত? [CU-A : 21-22]
Ⓐ 100 Hz Ⓑ 20 Hz
Ⓒ 0 Hz Ⓓ 10^4 Hz Ans Ⓒ

08. একটি পূর্ণ চক্রের জন্য গড় বিবর্তিত বিদ্যুৎ এর মান কত? [CU-A : 20-21]
Ⓐ 0 Ⓑ $\frac{1}{\sqrt{2}} i_{peak}$ Ⓒ $\frac{1}{2} i_{peak}$ Ⓓ 1.11 Ans Ⓐ

09. $i = \sin \omega t$ এর জন্য সর্বোচ্চ কারেন্ট? [CU-A : 20-21]
Ⓐ 0.5 A Ⓑ 1 A Ⓒ 1.5 A Ⓓ 2 A Ans Ⓑ

10. কোনো দিক পরিবর্তী তড়িচ্চালক বলের গড়বর্গের বর্গমূল মান 10 volt। তড়িচ্চালক বলের শীর্ষমান হলো– [DU-A : 20-21]
Ⓐ 10.00 Volt Ⓑ 14.14 Volt Ⓒ 5.00 Volt Ⓓ 1.41 Volt Ans Ⓑ

একটি মোবাইল ফোনকে কোন সংযোগ ছাড়া কী উপায়ে চার্জ প্রদান করা যাবে? [CU-A : 19-20]
Ⓐ পরিবহন Ⓑ আবেশন Ⓒ পরিচালন Ⓓ অন্তরণ Ans Ⓑ

ধারকত্বযুক্ত AC সার্কিটে প্রবাহ ও বিভবের দশা পার্থক্য কত? [CU-A : 19-20]
Ⓐ 90° Ⓑ 180° Ⓒ 45° Ⓓ 0° Ans Ⓐ

পরিবর্তী প্রবাহ $i = 100 \sin 40\pi t$ হলে,এর পর্যায়কাল কত? [RU-C : 19-20]
Ⓐ 0.01 s Ⓑ 0.05 s Ⓒ 0.02 s Ⓓ 0.04 s Ans Ⓑ

"আবিষ্ট তড়িৎ প্রবাহ সর্বদা এমন অভিমুখে প্রবাহিত হয় যাতে তার সৃষ্টি কারণে ধা দেয়"-এটি কোন সূত্র? [RU-C . 19-20]
Ⓐ অ্যাম্পিয়ারের সূত্র Ⓑ লরেঞ্জের সূত্র
Ⓒ লেঞ্জের সূত্র Ⓓ ফ্যারাডের সূত্র Ans Ⓒ

C উৎসের ক্ষেত্রে $E_{rms} = ?$ [CU-A : 18-19]
Ⓐ $\frac{E_0}{\sqrt{2}}$ Ⓑ $\frac{E_0}{\pi}$ Ⓒ $\frac{E_0}{2\pi}$ Ⓓ $\sqrt{2}E_0$ Ans Ⓐ

16. 50 Hz কম্পাঙ্কের একটি এসি সিগনাল এর শূন্য থেকে শীর্ষ মানে কত ms সময় লাগবে? [RU-C : 18-19]
Ⓐ 200 Ⓑ 100 Ⓒ 50 Ⓓ 5

17. একটি প্রত্যাবর্তী তড়িৎ প্রবাহকে $I = 100 \sin 2\pi t$ Ampere সমীক প্রকাশ করা হয়। তড়িৎ প্রবাহের গড়-বর্গীয়-বর্গমূলের মান কত? [DU-A
Ⓐ 70.7 A Ⓑ 100 A Ⓒ 50 A Ⓓ 200 A

18. একটি আবেশকের স্বকীয় আবেশ গুণাঙ্ক 10 H। এর মধ্য দিয়ে 6×10 তড়িৎ প্রবাহমাত্রা 10 A থেকে 7 A-এ নেমে আসলে. আবিষ্ট তড়িচ্চা কত? [RU-C : 17-18]
Ⓐ 500 V Ⓑ 600 V Ⓒ 700 V Ⓓ 400 V

19. নিচের কোনটির উপর ভিত্তি করে ট্রান্সফরমার তৈরি করা হয়? [RU- F_2 :
Ⓐ বিদ্যুৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া Ⓑ বিদ্যুৎ প্রবাহের তাপীয় ক্রিয়া
Ⓒ বিদ্যুৎ চুম্বকের আবেশ Ⓓ ওহমের সূত্র

20. নিচের কোন সূত্র দ্বারা আবিষ্ট তড়িৎপ্রবাহের দিক নির্ণয় করা যায়? [RU- C
Ⓐ ফ্যারাডের সূত্র Ⓑ লেঞ্জ-এর সূত্র
Ⓒ ফ্লেমিং-এর সূত্র Ⓓ প্লাঙ্কের সূত্র

21. স্বকীয় আবেশ গুণাঙ্কের একক হলো– [RU- G_1 : 17-18]
Ⓐ হেনরি Ⓑ হার্টজ Ⓒ জুল Ⓓ ক্যালোরি

22. একটি আদর্শ ট্রান্সফরমার পরিবর্তন করে না– [RU-H : 17-18]
Ⓐ ক্ষমতা Ⓑ তড়িৎ প্রবাহ
Ⓒ ভোল্টেজ Ⓓ তড়িৎ প্রবাহ ও ভোল্টেজ

23. একটি আদর্শ ট্রান্সফরমারের মুখ্য ও গৌণ কুণ্ডলীর পাকের সংখ্যা 1000 এবং 100। মুখ্য কুণ্ডলীতে 1.0 A মানের তড়িৎ প্রবাহিত হ কুণ্ডলীতে কত তড়িৎ প্রবাহ পাওয়া যাবে? [DU-A : 17-18]
Ⓐ 1 A Ⓑ 10 A Ⓒ 12 A Ⓓ 100 A

24. 50 পাকবিশিষ্ট একটি কুণ্ডলীতে 0.01 sec এ 10^{-3} ফ্লাক্স পরিবর্তন ক কুণ্ডলীতে সৃষ্ট আবিষ্ট তড়িৎচ্চালক বলের মান কত? [RU-H : 16-17]
Ⓐ 1 V Ⓑ 5 V Ⓒ 10 V Ⓓ কোনোটিই নয়

25. একটি দিক পরিবর্তী তড়িৎ প্রবাহের সমীকরণের $i = \sin 3t$ হলে প্রবাহের গড় বর্গের বর্গমূল এর মান কত? [RU-H : 16-17]
Ⓐ $\frac{3}{\sqrt{2}}$ Ⓑ $\sqrt{2}$ Ⓒ $\frac{1}{\sqrt{2}}$ Ⓓ 1

26. বৈদ্যুতিক পাখা তৈরিতে কোন সূত্রটি ব্যবহার করা হয়েছে? [CU-A : 16
Ⓐ বায়োঁ-স্যাভার্টের সূত্র Ⓑ গাউসের সূত্র Ⓒ ফ্যারাডের সূত্র
Ⓓ ওহমের সূত্র Ⓔ কার্শফের সূত্র

27. পূর্ণ একটি চক্রের জন্য দিক পরিবর্তী তড়িৎ প্রবাহের গড় মান —। [CU-A:
Ⓐ 0 Ⓑ $\frac{1}{\sqrt{2}} i_{peak}$ Ⓒ $\frac{1}{2} i_{peak}$ Ⓓ $\frac{1}{\pi} i_{peak}$ Ⓔ 1.11

28. যদি তড়িৎপ্রবাহের সমীকরণ $I(t) = 20 \sin (628t)$ হয়, তাহলে তা কম্পাঙ্ক ও r.m.s মান কত? [DU-A : 15-16]
Ⓐ 100 Hz & 14.14 A Ⓑ 200 Hz & 15 A
Ⓒ 100 Hz and 20 A Ⓓ 50 Hz and 14.14 A

Educationblog24.com
UBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY

Educationblog24.com

পদার্থবিজ্ঞান ২য় পত্র

অধ্যায় ৬

জ্যামিতিক আলোকবিজ্ঞান

Part 1

গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- যে পৃষ্ঠ থেকে বাধা পেয়ে আলোকরশ্মি পূর্ব মাধ্যমে ফিরে আসে- প্রতিফলক পৃষ্ঠ
- লেন্সের ক্ষেত্রে দূরত্ব পরিমাপ করতে হয়- আলোককেন্দ্র হতে
- আলোক বিজ্ঞানকে- চার ভাগ করা হয়েছে
- আলোকরশ্মি প্রকৃতপক্ষে যে দূরত্ব অতিক্রম করে সেটি- ধনাত্মক
- শূন্য মাধ্যমে আলোর বেগ- $3 \times 10^8\ ms^{-1}$
- আলোক কেন্দ্র থেকে প্রধান ফোকাস পর্যন্ত দূরত্বকে বলা হয়- ফোকাস দূরত্ব
- ফার্মাটের নীতির প্রস্তাবনা করেন- পিয়ারে ফার্মাট
- দুটি সরু উত্তল ও অবতল লেন্সের সমবায়ের তুল্য ফোকাস দূরত্ব হবে- ∞
- গ্রিক বিজ্ঞানীদের আলোকীয় পথ ধারণার পরিবর্তন ঘটান- পিয়ারে ফার্মাট
- আলোর প্রতিফলন ও প্রতিসরণ প্রতিপাদন করা যায়- ফার্মাটের নীতির সাহায্যে
- আলোকরশ্মি হালকা হতে ঘন মাধ্যমে প্রবেশ করলে সম্পর্কটি- $i > r$
- আলোকরশ্মি যে দূরত্ব অতিক্রম করেছে বলে মনে হয় সে দূরত্ব- ঋণাত্মক
- প্রতিবিম্বের অবস্থান ও প্রকৃতি- জ্যামিতিকভাবে নির্ণয় করা হয়
- লেন্সের আলোর কেন্দ্র থাকে- প্রধান অক্ষের উপর
- প্রথম ফোকাসের মধ্যদিয়ে লেন্সের প্রধান অক্ষের সাথে লম্বভাবে অবস্থিত সমতলকে বলে- ফোকাস তল
- প্রতিসরণের সূত্র মেনে সমতল পৃষ্ঠে আপতিত আলোকরশ্মি প্রতিসৃত হয়ে কোন পথ অনুসরণ করবে- ক্ষুদ্রতম পথ
- প্রতিবিম্বের অবস্থান ও প্রকৃতি নির্ণয়ের জন্য- দুটি রশ্মির প্রয়োজন
- সরল অণুবীক্ষণ যন্ত্র প্রকৃতপক্ষে- উত্তল লেন্স
- প্রতিফলক টেলিস্কোপ- 3 প্রকার
- হাতের ছাপ পর্যবেক্ষণের জন্য ব্যবহৃত হয়- সরল অণুবীক্ষণ যন্ত্র
- জ্যোতিষ বা টেলিস্কোপ ব্যবহৃত হয়- গ্রহ, উপগ্রহ পর্যবেক্ষণে
- যেসব যন্ত্র কোনো ক্ষুদ্র বা দূরের বস্তু দেখতে সহায়তা করে- বীক্ষণ যন্ত্র
- যে যন্ত্রের সাহায্যে বহুদূরের বস্তু স্পষ্টভাবে দেখা যায়- দূরবীক্ষণ যন্ত্র
- নভোদূরবীক্ষণ যন্ত্রের অভিনেত্রের লেন্স- ফ্লিন্ট কাচ দিয়ে তৈরি
- দূরবীক্ষণ যন্ত্র সাধারণত কয় ধরনের হয়- ২ ধরনের
- ভূ-দূরবীক্ষণযন্ত্রে কতটি অভিসারী লেন্সের ব্যবহার হয়- তিনটি
- প্রতিসারক টেলিস্কোপ- 3 প্রকার

❑ **আলোক পথ:** কোন মাধ্যমের মধ্য দিয়ে আলোকরশ্মি কোন নির্দিষ্ট সময়ে যে পথ অতিক্রম করে তার সমতুল্য আলোক পথ বলতে বোঝায় ঐ নির্দিষ্ট সময়ে আলোকরশ্মি শূন্য মাধ্যমে যে পথ অতিক্রম করে তা।

আলো শূন্য মাধ্যমে যে পথ অতিক্রম করবে তার দৈর্ঘ্য

$$l_0 = c_0 t = \frac{c_0 l}{c}\left[t = \frac{l}{c}\right] \Rightarrow l_0 = \mu l\left[\frac{c_0}{c} = \mu\right]$$

❑ **প্রতিফলন:** আলো কোন মাধ্যম দিয়ে চলার সময় অপর কোন মাধ্যমে বাঁধা পেয়ে যদি পূর্বের মাধ্যমে ফিরে আসে তবে তাকে প্রতিফলন বলে।

❑ **প্রতিফলনের সূত্রাবলী-**

i. আপতিত রশ্মি, প্রতিফলিত রশ্মি এবং আপতন বিন্দুতে অঙ্কিত অভিলম্ব সর্বদা একই সমতলে থাকবে।

ii. আপতন কোণ ও প্রতিফলন কোণ সর্বদা সমান হবে।

❑ **প্রতিসরণ:**

এক স্বচ্ছ মাধ্যম হতে অপর স্বচ্ছ মাধ্যমে আলোক রশ্মি তির্যকভাবে যাবার কালে মাধ্যম দুটির বিভেদতলে আলোক রশ্মির দিক পরিবর্তনকে প্রতিসরণ বলে।

❑ **প্রতিসরণের সূত্র 2টি:**

i. আপতিত রশ্মি, প্রতিসৃত রশ্মি এবং আপতন বিন্দুতে অংকিত অভিলম্ব সর্বদা একই সমতলে অবস্থান করে।

ii. স্নেল বা সাইন এর সূত্র: একজোড়া নির্দিষ্ট মাধ্যম এবং একটি নির্দিষ্ট বর্ণের তীর্যকভাবে আপতিত আলোকরশ্মির জন্য আপতন কোণের সাইন ও প্রতিসরণ কোণের সাইনের অনুপাত সর্বদা ধ্রুব রাশি হয়। একে প্রতিসরাংক বলে।

অর্থাৎ $\sin i / \sin r = \mu$

- **প্রতিসরাংকের প্রকারভেদ:**

i. পরম বা চরম বা নিরপেক্ষ প্রতিসরাঙ্ক: শূন্য মাধ্যম সাপেক্ষে কোন স্বচ্ছ মাধ্যমের প্রতিসরাঙ্ককে পরম প্রতিসরাঙ্ক বলে।

ii. আপেক্ষিক প্রতিসরাংক: এক স্বচ্ছ মাধ্যম সাপেক্ষে অপর এক স্বচ্ছ মাধ্যমের প্রতিসরাংককে প্রথম মাধ্যম সাপেক্ষে শেষোক্ত মাধ্যমের আপেক্ষিক প্রতিসরাংক বলে।

- হীরক ঘনতর স্বচ্ছ ও কাঁচ লঘুতর স্বচ্ছ মাধ্যম।
- আলোক রশ্মি কাঁচ হতে হীরকে প্রতিসৃত হলে আপতন কোণ প্রতিসরন কোণ অপেক্ষা বড় হবে।
- আলোকের বেগ হীরক অপেক্ষা কাঁচে বেশি হবে।
- একই আপতন কোণের জন্য একটি আলোক রশ্মির প্রতিসরণ কোণ বায়ু হতে হীরকে প্রতিসৃত হলে যা হবে বায়ু হতে কাঁচে প্রতিসৃত হলে তার চেয়ে বেশি হবে।

❑ **অভিলম্ব আপতন:** আলোক রশ্মি দুই স্বচ্ছ মাধ্যমের বিভেদ তলের উপর অভিলম্বভাবে আপতিত হলে তাকে অভিলম্ব আপতন বলে এক্ষেত্রে, আপতন কোণ, $i = 0$ এবং $r = 0$

❑ **সংকট কোণ:** যখন কোন আলোক রশ্মি ঘন স্বচ্ছ মাধ্যম হতে হালকা স্বচ্ছ মাধ্যমে এমনভাবে প্রতিসৃত হয় যে, প্রতিসরণ কোণ 90^0 হয়, তখন আপতিত রশ্মি মাধ্যমে যে আপতন কোণ সৃষ্টি করে তাকে সংকট কোণ বা ক্রান্তি কোণ বলে। একে θ_c দ্বারা প্রকাশ করা হয়।

❑ **পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন:** ঘন স্বচ্ছ মাধ্যম হতে হালকা স্বচ্ছ মাধ্যমে যাওয়ার পথে কোন আলোকরশ্মি যদি মাধ্যম দুটির মধ্যকার সংকট কোণের চেয়ে বেশী কোণ করে তাদের বিভেদতলে আপতিত হয় তবে রশ্মিটির সামান্য অংশও প্রতিসৃত না হয়ে সম্পূর্ণরূপে প্রতিফলিত হয়। একে পূর্ণ অভ্যন্তরীন প্রতিফলন বলে।

- হীরকের সংকট কোণ 24^0: হীরকের প্রতিসরাংক $\mu = 1/\sin 24^\circ = 2.42$

❑ **প্রতিসরাঙ্কের উপর তাপমাত্রার প্রভাব:** তাপমাত্রা বৃদ্ধি পেলে পদার্থের প্রতিসরাঙ্ক খুব অল্প পরিমানে পরিবর্তিত হয়। বায়বীয় পদার্থের প্রতিসরাঙ্ক তাপমাত্রা বৃদ্ধি পেলে হ্রাস পায় এবং চাপ বৃদ্ধি পেলে বৃদ্ধি পায়।

❑ **প্রিজম:** পরস্পরচ্ছেদী দুটি বা তিনটি হেলানো তল দ্বারা আবদ্ধ স্বচ্ছ প্রতিসারক মাধ্যমকে প্রিজম বলে।

- **প্রিজম পদার্থের প্রতিসরাঙ্ক নির্ণয়: 2টি পদ্ধতি -**

i. ছক পদ্ধতি ii. প্রত্যক্ষ পদ্ধতি।

- প্রিজমের মধ্য দিয়ে আলোকরশ্মির বিচ্যুতির রাশিমালা: $\delta = i_1 + i_2 - A$
- **ন্যূনতম বিচ্যুতি কোণ:** প্রিজমে আপতন কোণের একটি নির্দিষ্ট মানের জন্য বিচ্যুতি সর্বাপেক্ষা কম হয়। বিচ্যুতির এই মানকে ন্যূনতম বিচ্যুতি কোণ বলে।
- একে δ বা D দ্বারা সূচিত করা হয়।

❑ **বর্ণসজ্জা:** বর্ণালীতে বর্ণসজ্জা ক্রমিক মনে রাখার জন্য বর্ণের নামের বাংলা প্রথম অক্ষর নিয়ে গঠিত হয়েছে 'বেনীআসহকলা' ইংরেজিতে অনুরূপ - 'VIBGYOR'

❑ **তরঙ্গ দৈর্ঘ্যের তালিকা:**

আলোর তরঙ্গ দৈর্ঘ্য খুবই ক্ষুদ্র। একে অ্যাংস্ট্রম (Angstrom) এককে (A.U বা Å) প্রকাশ করা হয় এবং $1\ Å = 10^{-8}$ সে.মি.

Educationblog24.com

Educationblog24.com

❒ **আলোকের বিচ্ছুরণ:**
i. কোন যৌগিক আলোক (যেমন, সাদা আলো) রশ্মির বিভিন্ন বর্ণে বিভক্ত হওয়াকে বিচ্ছুরণ বলে। এবং ঐ বিভিন্ন বর্ণের সহায়তায় সৃষ্ট পট্টিকে বর্ণালী বলে।
ii. যে মাধ্যম আলোক বিশে-ষণ ঘটায় তাকে বিচ্ছুরক মাধ্যম বলে।

❒ **বিচ্ছুরণ ক্ষমতা:** কোন স্বচ্ছ মাধ্যমে সৃষ্ট বর্ণালীতে দুটি অন্তিম রশ্মির (বা যে কোন দুটি বর্ণের আলোক রশ্মির) কৌণিক বিচ্যুতির পার্থক্য এবং মধ্য বা গড় রশ্মির কৌণিক বিচ্যুতির অনুপাতকে উক্ত মাধ্যমের বিচ্ছুরণ ক্ষমতা বলে। একে '(i)' দ্বারা প্রকাশ করা হয়।
কৌণিক বিচ্ছুরণ = বিচ্ছুরণ ক্ষমতা × মধ্যবর্তী বিচ্যুতি বা $\theta = \omega \times \delta$

❒ **বর্ণালি বীক্ষণ যন্ত্র:** বিভিন্ন উৎস হতে নিঃসৃত বর্ণালী পরীক্ষা নিরীক্ষার জন্য যে যন্ত্র ব্যবহার করা হয়, তাকে বর্ণালীবীক্ষন যন্ত্র বলে। একে বর্ণালী মাপক যন্ত্রও বলা হয়। এ যন্ত্রের প্রধান 3টি অংশ আছে। যথা -
i. কলিমেটর ii. দূরবীক্ষন iii. প্রিজম টেবিল।

লেন্স: দুটি তল দ্বারা সীমাবদ্ধ কোন একটি স্বচ্ছ সমসত্ত্ব মাধ্যমের একট তল সমতল এবং অপরটি গোলীয় বা উভয় তলই গোলীয় হলে উক্ত মাধ্যমকে লেন্স বলে। লেন্স তৈরির উপাদান: কাঁচ, কোয়ার্টজ, পাষ্টিক।

❒ **লেন্সের প্রকারভেদ:** i. উত্তল বা স্থূলমধ্য লেন্স ii. অবতল বা সূক্ষ্মমধ্য লেন্স

❒ **প্রকৃতি অনুসারে প্রকারভেদ:**
i. **অভিসারী লেন্স:** উত্তল লেন্সের আলোক প্রতিসৃত হয়ে প্রতিসৃত রশ্মিসমূহ কোন একটি বিন্দুতে মিলিত বা অভিসারিত হয়। তাই উত্তল লেন্স অভিসারী লেন্স।
ii. **অপসারী লেন্স:** অবতল লেন্স এক গুচ্ছ আলোকরশ্মিকে অপসারিত করে তাই অবতল লেন্স অপসারী লেন্স।

❒ **লেন্স সংক্রান্ত রাশি:**
- **বক্রতার কেন্দ্র:** লেন্সের কোন তল যে গোলকের অংশ বিশেষ ঐ গোলকের কেন্দ্রকে লেন্সের ঐ তলের বক্রতার কেন্দ্র বলে।
- **বক্রতার ব্যাসার্ধ:** লেন্সের কোন গোলকীয় তল যে গোলকের অংশ বিশেষ তার ব্যাসার্ধকে লেন্সের ঐ গোলীয়পৃষ্ঠের বক্রতার ব্যাসার্ধ বলে।
- **প্রধান অক্ষ:** লেন্সের দুই বক্রতার কেন্দ্র অতিক্রমকারী সরল রেখাকে তার প্রধান অক্ষ বলে।
- **প্রধান ফোকাস:** প্রধান অক্ষের সমান্তরাল রশ্মিগুচ্ছ প্রতিসৃত হবার পর লেন্সের প্রধান অক্ষের উপর কোন বিন্দুতে মিলিত হয় বা কোন বিন্দু হতে ছড়িয়ে পড়ছে বলে মনে হয়। ঐ বিন্দুকে লেন্সের প্রধান ফোকাস বলে। একে F দ্বারা প্রকাশ করা হয়।
- **দ্বিতীয় প্রধান ফোকাস:** কোন লেন্সের আলোকরশ্মি তার প্রধান অক্ষের সমান্তরালে আপতিত হলে প্রতিসরণের পর রশ্মিগুলি প্রধান অক্ষের যে নির্দিষ্ট বিন্দুতে অভিসারিত হয় বা যে নির্দিষ্ট বিন্দু হতে অপসারিত হয় বলে মনে হয়, উক্ত বিন্দুকে ঐ লেন্সের দ্বিতীয় প্রধান ফোকাস বলে।
- **আলোক কেন্দ্র:** লেন্সের প্রধান অক্ষের উপর এমন একটি বিন্দু আছে যার মধ্যে দিয়ে আলোকরশ্মি গমন করলে প্রতিসরণের পর তার দিকের কোন পরিবর্তন হয় না, সেই বিন্দুকে লেন্সের আলোককেন্দ্র বলে।
- উভোত্তল বা উভাবতল লেন্সে আলোককেন্দ্র লেন্সের ভিতরে থাকে।
- **ফোকাস দূরত্ব:** আলোককেন্দ্র ও প্রধান ফোকাসের মধ্যবর্তী দূরত্ব:
- একে 'f' দ্বারা প্রকাশ করাহ হয়।
- **অনুবন্ধী ফোকাস:** লেন্সের অনুবন্ধী ফোকাস হল এর প্রধান অক্ষের উপর এমন দুটি বিন্দু যার একটিতে বিন্দু বস্তু রাখলে অপরটিতে তার প্রতিবিম্ব গঠিত হয়।
- **গৌণ ফোকাস:** প্রধান অক্ষের সামান্য আনত সমান্তরাল রশ্মি গুচ্ছ প্রতিসৃত হবার পর ফোকাস তলের যে বিন্দুতে মিলিত হয় বা যে বিন্দু হতে অপসৃত হচ্ছে বলে মনে হয় সেই বিন্দুকে লেন্সের গৌন ফোকাস বলে।
- **সরু লেন্স:** কোন লেন্সের দুটি বক্রতলের দূরত্ব তাদের বক্রতার ব্যাসার্ধের তুলনায় খুবই কম হলে উক্ত লেন্সকে সরু লেন্স বলে।

❒ **কয়েকটি মাধ্যমের প্রতিসরাঙ্ক এবং বায়ু ও কয়েকটি মাধ্যমের মধ্যকার সংকট কোণ:**

মাধ্যম	প্রতিসরাংক	সংকট কোণ
পানি	1.33	48°20′
হীরক	2.42	24°14′
বরফ	1.30	50°17′
কাঁচ (ক্রাউন)	1.52	41°15′

❒ **কতিপয় আলোকযন্ত্র:**
- ক্যামেরা
- মানবচক্ষু
- অনুবীক্ষণ যন্ত্র
- দূরবীক্ষণ যন্ত্র

❒ **স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দূরত্ব:**
- স্বাভাবিক চোখে: 25 সে. মি. বা 10 ইঞ্চি
- বয়স্ক লোকের: 25 সে. মি. হতে 35 সে.মি.
- শিশুর 5 সে. মি. হতে 18 সে.মি.

❒ **স্পষ্ট দৃষ্টির দূরতম দুরত্ব:**
স্বাভাবিক চোখের জন্য স্পষ্ট দৃষ্টির দুরতম দূরত্ব অসীম।
দৃষ্টির স্থায়িত্বকাল $\frac{1}{10}$ সেকেন্ড বা 0.1 সেকেন্ড।

❒ **চোখের উপযোজন বা বিম্ব স্থাপন বা সংযোজন:** যে কোন দূরত্বের বস্তু জন্য চোখের লেন্সের ফোকাস দূরত্ব নিয়ন্ত্রণ করার ক্ষমতাকে উপযোজন ক্ষ বলে এবং এই প্রক্রিয়াকে উপযোজন বলে।

❒ **বীক্ষন কোণ:** কোন বস্তু চেখের লেন্সে যে কোণ উৎপন্ন করে তাকে বীক্ষণ বা দৃষ্টি কোণ বলে।

❒ **কৌণিক বিবর্ধন:** বিম্ব দ্বারা সৃষ্ট দৃষ্টি কোন ও বস্তু দ্বারা সৃষ্ট দৃষ্টি কো অনুপাতকে কৌণিক বিবর্ধন বলে।

❒ **কিছু গুরুত্বপূর্ণ তথ্য:**
- কোন হ্রস্ব দৃষ্টি সম্পন্ন ব্যক্তির চশমা অবতল লেন্সের হওয়া দরকার।
- কোন দীর্ঘ দৃষ্টি সম্পন্ন ব্যক্তির চশমা উত্তল লেন্সের হওয়া দরকার।
- একটি অণুবীক্ষন যন্ত্রের অভিলক্ষ্যকে অভিনেত্র এবং অভিনেত্রকে অভি হিসাবে ব্যবহার করে একে দূরবীক্ষণ যন্ত্র হিসাবে ব্যবহার করা যায়।
- একটি প্রতিসরণ দুরবীক্ষন যন্ত্রের অভিলক্ষ্যকে অভিনেত্র এবং অভিনে অভিলক্ষ্য হিসাবে ব্যবহার করে একে অণুবীক্ষণ যন্ত্র হিসেবে ব্যবহার করা য
- **বিজ্ঞানী ও আবিষ্কার :**

বিজ্ঞানী	দেশ	আবিষ্কার	সাল
বিজ্ঞানী গ্যালিলিও	ইতালী	যৌগিক অণুবীক্ষণ যন্ত্র ও গ্যালিলিও দূরবীক্ষণ যন্ত্র আবিষ্কার করেন।	1610
স্যার আইজ্যাক নিউটন	ব্রিটেন	প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্র	1668
গ্রেগরী	ব্রিটেন	প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্র	1663
হারসেল	ব্রিটেন	দূরবীক্ষণ যন্ত্র	1663
জ্যোতির্বিদ কেপলার	ডেনমার্ক	নভো দূরবীক্ষণ যন্ত্র	1611

- আলোর বিচ্ছুরণ:: বেনীআসহকলা

বে	নী	আ	স	হ	ক	লা
↓	↓	↓	↓	↓	↓	↓
বেগুনি	নীল	আসমানী	সবুজ	হলুদ	কমলা	লাল

- বাম থেকে ডানে গেলে বেগ ও তরঙ্গদৈর্ঘ্য বৃদ্ধি পায়।
- বাম থেকে ডানে গেলে প্রতিসরণ ও বিচ্যুতি কমে।

- ন্যূনতম বিচ্যুতি নির্ভর করে : উমা ও প্রিয়া

উ	মা ও	প্রি	য়া (আ)
↓	↓	↓	↓
প্রিজমের উপাদান	মাধ্যম	প্রিজম কোণ	আলোর বর্ণ

জেনে রাখো

উত্তল লেন্সে বিম্ব → বাস্তব ও উল্টো / অবাস্তব ও সোজা অবতল লেন্সে বিম্ব → অবাস্তব ও সোজা	■ উত্তল লেন্সে → r (+), f (+) কিন্তু উভোত্তল বললে r_1 (+) r_2 (−) ■ অবতল লেন্সে → r (−), f (−) কিন্তু উভাবতল বললে r_1 (−) r_2 (+)

Educationblog24.com

প্রয়োজনীয় সূত্রাবলি

❑ আলোর প্রতিসরাঙ্ক সংক্রান্ত :

- স্নেল এর সূত্র, $\mu = \sin i/\sin r$
- (i) ${}_a\mu_b = 1/{}_b\mu_a$ (ii) ${}_b\mu_c = \mu_c/\mu_b$ (iii) ${}_a\mu_b = \frac{C_a}{C_b}$
- ${}_a\mu_b$ = প্রকৃত গভীরতা/আপাত গভীরতা = u/v
- আপাত সরণ, d = u – v
- সংকট কোণ, $\sin\theta_c = \frac{\mu \text{ হালকা মাধ্যম}}{\mu \text{ ঘন মাধ্যম}}$
- প্রতিসরাঙ্ক ও আলোর বেগের মধ্যে সম্পর্ক: $\mu = \frac{v_0}{v_m} \Rightarrow {}_a\mu_b = \frac{v_a}{v_b}$
- ${}_a\mu_b = 1/\sin\theta_c$
- ${}_a\mu_b \times {}_b\mu_c \times {}_c\mu_a = 1$
- স্নেল এর সূত্রের সাধারণ রূপ : $\mu_1 \sin i = \mu_2 \sin r$
- আলো শূন্য মাধ্যমে যে পথ অতিক্রম করবে তার দৈর্ঘ্য

$$l_0 = c_0 t = \frac{c_0 l}{c}; \left[t = \frac{l}{c}\right] \Rightarrow l_0 = \mu l; \left[\frac{c_0}{c} = \mu\right]$$

❑ লেন্স সংক্রান্ত :

- লেন্সের সাধারণ সমীকরণ, $1/v + 1/u = 1/f$.
- সমতুল্য লেন্সের ক্ষেত্রে, $F = \frac{f_1 f_2}{f_1 + f_2}$
- f_1 ও f_2 ফোকাসের সমতুল্য লেন্সের ফোকাস দূরত্ব F হলে, $1/F = 1/f_1 + 1/f_2$
- একটি মাত্র অবতল ও উত্তল প্রতিসারক তলের সমীকরণ : $\mu/v + 1/u = (\mu-1)/r$
- লেন্স প্রস্তুত কারকের সূত্র : $1/f = (\mu - 1)(1/r_1 - 1/r_2)$
- $\frac{1}{f} = \left(\frac{\mu_2}{\mu_1} - 1\right)\left(\frac{1}{r_1} - \frac{1}{r_2}\right)$

i. উভয় উত্তল লেন্সের ক্ষেত্রে, $r_1 = +ve; r_2 = -ve$

ii. উভয় অবতল লেন্সের ক্ষেত্রে, $r_1 = -ve; r_2 = +ve$

- প্রতিবিম্বের সংখ্যা $n = \left(\frac{360}{\theta} - 1\right)$
- $\frac{\mu_2}{v} + \frac{\mu_1}{u} = \frac{\mu_2 - \mu_1}{r}$
- লেন্সের ক্ষমতা $P = \frac{1}{f} = \frac{2}{r}$

❑ অণুবীক্ষণ যন্ত্র সংক্রান্ত :

- সরল অণুবীক্ষণ যন্ত্রের বিবর্ধন, $m = \left(1 + \frac{D}{f_0}\right)$
- যৌগিক অণুবীক্ষণ যন্ত্রের বিবর্ধন, $m = -\frac{v_o}{u_o}\left(1 + \frac{D}{f_e}\right)$
- যৌগিক অণুবীক্ষণ যন্ত্রের বিবর্ধন, $m = \left(1 - \frac{v_1}{f_o}\right)\left(1 - \frac{v_2}{f_e}\right)$

❑ নভোবীক্ষণ যন্ত্র সংক্রান্ত :

- স্পষ্ট দর্শন/25 cm/0.25 m ফোকাসিং-এর ক্ষেত্রে:

যন্ত্রের দৈর্ঘ্য, $L = f_o + \frac{Df_e}{D + f_e}$, বিবর্ধন, $m = \frac{f_o}{f_e}\left(1 + \frac{f_e}{D}\right)$

- অসীম দূরত্বের বা স্বাভাবিক ফোকাসিং-এর ক্ষেত্রে:

যন্ত্রের দৈর্ঘ্য, $L = f_0 + f_e$; বিবর্ধন, $m = \frac{f_0}{f_e}$

- নভো-দূরবীক্ষণে বিবর্ধন $m = f_0\left(\frac{1}{D} + \frac{1}{f_e}\right)$
- বিবর্ধনের ক্ষেত্রে, $m = \frac{l'}{l} = \frac{v}{u}$

❑ প্রিজম সংক্রান্ত :

- সরু প্রিজমে গমনকালে আলোক রশ্মির বিচ্যুতি, $\delta = (\mu-1)A$
- প্রিজমের উপাদানের প্রতিসরাঙ্ক $\mu = \frac{\sin\left(\frac{A + \delta_m}{2}\right)}{\sin\left(\frac{A}{2}\right)} = \frac{\sin i}{\sin r}$

এখানে, $i = \frac{A + \delta_m}{2}$; $r = \frac{A}{2}$

- বিবর্ধন, m = v/u = প্রতিবিম্বের দূরত্ব/বস্তুর দূরত্ব = প্রতিবিম্বের দৈর্ঘ্য/বস্তুর দৈর্ঘ্য
- বিচ্যুতি, $\delta = i_1 + i_2 - A$ [যখন $A = r_1 + r_2$]
- $\delta = (\mu-1)A$ ■ $\delta_b - \delta_y = (\mu_b - \mu_y)A$

Joykoly Short Technique:

- কোনো মাধ্যমের আলোর অতিক্রান্ত দূরত্ব, $l_0 = \mu_m \times l$.
- প্রধান ফোকাস থেকে বিম্বের দূরত্ব, $x.y = f^2$

Part 2 সম্ভাব্য গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. আলো বক্রপথে অপটিক্যাল ফাইবারের মধ্য দিয়ে সঞ্চালিত হতে পারে। নিম্নের কোন ঘটনাটি একে ব্যাখ্যা করতে পারে?
Ⓐ বিচ্ছুরণ Ⓑ অপবর্তন
Ⓒ পূর্ণ-অভ্যন্তরীণ প্রতিফলন Ⓓ ব্যতিচার **Ans Ⓒ**

02. প্রিজমের ন্যূনতম বিচ্যুতি অবস্থানের জন্য কোনটি সঠিক?
Ⓐ আপতন কোণ > নির্গমন কোণ Ⓑ আপতন কোণ < নির্গমন কোণ
Ⓒ আপতন কোণ = নির্গমন কোণ Ⓓ আপতন কোণ = প্রতিসরণ কোণ **Ans Ⓒ**

03. কোন মাধ্যমে আলোর বেগ বেশি?
Ⓐ পানি Ⓑ বায়ু
Ⓒ কাচ Ⓓ কেরোসিন **Ans Ⓑ**

04. দূরবীক্ষণ যন্ত্রে ব্যবহৃত হয়–
Ⓐ উত্তল লেন্স Ⓑ উভোত্তল লেন্স
Ⓒ অবতল লেন্স Ⓓ উভাবতল লেন্স **Ans Ⓐ**

05. প্রতিসরণ দূরবীক্ষণ যন্ত্র কয় ধরনের?
Ⓐ 2 Ⓑ 4
Ⓒ 3 Ⓓ 5 **Ans Ⓒ**

06. মরীচিকা দ্বারা প্রাপ্ত প্রতিবিম্ব কী প্রকারের?
Ⓐ Imaginary Ⓑ Real
Ⓒ Both real and imaginary Ⓓ None of these **Ans Ⓐ**

07. অপটিক্যাল ফাইবার এর ভিতর দিয়ে আলোর চলাচলের মূলনীতি হলো–
Ⓐ প্রতিসরণ Ⓑ সমবর্তন
Ⓒ বিচ্ছুরণ Ⓓ পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন **Ans Ⓓ**

Educationblog24.com

Educationblog24.com

08. বাতাসের সাপেক্ষে হীরকের প্রতিসরাঙ্ক 2.42। হীরক-বাতাস সীমানার সংকট কোণ কত?
Ⓐ 24.2° Ⓑ 43.4° Ⓒ 48.6° Ⓓ 41.2° Ans Ⓐ

09. পানির প্রতিসরাঙ্ক 1.33 হলে, পানিতে আলোর বেগ কত?
Ⓐ 3×10^8 m/s Ⓑ 2.25×10^8 m/s
Ⓒ 2.25 m/s Ⓓ 4.4×10^{-7} m/s Ans Ⓑ

10. অস্তগামী সূর্য দেখার জন্য পানির ভিতর থেকে একটি মাছকে অভিলম্বের সাপেক্ষে যে কোণে দৃষ্টিপাত করতে হবে তা হল।
Ⓐ 57.55° Ⓑ 48.75°
Ⓒ 34.75° Ⓓ 34.75° Ans Ⓑ

11. পানির সাপেক্ষে কাচের প্রতিসরাঙ্ক 9/8 ও কাচের সাপেক্ষে বায়ুর প্রতিসরাঙ্ক 2/3 পানির সাপেক্ষে বায়ুর প্রতিসরাঙ্ক কত?
Ⓐ 3/8 Ⓑ 6/10
Ⓒ 3/4 Ⓓ 6/12 Ans Ⓒ

12. পানি ও গ্লিসারিনের প্রতিসরাঙ্ক যথাক্রমে 1.33 ও 1.47। এদের মধ্যকার সংকট কোণ কত হবে?
Ⓐ 45.79° Ⓑ 64.79°
Ⓒ 70.79° Ⓓ 50.79° Ans Ⓑ

13. একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব 1000 cm হলে, লেন্সটির ক্ষমতা কত?
Ⓐ D Ⓑ $\frac{1}{10}$ D Ⓒ $\frac{1}{100}$ D Ⓓ 100 D Ans Ⓑ

14. একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব 10 cm। লেন্স হতে 10 cm দূরে একটি বস্তু স্থাপন করা হলে বিম্বের অবস্থান কোথায় হবে?
Ⓐ 10 cm দূরে Ⓑ 20 cm দূরে
Ⓒ 1 cm দূরে Ⓓ অসীমে Ans Ⓓ

15. একটি লেন্সের ক্ষমতা +4 D। লেন্সটি থেকে কত দূরে বস্তু রাখলে আকারের প্রতিবিম্ব সৃষ্টি হবে?
Ⓐ 25 cm Ⓑ 50 cm
Ⓒ 75 cm Ⓓ 100 cm

16. একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব 20 cm। লেন্স হতে 20 cm দূরে বস্তু স্থাপন করা হলো। প্রতিবিম্বের অবস্থান হবে-
Ⓐ 10 cm দূরত্বে Ⓑ ∞ দূরত্বে
Ⓒ 20 cm দূরত্বে Ⓓ 5 cm দূরত্বে

17. একজন ক্ষীণদৃষ্টি সম্পন্ন মানুষের দূরবিন্দুর দূরত্ব $\frac{3}{4}$ m। কত ক্ষমতার লেন্স ব্যবহার করলে এ ত্রুটি দূর হবে?
Ⓐ $+\frac{4}{3}$D Ⓑ $-\frac{4}{3}$D Ⓒ $-\frac{3}{4}$D Ⓓ $+\frac{3}{4}$D

18. একটি ক্ষীণ দৃষ্টিসম্পন্ন চোখের দূরবিন্দুর দূরত্ব 75 cm। কত ক্ষমতার লেন্স ব্যবহার করলে ঐ ত্রুটি দূর হবে?
Ⓐ 2.30 D Ⓑ –1.33 D
Ⓒ 1.5 D Ⓓ –3.5 D

19. সমবাহু ত্রিভুজাকৃতির একটি প্রিজমের প্রতিসরাঙ্ক $\sqrt{2}$ হলে এর ন্যূনতম কোণ কত?
Ⓐ 35° Ⓑ 40°
Ⓒ 30° Ⓓ 45°

20. একটি প্রিজমের প্রিজম কোণ 60° এবং প্রতিসরাঙ্ক 1.48। প্রিজমটির বিচ্যুতি কোণ কত?
Ⓐ 45° Ⓑ 34°
Ⓒ 35.46° Ⓓ 41.39°

Part 3 BUP বিগত বছরের প্রশ্নোত্তর

01. পানির প্রতিসরাঙ্ক 1 : 33 হলে, পানিতে আলোর বেগ কত? [BUP-FST : 23-24]
Ⓐ 3×10^8 ms^{-1} Ⓑ 2.25×10^8 ms^{-1}
Ⓒ 2.25 ms^{-1} Ⓓ 4.4×10^{-7} ms^{-1} Ans Ⓑ

02. একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব 1000 cm হলে, ক্ষমতা কত? [BUP-FST : 23-24]
Ⓐ D Ⓑ $\frac{1}{10}$ D
Ⓒ $\frac{1}{100}$ Ⓓ $\frac{1}{1000}$ D Ans Ⓑ

03. একটি সমবাহু ত্রিভুজের প্রতিসরাঙ্ক $\sqrt{2}$ হলে নূন্যতম বিচ্যুতি কোণ কত? [BUP-FST : 20-21]
Ⓐ 45° Ⓑ 30°
Ⓒ 60° Ⓓ 35° Ans Ⓑ

04. কাঁচের প্রতিসরাঙ্ক $\frac{4}{3}$ হলে কাঁচে আলোর বেগ কত? [BUP-FST : 20-21]
Ⓐ 2.28×10^8 ms^{-1} Ⓑ 2.25×10^8 ms^{-1}
Ⓒ 1.79×10^8 ms^{-1} Ⓓ 2.35×10^8 ms^{-1} Ans Ⓑ

05. কোন বর্ণের রশ্মির বিচ্যুতিকে গড় বিচ্যুতি বলা হয়? [BUP-FST : 19-20]
Ⓐ লাল Ⓑ কমলা
Ⓒ হলুদ Ⓓ সবুজ Ans Ⓒ

06. প্রতিসরণ দূরবীক্ষণ যন্ত্র কোনটি? [BUP-FST : 19-20]
Ⓐ নিউটনের দূরবীক্ষণ যন্ত্র Ⓑ ভূ-দুরবীক্ষণ যন্ত্র
Ⓒ গ্রেগরির দূরবীক্ষণ যন্ত্র Ⓓ হারসেলের দুরবীক্ষণ যন্ত্র Ans Ⓑ

07. একটি সমবাহু প্রিজমের ন্যূনতম বিচ্যুতি 30° হলে, প্রতিসরাঙ্ক কত? [BUP-FST : 18-19]
Ⓐ 1.6 Ⓑ 1.5
Ⓒ 1.41 Ⓓ 1.7 Ans Ⓒ

08. জটিল অনুবীক্ষণ যন্ত্রে গঠিত চূড়ান্ত প্রতিবিম্ব- [BUP-FST : 18-19]
Ⓐ উল্টো ও খর্বিত Ⓑ উল্টো ও বিবর্ধিত
Ⓒ সোজা ও খর্বিত Ⓓ সোজা ও বিবর্ধিত

09. একটি সমতলাবতল লেন্সের প্রতিসরাঙ্ক 1.6 এবং বক্রতার ব্যাসার্ধ ফোকাস দূরত্ব কত? [BUP-FST : 17-18]
Ⓐ 50 cm Ⓑ 100 cm
Ⓒ 200 cm Ⓓ 96 cm

10. পানির প্রতিসরাঙ্ক 1.3 হলে পানিতে আলোর বেগ কত? (শূন্যস্থানে 3×10^8 ms^{-1}) [BUP-FST : 16-17]
Ⓐ 3.0×10^8 m/s Ⓑ 2.31×10^8 m/s
Ⓒ 2.0×10^8 m/s Ⓓ 4.4×10^8 m/s

11. নিচের চিত্রটি কোন ঘটনাটি ব্যাখ্যা করে? [BUP-FST : 15-16]



Ⓐ Reflection Ⓑ Refraction
Ⓒ A and B above Ⓓ Total internal reflection

12. 1 মিটার বক্রতার ব্যাসার্ধ বিশিষ্ট একটি অবতল দর্পণ এর মেরু বিন্দু হতে দূরত্বে একটি বস্তু রাখা হলো। প্রতিবিম্বের অবস্থান নির্ণয় কর। [BUP-FST]
Ⓐ 2 m Ⓑ 1 m
Ⓒ 3 m Ⓓ 4 cm

Educationblog24.com

Part 4 অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. প্রিজমের ন্যূনতম বিচ্যুতি অবস্থানের জন্য কোনটি সঠিক? [CU-A : 23-24]
Ⓐ আপতন কোণ > নির্গমন কোণ Ⓑ আপতন কোণ < নির্গমন কোণ
Ⓒ আপতন কোণ = নির্গমন কোণ
Ⓓ আপতন কোণ = প্রতিসরণ কোণ Ans Ⓒ

02. 10 cm ফোকাস দূরত্বের একটি অবতল দর্পণের বক্রতার ব্যাসার্ধ কত? [CU-A : 22-23]
Ⓐ 5 cm Ⓑ 5.6 cm Ⓒ 20 cm Ⓓ 30 cm Ans Ⓒ

03. F ফোকাস দূরত্ব বিশিষ্ট দুটি উত্তল লেন্সকে পরস্পরের সংস্পর্শে রাখলে মিলিত ফোকাস দূরত্ব কত হবে? [CU-A : 22-23]
Ⓐ 4 F Ⓑ 2 F Ⓒ $\frac{F}{2}$ Ⓓ F Ans Ⓒ

04. পানি ও কাঁচের পরম প্রতিসরাঙ্ক যথাক্রমে $\frac{4}{3}$ ও $\frac{3}{2}$ হলে পানির সাপেক্ষে কাঁচের আপেক্ষিক প্রতিসরাঙ্ক কত? [CU-A : 22-23]
Ⓐ $\frac{2}{3}$ Ⓑ $\frac{5}{7}$ Ⓒ $\frac{9}{8}$ Ⓓ 1 Ans Ⓒ

05. একটি অবতল দর্পনের বক্রতার ব্যাসার্ধ 48 cm. দর্পণটি হতে 24 cm দূরে একটি বস্তু রাখা হলে, বিম্ব কোথায় গঠিত হবে? [CU-A : 22-23]
Ⓐ 10 cm পিছনে Ⓑ 20 cm দূরে
Ⓒ অসীম দূরত্বে Ⓓ 5 cm পিছনে Ans Ⓒ

06. একটা গোলীয় দর্পণের 15 cm সামনে লক্ষ্যবস্তু স্থাপন করলে 30 cm পেছনে বিম্ব গঠিত হয়। দর্পণটির ফোকাস দুরত্ব কত? [RU-C : 22-23]
Ⓐ 10 cm Ⓑ 15 cm Ⓒ 20 cm Ⓓ 30 cm Ans Ⓓ

07. বায়ু ও হীরকের মধ্যকার সংকট কোণ 25° হলে প্রতিসরণাঙ্ক কত? [CU-A : 21-22]
Ⓐ 2.566 Ⓑ 2.366 Ⓒ 2.666 Ⓓ 2.444 Ans Ⓑ

08. একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব (focal length) 0.5 m হলে লেন্সটির ক্ষমতা– [CU-A : 21-22]
Ⓐ + 0.5 D Ⓑ – 0.5 D Ⓒ + 2 D Ⓓ – 2 D Ans Ⓒ

09. শূন্যে (vacuum) প্রতিসরণাঙ্ক (refractive index)– [CU-A : 21-22]
Ⓐ 0 Ⓑ 1 Ⓒ >1 Ⓓ ∞ Ans Ⓑ

10. একটি অবতল আয়না পানিতে রাখলে আয়নার ফোকাস দূরত্বে কী পরিবর্তন হবে? [RU-C : 21-22]
Ⓐ অর্ধেক Ⓑ দ্বিগুণ
Ⓒ একই থাকবে Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

11. কোন ত্রুটি দূরীকরণে উত্তল লেন্স ব্যবহার করা হয়? [DU-A : 20-21]
Ⓐ ক্ষীণ দৃষ্টি Ⓑ দূর দৃষ্টি Ⓒ চালশে Ⓓ বিষম দৃষ্টি Ans Ⓑ

12. আলোর তরঙ্গদৈর্ঘ্য ও মাধ্যমের প্রতিসরাঙ্কের মধ্যে সম্পর্ক কোনটি? [CU-A : 20-21]
Ⓐ $_a\mu_b = \frac{\lambda_b}{\lambda_a}$ Ⓑ $_a\mu_b = \frac{\lambda_a}{\lambda_b}$
Ⓒ $_a\mu_b = \lambda_a\lambda_b$ Ⓓ $_a\mu_b = \sqrt{\frac{\lambda_b}{\lambda_a}}$ Ans Ⓑ

13. গাড়ী ও মোটর সাইকেলের প্রতিফলক হিসেবে কোন ধরনের দর্পণ ব্যবহার করা হয়? [CU-A : 20-21]
Ⓐ উত্তল দর্পণ Ⓑ অবতল দর্পণ
Ⓒ সমতল দর্পণ Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

14. সঙ্কট কোণ ও প্রতিসরাঙ্কের মধ্যে সম্পর্ক কোনটি? [CU-A : 20-21]
Ⓐ $\mu = \sin\theta_c$ Ⓑ $\frac{\mu}{2} = \sin\theta_c$
Ⓒ $\mu = \frac{1}{\sin\theta_c}$ Ⓓ $\sin\theta_c = 2\mu$ Ans Ⓒ

15. কোনটি স্নেলের সূত্র? [CU-A : 20-21]
Ⓐ $\frac{\sin i}{\sin r} = \frac{\mu_a}{\mu_b}$ Ⓑ $\frac{\sin i}{\sin r} = \frac{\mu_b}{\mu_a}$
Ⓒ $\frac{\sin i}{\sin r} = \sqrt{\frac{\mu_b}{\mu_a}}$ Ⓓ $\frac{\sin i}{\sin r} = \sqrt{\frac{\mu_a}{\mu_b}}$ Ans Ⓑ

16. নিম্নের আলোর বেগ ও মাধ্যমে প্রতিসরাঙ্কের সম্পর্কগুলোর মধ্যে কোনটি ঠিক? [CU-A : 20-21]
Ⓐ $_a\mu_b = \frac{v_b}{v_a}$ Ⓑ $_a\mu_b = \frac{v_a}{v_b}$
Ⓒ $_a\mu_b = \sqrt{v_a v_b}$ Ⓓ $_a\mu_b = v_a v_b$ Ans Ⓑ

17. একটি উত্তল দর্পণের অসীম দূরত্বে বস্তুকে রাখা হলে, প্রতিবিম্বের অবস্থান কোথায়? [CU-A : 20-21]
Ⓐ অসীম Ⓑ f Ⓒ $\frac{f}{2}$ Ⓓ 2f Ans Ⓑ

18. আলোকের কোন ঘটনার জন্য রংধনুর সৃষ্টি হয়? [CU-A : 20-21]
Ⓐ ব্যাতিচার Ⓑ অপবর্তন Ⓒ বিচ্ছুরণ Ⓓ সমবর্তন Ans Ⓒ

19. কাঁচ ও হীরকের প্রতিসরাঙ্ক যথাক্রমে $\frac{3}{2}$ এবং $\frac{5}{2}$। কাঁচ ও হীরকের মধ্যে সংকট কোণ কত? [RU-C : 20-21]
Ⓐ $\sin^{-1}\left(\frac{3}{2}\right)$ Ⓑ $\sin^{-1}\left(\frac{2}{3}\right)$
Ⓒ $\sin^{-1}\left(\frac{3}{5}\right)$ Ⓓ $\sin^{-1}\left(\frac{5}{3}\right)$ Ans Ⓒ

20. যদি আলো এক মাধ্যম থেকে অন্য মাধ্যমে প্রবেশ করে তবে নিচের কোনটির পরিবর্তন হয় না? [RU-C : 20-21]
Ⓐ কম্পাঙ্ক Ⓑ প্রতিসরাঙ্ক Ⓒ বেগ Ⓓ তীব্রতা Ans Ⓐ

21. কাঁচ ও পানির সাথে শূন্য মাধ্যমের সংযোগস্থলের জন্য সংকট কোণ যথাক্রমে θ_1 ও θ_2। পানি ও কাঁচের সংযোগস্থলের জন্য সংকট কোণের মান কেমন হবে? [$\mu_g = 3/2$; $\mu_w = 4/3$] [RU-C : 20-21]
Ⓐ θ_2 এর চেয়ে কম Ⓑ θ_1 ও θ_2 এর মধ্যবর্তী
Ⓒ θ_2 এর চেয়ে বেশি Ⓓ θ_1 এর চেয়ে কম Ans Ⓒ

22. সংকট কোণ ও প্রতিসরাঙ্কের মধ্যে সম্পর্ক কোনটি? [CU-A : 19-20]
Ⓐ $\tan\theta_c = \frac{1}{\mu}$ Ⓑ $\cos\theta_c = \frac{1}{\mu}$
Ⓒ $\sin\theta_c = \frac{1}{\mu}$ Ⓓ $\cot\theta_c = \frac{1}{\mu}$ Ans Ⓒ

23. একটি আলোক রশ্মি আলোকীয় ঘন মাধ্যম হতে হালকা মাধ্যমে ভ্রমণ করে। এ দুটি মাধ্যমের জন্য সংকট কোণ c হলে রশ্মির সম্ভাব্য সর্বোচ্চ বিচ্যুতি কত? [CU-A : 19-20]
Ⓐ $\pi - 2c$ Ⓑ $\pi - c$ Ⓒ $\frac{\pi}{2} + c$ Ⓓ $\left(\frac{\pi}{2} - c\right)$ Ans Ⓓ

24. "বিপদ সংকেতে সব সময় লাল আলো ব্যবহৃত হয়" আলোর কোন নীতির সাহায্যে এটি ব্যাখ্যা করা যায়? [RU-C : 19-20]
Ⓐ আলোর বিক্ষেপণ Ⓑ আলোর বিচ্ছুরণ
Ⓒ আলোর প্রতিফলন Ⓓ আলোর প্রতিসরণ Ans Ⓐ

25. কোনো লেন্সের ক্ষমতা + 5 D বলতে বুঝায়? [RU-C : 19-20]
Ⓐ লেন্সটি উত্তল ও ফোকাস দূরত্ব 5 cm
Ⓑ লেন্সটি অবতল ও ফোকসে দূরত্ব 5 cm
Ⓒ লেন্সটি উত্তল ও ফোকাস দূরত্ব 20 cm
Ⓓ লেন্সটি অবতল ও ফোকাস দূরত্ব 20 cm Ans Ⓒ

26. একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব 10 cm। লেন্স হতে 10 cm দূরে একটি বস্তু স্থাপন করা হলে বিম্বের অবস্থান কোথায় হবে? [RU-C : 19-20]
Ⓐ 10 cm দূরে Ⓑ 20 cm দূরে
Ⓒ 1 cm দূরে Ⓓ অসীমে Ans Ⓓ

27. কাগজের ভার হিসাবে ব্যবহৃত একটি পুরু কাচ (প্রতিসরাঙ্ক 1.5) খণ্ডের উপর থেকে খাড়া নিচের দিকে তাকালে কাগজের উপর একটি দাগ কাচের উপর থেকে 6 cm নিচে দেখা যায়। কাচ খণ্ডটির পুরুত্ব কত? [DU-A : 19-20]
Ⓐ 4 cm Ⓑ 6 cm Ⓒ 9 cm Ⓓ 12 cm Ans

Educationblog24.com

পদার্থবিজ্ঞান ২য় পত্র

অধ্যায় ৭

ভৌত আলোকবিজ্ঞান

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **তড়িৎ চৌম্বক বর্ণালি:** তড়িৎ চৌম্বক বিকিরণের দৃশ্যমান আলো, অবলোহিত বিকিরণ, বেতার তরঙ্গ, অতিবেগুনী বিকিরণ, এক্সরে, গামারশ্মি ইত্যাদি যে বর্ণালি সৃষ্টি করে তাকে তড়িৎচৌম্বক বর্ণালি বলে।
- **পয়েন্টিং ভেক্টর:** কোন তড়িৎ চৌম্বক তরঙ্গের গতিপথে লম্বভাবে স্থাপিত কোন একক ক্ষেত্রফলের মধ্য দিয়ে যে পরিমাণ শক্তি অতিক্রম করে তাকে পয়েন্টিং ভেক্টর বলে। ইহা একটি ভেক্টর রাশি। এর একক ওয়াট/ মিটার^2।
- **আলোকের তত্ত্বসমূহ:**

তত্ত্বসমূহ	বিজ্ঞানী	দেশ
I. কণা / নির্গমন তত্ত্ব	নিউটন	ইংল্যান্ড
II. তরঙ্গ তত্ত্ব	হাইগেন	ডেনমার্ক
III. বিদ্যুৎ চুম্বকীয় তত্ত্ব	ম্যাক্সওয়েল	স্কটল্যান্ড
IV. কোয়ান্টাম তত্ত্ব	প্লাংক	জার্মানী

- **নিচের চার্টটি লক্ষ্য কর :**

বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য (Å)	বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য (Å)
বেগুনী	4000–4500	হলুদ	5500–6000
নীল	4500–4800	কমলা	6000–6500
আসমানী	4800–5000	লাল	6500-7000
সবুজ	5000–5500		

সুতরাং লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশী।

- **সৌরমন্ডলের কেন্দ্রস্থল খুবই উত্তপ্ত:** এটি সাদা উত্তপ্ত কঠিন পদার্থে গঠিত। এর নাম আলোকমন্ডল। এর তাপমাত্রা কয়েক কোটি ডিগ্রি সেন্টিগ্রেড। আলোকমন্ডলের বাইরের অংশের নাম বর্ণমন্ডল। এ অংশের উত্তাপ অপেক্ষাকৃত কম।
- **বিশুদ্ধ বর্ণালি:** যে বর্ণালির বর্ণগুলি স্বতন্ত্র স্থান দখল করে এবং একটি বর্ণের সাথে অন্যমিশে না তাকে বিশুদ্ধ বর্ণালি বলে। ইহা অবার্ণ লেন্স পদ্ধতিতে উৎপন্ন করা হয়।
- **অশুদ্ধ বর্ণালি** – যে বর্ণালির বর্ণগুলির স্বতন্ত্র স্থানে থাকে না এবং একটি বর্ণ অপর বর্ণের সাথে মিশে যায়, তাকে অশুদ্ধ বর্ণালি বলে।
- **তরঙ্গ তত্ত্বের ত্রুটিসমূহ:**

i আলোর তরঙ্গ তত্ত্বে সর্বব্যাপী ইথার মাধ্যমের কল্পনা করা হয়েছে। যার বাস্তবে অস্তিত্ব নাই। মাইকেলসন মর্লির ইথার সরণ পরীক্ষার সাহায্যে প্রমাণ করা যায় ইথার এর অস্তিত্ব নাই।

- **আলোর ব্যতিচার :**
  - টমাস ইয়াং আলোকের ব্যতিচার আবিষ্কার করেন।
- **ব্যতিচারের ব্যবহার :**
  - একটি তলের মসৃণতা পরীক্ষাকরণে।
  - সূক্ষ্ম বর্ণালি রেখার বর্ণবিন্যাস পর্যালোচনায় ব্যবহার করা হয়।
  - তরঙ্গ বা গ্যাসের প্রতিসরাংক নির্ণয় করা যায়।
  - তাপমাত্রা ও ঘনত্বের সাথে গ্যাস ও দ্রবণের প্রতিসরাঙ্ক পরিবর্তন জানা যায়।
- **অপবর্তন:** বস্তুর কিনারা ঘেষে আলোর রশ্মি বেঁকে যাওয়াকে অপবর্তন বলে।
- **সমবর্তন:** যে প্রক্রিয়ায় বিভিন্ন তলে কম্পমান আলোক তরঙ্গকে একটি নির্দিষ্ট তল বরাবর কম্পনক্ষম করা যায় তাকে আলোকের সমবর্তন বা পোলারায়ন বলে।
- **সমবর্তিত আলোক:** একটি তলে বা সমান্তরালে কম্পিত আড় তরঙ্গ বিশিষ্ট আলোককে সমবর্তিত আলোক বলে।
- **সমবর্তন তল:** কম্পন তলের সাথে যে তলটি লম্বভাবে অবস্থান করে তাকে সমবর্তন তল বলে।
- **দ্বৈত প্রতিসরণ:** এমন কতকগুলো কেলাস আছে যার মধ্যে আলোক রশ্মি গমন করলে এটি দুটি প্রতিসৃত রশ্মিতে বিভক্ত হয়। একে দ্বৈত প্রতিসরণ বলে।
- **প্রধান ছেদ:** কোন কেলাসের সরলাক্ষ বরাবর এবং এর দুই বিপরীত পৃষ্ঠের সমকোণে বিবেচিত তলকে ঐ কেলাসের প্রধান ছেদ বলে।
- **কেলাসের প্রকারভেদ:**
  - i. ধনাত্মক কেলাস, উদাহরণ → টুর্ম্যালিন, কোয়ার্টজ
  - ii. ঋনাত্মক কেলাস, উদাহরণ → ক্যালসাইট
- **দীপ্তি বা আলোক প্রবাহ:** কোন আলোক উৎস হতে প্রতি সেকেন্ডে যে আলোক শক্তি নির্গত হয়, তাকে দীপ্তি বা আলোক প্রবাহ বলে।
- **দীপন ক্ষমতা:** কোন আলোক উৎস হতে একক দূরত্বে অবস্থিত কে তলের একক ক্ষেত্রফলের উপর লম্বভাবে প্রতি সেকেন্ডে যে পরিমা শক্তি আপতিত হয় তাকে উৎসের দীপন ক্ষমতা বলে।
  - উৎসের দীপন ক্ষমতা (P) = আলোক প্রবাহ (Q)/4π
  - দীপন ক্ষমতার আন্তর্জাতিক একক হচ্ছে ক্যান্ডেলা
- **তীব্রতা ও দীপন ক্ষমতার মধ্যে সম্পর্ক-**

  দীপন তীব্রতা ও = দীপন ক্ষমতা (P)/ দূরত্বের বর্গ (r^2)
- **ম্যালাসের সূত্র:** "সমবর্তিত আলো বিশ্লেষকের মধ্য দিয়ে গমনের তীব্রতা সমবর্তক ও বিশ্লেষকের নিঃসরণ তলের মধ্যবর্তী কোণের বর্গের সমানুপাতিক।"

  ∴ আলোর তীব্রতা, $I = Ka^2\cos^2\theta \Rightarrow I = I_0\cos^2\theta$
- পরিবর্তনশীল চৌম্বকক্ষেত্র দ্বারা- **তড়িৎক্ষেত্র উৎপন্ন হয়**
- অসীম দূর হতে আগত সমান্তরাল আলোক রশ্মির তরঙ্গমুখ- **সমতল**
- কোনো নক্ষত্রের তরঙ্গমুখের আকৃতি- **বেলনাকৃতি**
- শূন্য মাধ্যমে প্রবেশ্যতার ধ্রুবক এর মান- $4\pi \times 10^{-7}$ **TmA^{-1}**
- কোনো নক্ষত্রের তরঙ্গমুখের আকৃতি- **সমতল**
- কোনো তরঙ্গের উপর অবস্থিত সমদশা সম্পন্ন কণাগুলোর সঞ্চার পথকে- **তর**
- জেনারেটর বা ডায়নামো থেকে কোন তরঙ্গ উৎপন্ন হয়- **পাওয়ার ওয়ে**
- আসমানি বর্ণের তরঙ্গ দৈর্ঘ্য- **(4800 - 5000) Å**
- উৎস জানা থাকলে তরঙ্গমুখের যে কোনো সময়ের- **অবস্থান নির্ণয় কর**
- বেগুনি আলোর তরঙ্গ দৈর্ঘ্য- **প্রায় 3800 Å**
- সোডিয়াম আলোর তরঙ্গ দৈর্ঘ্য- **5800 Å**
- TV তে ব্যবহৃত হয়- **মাইক্রোওয়েভ তরঙ্গ**
- আলোক উৎস বড় ও কৌণিক বিস্তার বেশি হলে- **বর্ণালি অবিশুদ্ধ হবে**
- আলোর বেগ- $c = \frac{1}{\sqrt{\epsilon_0\mu_0}}$
- আলোর ব্যতিচারের শর্ত হলো- **সুসঙ্গত উৎস হতে হবে**
- ইয়ং-এর দ্বি-চিড় পরীক্ষায়- **সাদা আলোর উৎস ব্যবহার করা হয়**
- সাধারণভাবে ব্যতিচার আলো, শব্দ ইত্যাদির - **একাধিক তরঙ্গের উপরিপাত**
- তরঙ্গের উপরিপাতনের ফলে ঘটে- **ব্যতিচার**
- কোন দশা পার্থক্যে উজ্জ্বল বিন্দু পাওয়া যায়- $2n\pi$
- দশা পার্থক্য পথ পার্থক্যের কতগুণ- $\frac{2\pi}{\lambda}$
- উৎস হতে আলোক তরঙ্গ কেলাসের আপতিত হবে- **সমতল পৃষ্ঠে**
- গঠনমূলক ব্যতিচারের জন্য পথ পার্থক্য- $n\lambda$
- সূর্য রশ্মির দৃষ্টিগোচরে সাতটি বর্ণের আলোর সজ্জাকে বলে- **সৌর বর্ণ**
- একটি তরঙ্গের দুটি বিন্দুর দশা পার্থক্য $\frac{\pi}{2}$ বিন্দুদ্বয়ের পথ পার্থক্য- $\frac{\lambda}{4}$
- ধ্বংসাত্মক ব্যতিচারের জন্য পথ পার্থক্য- $(2n+1)\frac{\lambda}{2}$

Educationblog24.com

Educationblog24.com

- ব্যতিচার ঝালরে একটি উজ্জ্বল বা অন্ধকার ডোরার প্রস্থ- $\delta x = \frac{\lambda a}{D}$
- একটি সমতল অপবর্তন গ্রেটিং-এ প্রতি সেন্টিমিটারে দাগ সংখ্যা 10000 হলে গ্রেটিং ধ্রুবক হবে- 10^{-4} cm
- কোনো গ্রেটিং-এর একক দৈর্ঘ্যে রেখার সংখ্যা- $N = \frac{1}{d}$
- প্রতি সে.মি.-এ রেখার সংখ্যা 6500 হলে গ্রেটিং ধ্রুবক- 1.54×10^{-4} cm
- রেখা সমবর্তিত আলোক তরঙ্গের কম্পন একটি তলে- সীমাবদ্ধ থাকে
- টুর্ম্যালিন কেলাসের সর্বাপেক্ষা বড় বর্ণটির নাম- সরলাক্ষ
- দুটি ডোরার মধ্যবর্তী দূরত্ব নির্ভর করে- তিনটি বিষয়ের উপর
- আলোকের সমবর্তন পরীক্ষায় ব্যবহার হয়- একটি আলোক উৎস
- উৎস হতে দূরবর্তী অঞ্চলে কমতে থাকে- তরঙ্গমুখের বক্রতা
- একই তরঙ্গদৈর্ঘ্যের দুটি বর্ণালি রেখা পৃথক করা যায়- গ্রেটিংর সাহায্যে
- অপবর্তন গ্রেটিং- 2 প্রকার
- অন্ধকার অঞ্চলে আলোর বাঁক নেওয়ার ঘটনাকে বলে- অপবর্তন
- অপবর্তন সৃষ্টি করার বিশেষ ব্যবস্থার নাম- ঝাঁঝরি
- সূর্যে এ পর্যন্ত পাওয়া মৌলিক পদার্থের সংখ্যা- 50 টি
- একক চিড়ের দরুন অপবর্তন- ফ্রনহফার শ্রেণি অপবর্তন
- ফ্রনহফারের রেখা উৎপত্তির কারণ ব্যাখ্যা দেন- কির্শফ
- পরীক্ষাগারে কোন গ্রেটিং ব্যবহার করা হয়- প্রতিলিপি গ্রেটিং
- প্রবল চৌম্বকক্ষেত্রের প্রভাবে- সমবর্তন তল ঘুরে যায়
- কণিকা তত্ত্ব দিয়ে ব্যাখ্যা করা যায় না: অবস।

অ	ব	স
↓	↓	↓
অপবর্তন	ব্যতিচার, বিচ্ছুরণ	সমবর্তন

- আলোর তরঙ্গ তত্ত্ব দিয়ে ব্যাখ্যা করা যায় না : সমান তড়িৎ আসে।

সমান	তড়িৎ	আসে
↓	↓	↓
সমবর্তন	ফটোতড়িৎ ক্রিয়া	আলোর সরলরৈখিক গতি

- তড়িৎ চৌম্বক তরঙ্গ : গ্রামের এত অপরূপ দৃশ্য অবচেতন মনকে রাঙিয়ে দিয়ে যায়।

গ্রামের	এত	অপরূপ	দৃশ্য	অবচেতন	মনকে	রাঙিয়ে দিয়ে যায়
↓	↓	↓	↓	↓	↓	↓
গামা (γ)	এক্স-রশ্মি (X-ray)	অতিবেগুনি রশ্মি (UV)	দৃশ্যমান আলো	অবলোহিত রশ্মি (IR)	মাইক্রোওয়েভ (MW)	রেডিও ওয়েভ (RW)

→ কম্পাঙ্ক ও শক্তি হ্রাস → → তরঙ্গ দৈর্ঘ্য বৃদ্ধি →

প্রয়োজনীয় সূত্রাবলি

❑ প্রতিসরাঙ্ক ও আলোর বেগ সংক্রান্ত :

- $_a\mu_b = \frac{v_a}{v_b}$
- $_a\mu_b = \frac{\lambda_a}{\lambda_b}$
- $\mu = \frac{\sin i}{\sin r}$
- $_w\mu_d = \frac{_a\mu_d}{_a\mu_w}$
- $\frac{\mu_1}{\mu_2} = \frac{v_2}{v_1}$
- $\mu_1 \lambda_1 = \mu_2 \lambda_2$
- $x_n = \frac{n\lambda D}{a}$
- $\Delta x = \frac{\lambda D}{a}$
- $c = \sqrt{\frac{1}{\mu_o \epsilon_o}}$
- $\frac{E}{B} = \frac{E_0}{B_0} = c$
- $v = \frac{c}{\sqrt{\mu k}}$
- $s = ct$
- $_a\mu_g = \frac{c_a}{c_g}$
- প্রতিসরাঙ্ক, $_a\mu_b = \frac{v_a}{v_b} = \frac{f\lambda_a}{f\lambda_b} = \frac{\lambda_a}{\lambda_b}$
- পথ পার্থক্য $= n\lambda$ [চরম/গঠনমূলক ব্যাতিচারের ক্ষেত্রে]
- পথ পার্থক্য $= \left(n + \frac{1}{2}\right)\lambda$ [অবম/ধ্বংসাত্মক ব্যাতিচারের ক্ষেত্রে]
- কেন্দ্রীয় চরম থেকে n-তম উজ্জ্বল ডোরার দূরত্ব $x_n = \frac{n\lambda D}{a}$
- পর পর দুটি অন্ধকার বা দুটি উজ্জ্বল ডোরার মধ্যবর্তী দূরত্ব, $\Delta x = \frac{\lambda D}{a}$
- একটি উজ্জ্বল অথবা একটি অন্ধকার ডোরার প্রস্থ $x = \frac{\lambda D}{2a}$
- দশা পার্থক্য $\delta = \frac{2\pi}{\lambda} \times x$ [x = পথ পার্থক্য]

❑ আলোর ব্যতিচার সংক্রান্ত :

- দশা পার্থক্য $= \frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য $= \frac{2\pi}{\lambda} \times x$
- গঠনমূলক ব্যতিচার, $x = n\lambda = 2\left(\frac{n\lambda}{2}\right)$
- ধ্বংসাত্মক ব্যতিচার: $x = (2n + 1)\frac{\lambda}{2}$
- যেকোনো দুটি উজ্জ্বল বা অন্ধকার ডোরার ব্যবধান, $\beta = \frac{\lambda D}{2d}$
- উজ্জ্বল বা অন্ধকার ডোরার প্রস্থ, $b = \frac{\lambda D}{4d}$ [এখানে চিড়দ্বয়ের দূরত্ব = 2d]

[Ref : ইসহাক স্যার]

- ডোরা ব্যবধান, $\Delta x = \frac{\lambda D}{a}$
- ডোরা প্রস্থ, $\Delta x = \frac{\lambda D}{2a}$ [এখানে চিড়দ্বয়ের দূরত্ব = a] [Ref : তপন স্যার]
- কেন্দ্রীয় চরম থেকে দূরত্ব, $x_n = \frac{n\lambda D}{2d}$ [Ref : ইসহাক স্যার]

❑ অপবর্তন ও অপবর্তন গ্রেটিং বা ঝাঝরি সংক্রান্ত :

- একক রেখার জন্য অপবর্তন :

চরম বিন্দু $a \sin\theta = (2n + 1)\frac{\lambda}{2}$ অবম বিন্দু $a \sin\theta = n\lambda$

- গ্রেটিং সমীকরণ, $d \sin\theta = n\lambda$
- সমতল নিঃসরণ গ্রেটিং: চরম বিন্দু $(a + b) \sin\theta = n\lambda$

অবম বিন্দু $(a + b) \sin\theta = (2n + 1)\frac{\lambda}{2}$

- এক রঙ্গা আলোকের তরঙ্গদৈর্ঘ্য: $\lambda = \frac{\sin\theta_n}{N.n}$
- গ্রেটিং ধ্রুবক, $N = \frac{1}{d} = \frac{1}{a + b}$

❑ দীপন ক্ষমতা ও তীব্রতা সংক্রান্ত :

- দীপন ক্ষমতা, $P = \frac{Q}{4\pi}$
- দীপন তীব্রতা, $I = \frac{Q}{A}$
- দীপন তীব্রতা $= \frac{\text{দীপন ক্ষমতা}}{\text{দূরত্বের বর্গ}} = \frac{P}{r^2}$

Educationblog24.com

Educationblog24.com

Part 2 সম্ভাব্য গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. হলুদ, কমলা ও লাল আলোর কম্পাঙ্ক যথাক্রমে υ_y, υ_0 ও υ_r হলে নিচের কোন সম্পর্কটি সঠিক?
Ⓐ $\upsilon_r > \upsilon_y > \upsilon_0$ Ⓑ $\upsilon_r > \upsilon_0 > \upsilon_y$
Ⓒ $\upsilon_r = \upsilon_0 = \upsilon_y$ Ⓓ $\upsilon_y > \upsilon_0 > \upsilon_r$ Ans Ⓓ

02. নিচের কোন তড়িৎ-চুম্বকীয় বিকিরণের কম্পাঙ্ক সবচেয়ে কম?
Ⓐ গামা Ⓑ অবলোহিত Ⓒ অতিবেগুনি Ⓓ এক্স-রে Ans Ⓑ

03. সমবর্তন তলে আলোক তরঙ্গের -
Ⓐ কম্পন হয় না Ⓑ তরঙ্গের চুঁড়া বেড়ে যায়
Ⓒ তরঙ্গের চুঁড়া কমবে Ⓓ কখনো কমে, কখনো বাড়ে Ans Ⓐ

04. আলো যখন বায়ু থেকে কাচে প্রবেশ করে তখন আলোর তরঙ্গের কি পরিবর্তন হয়?
Ⓐ রং ও বেগ Ⓑ কম্পাঙ্ক ও তরঙ্গদৈর্ঘ্য
Ⓒ তরঙ্গদৈর্ঘ্য ও রং Ⓓ বেগ ও তরঙ্গদৈর্ঘ্য Ans Ⓓ

05. তড়িৎচুম্বকীয় বিকিরণের সর্বনিম্ন তরঙ্গদৈর্ঘ্যের রশ্মি-
Ⓐ মহাজাগতিক রশ্মি Ⓑ এক্স-রশ্মি
Ⓒ অবলোহিত রশ্মি Ⓓ অতিবেগুনি রশ্মি Ans Ⓐ

06. গঠনমূলক ব্যতিচারে দুইটি তরঙ্গের মধ্যে দশা পার্থক্য কত?
Ⓐ π এর বিজোড় গুণিতক Ⓑ π এর জোড় গুণিতক
Ⓒ $\frac{\pi}{2}$ এর বিজোড় গুণিতক Ⓓ $\frac{\pi}{2}$ এর জোড় গুণিতক Ans Ⓑ

07. দৃশ্যমান আলোক বর্ণালিতে কোনটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি?
Ⓐ হলুদ Ⓑ লাল Ⓒ কমলা Ⓓ নীল Ans Ⓑ

08. সর্বপ্রথম আলোর বেগ আবিষ্কার করেন-
Ⓐ ফিজো Ⓑ ম্যাক্সওয়েল Ⓒ গাউসিয়ান Ⓓ গ্যালিলিও Ans Ⓐ

09. হীরকের প্রতিসরাঙ্ক 2.4 হলে, হীরকে আলোর বেগ কত?
Ⓐ $1.2 \times 10^8\ ms^{-1}$ Ⓑ $1.25 \times 10^8\ ms^{-1}$
Ⓒ $7.2 \times 10^8\ ms^{-1}$ Ⓓ $7.25 \times 10^8\ ms^{-1}$ Ans Ⓑ

10. $\varepsilon_0\mu_0$ এর একক নিম্নের কোনটির এককের সমান?
Ⓐ $(\text{velocity})^2$ Ⓑ $(\text{velocity})^{1/2}$
Ⓒ 1/velocity Ⓓ $1/(\text{velocity})^2$ Ans Ⓓ

11. পানির প্রতিসরাঙ্ক 1.3 হলে পানিতে আলোর বেগ কত? শূন্যস্থানে বেগ 3×10^8m/s
Ⓐ 3.31×10^8 m/s Ⓑ 2.31×10^8 m/s
Ⓒ 2×10^8 m/s Ⓓ 4.31×10^8 m/s

12. এক আলোক-বর্ষকে কিলোমিটারে প্রকাশ কর।
Ⓐ 9.4×10^{12}km Ⓑ 9.4×10^{18}km
Ⓒ 9.4×10^{15}km Ⓓ 9.4×10^{21}km

13. গঠনমূলক ব্যতিচারের শর্ত কোনটি?
Ⓐ $\frac{\lambda}{2\pi}$ Ⓑ $\frac{2\pi}{2\lambda}$ Ⓒ $n\lambda$ Ⓓ $(2n+$

14. ধ্বংসাত্মক ব্যতিচার এর জন্য পথ পার্থক্য কত?
Ⓐ $n\lambda$ Ⓑ $\frac{(n+1)\lambda}{2}$ Ⓒ $\frac{(2n+1)\lambda}{2}$ Ⓓ $(2n-$

15. একটি তরঙ্গের দু'টি বিন্দুর মধ্যে দশা পার্থক্য π হলে বিন্দুদ্বয়ের পার্থক্য কত?
Ⓐ λ Ⓑ 2λ Ⓒ $\lambda/2$ Ⓓ λ

16. অপবর্তন গ্রেটিং এর জন্য গ্রেটিং ধ্রুবক হলো-
Ⓐ চিড়ের প্রস্থ Ⓑ প্রতিটি
Ⓒ একটি চিড়ের শুরু থেকে পরবর্তী চিড়ের শুরু Ⓓ সবকয়টি

17. নিম্নের কোনটি রাশির একক μ_0/ϵ_0 এর এককের সমান?
Ⓐ $(\text{বেগ})^2$ Ⓑ $(\text{রোধ})^2$ Ⓒ চৌম্বক ক্ষেত্র Ⓓ বৈদ্যুতিক

18. I এবং 4I তীব্রতা সম্পন্ন দুটি তরঙ্গের উপরিপাতন হলে সর্বোচ্চ আলোর তীব্রতা হবে-
Ⓐ 5I, 3I Ⓑ 9I, I Ⓒ 9I, 3I Ⓓ 5I

19. $\vec{E}$ এবং $\vec{H}$ প্রত্যেকের সাথে তাড়িত চৌম্বক তরঙ্গ বেগের দিক কত?
Ⓐ 0° Ⓑ 45°
Ⓒ 90° Ⓓ 180°

Part 3 BUP বিগত বছরের প্রশ্নোত্তর

01. এক আলোকবর্ষ কত কিলোমিটার? [BUP-FST : 23-24, 17-18]
Ⓐ 9.4×10^{12} km Ⓑ 9.4×10^{18} km
Ⓒ 9.4×10^{8} km Ⓓ 9.15×10^{-15} km Ans Ⓐ

02. কাচ নির্মিত অপটিক্যাল ফাইবারে আলোর বেগ কত? [BUP-FST : 22-23]
Ⓐ $3 \times 10^8\ ms^{-1}$ Ⓑ $1.5 \times 10^8\ ms^{-1}$
Ⓒ $2 \times 10^8\ ms^{-1}$ Ⓓ $2.5 \times 10^8\ ms^{-1}$ Ans Ⓒ

03. পয়েন্টিং ভেক্টর- [BUP-FST : 21-22]
Ⓐ $\vec{E} \times \vec{H}$ Ⓑ $\mu_0\vec{B} \times \vec{E}$
Ⓒ $\frac{\vec{H}}{\mu_0} \times \vec{E}$ Ⓓ $\vec{E} \times \frac{\vec{H}}{\mu_0}$ Ans Ⓐ

04. তরঙ্গমুখে কণাগুলোর দশা পার্থক্য কত? [BUP-FST : 19-20]
Ⓐ $\frac{\pi}{2}$ Ⓑ π Ⓒ 0° Ⓓ $\frac{3}{2}$

05. দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্য কোনটি? [BUP-FST : 18-19]
Ⓐ 7.80×10^{-1}m ~ 380×10^{-7} m
Ⓑ 700×10^{-7} m ~ 380×10^{-7} m
Ⓒ 6.50×10^{-7} m ~ 380×10^{-7} m
Ⓓ 6.80×10^{-7} m ~ 380×10^{-7} m

06. ধ্বংসাত্মক ব্যতিচারের জন্য পথ পার্থক্য- [BUP-FST : 16-17]
Ⓐ $n\lambda$ Ⓑ $n\lambda/2$ Ⓒ $(2n+1)\lambda/2$ Ⓓ $(n+1)\lambda$

12. বর্তমানে কোনটি ব্যবহার করে রিকম্বিনেন্ট DNA শনাক্ত করা হয়? [RU-C-1 : 23-24]
Ⓐ SDS-Page Ⓑ ক্যালাস সৃষ্টি করে
Ⓒ DNA প্রোব Ⓓ কোনোটিই নয় Ans (C)

13. গোল্ডেন রাইসে যে ভিটামিন ফর্টিফায়েড অবস্থায় পাওয়া যায়– [RU-C-2 : 23-24]
Ⓐ ভিটামিন E Ⓑ ভিটামিন D
Ⓒ ভিটামিন K Ⓓ ভিটামিন A Ans (D)

14. ফরেনসিক DNA টেকনোলজি ব্যবহৃত হয়– [RU-C-2 : 23-24]
Ⓐ অপরাধী শনাক্তকরণে Ⓑ মাতৃত্ব ও পিতৃত্ব নিয়ে বিতর্ক দূরীকরণে
Ⓒ স্বজন নির্ধারণে Ⓓ সবগুলোতেই Ans (D)

15. ইনসুলিনের পলিপেপটাইড চেইনসমূহ যুক্ত থাকে যে বন্ধনের মাধ্যমে– [RU-C-3 : 23-24]
Ⓐ গ্লাইকোসাইট Ⓑ পেপটাইড
Ⓒ ডাইসালফাইড Ⓓ হাইড্রোজেন Ans (C)

16. কোনটি রেস্ট্রিকশন এনজাইম নয়? [RU-C-4 : 23-24]
Ⓐ DNase I Ⓑ Eco RI
Ⓒ Bam HI Ⓓ Hind III Ans (A)

17. ভাইরাসমুক্ত উদ্ভিদ তৈরিতে কোন পদ্ধতি বাংলাদেশে বাণিজ্যিকভাবে বহুল প্রচলিত [RU-C-4 : 23-24]
Ⓐ মেরিস্টেম কালচার Ⓑ ক্যালাস কালচার
Ⓒ হ্যাপ্লয়েড কালচার Ⓓ কোনোটিই নয় Ans (A)

18. PCR প্রযুক্তি ব্যবহৃত হয়– [RU-C-4 : 23-24]
Ⓐ রিকম্বিনেন্ট DNA প্রযুক্তিতে Ⓑ রোগ নির্ণয়ে
Ⓒ জীবন সংক্রান্ত গবেষণায় Ⓓ সবগুলোতেই Ans (D)

19. ট্রান্সজেনিক উদ্ভিদ তৈরিতে কোনটি বাহক হিসেবে কাজ করে? [RU-C-4 : 23-24]
Ⓐ *Plasmodium* Ⓑ *Penicillium*
Ⓒ *Vibrio* Ⓓ *Agrobacterium* Ans (D)

20. ব্যাকটেরিয়ার প্লাসমিড DNA– [RU-C-4 : 23-24]
Ⓐ একসূত্রক Ⓑ দ্বিসূত্রক
Ⓒ ত্রিসূত্রক Ⓓ বহুসূত্রক Ans (B)

21. গোল্ডেন রাইসের রং– [RU-C-4 : 23-24]
Ⓐ সাদা Ⓑ হলুদ
Ⓒ বাদামি Ⓓ বেগুনি Ans (B)

22. সংকরজাত বৈশিষ্ট্য রক্ষায় কোন ধরনের টিস্যু কালচার করা হয়? [JU-D : 22-23]
Ⓐ ভ্রূণ কালচার Ⓑ প্রোটোপ্লাস্ট কালচার
Ⓒ এন্ডোস্পার্ম কালচার Ⓓ পুংধানী কালচার Ans (A)

23. হোমোজাইগাস জাত সৃষ্টির জন্য কোনটি প্রযোজ্য? [JU-D : 22-23]
Ⓐ মেরিস্টেম কালচার Ⓑ পরাগরেণু কালচার
Ⓒ ভ্রূণ কালচার Ⓓ সস্য কালচার Ans (B)

24. টিস্যু কালচারে ব্যাসাল মিডিয়ামে সুক্রোজের পরিমাণ কত? [JU-D : 22-23]
Ⓐ ১-২% Ⓑ ৫-৭%
Ⓒ ০.৫-১% Ⓓ ২-৪% Ans (D)

25. কোনটি সোমাটিক এম্ব্রিওজেনেসিস এর অন্তর্গত নয়? [JU-D : 22-23]
Ⓐ অঙ্গজ বংশবৃদ্ধি Ⓑ ক্যালাস কালচার
Ⓒ সোমাক্লোনাল ভ্যারিয়েশন Ⓓ ভ্রূণকালচার Ans (D)

26. টিস্যু কালচারের মাধ্যমে উৎপন্ন হ্যাপ্লয়েড উদ্ভিদ কোনটি? [JU-D : 22-23]
Ⓐ Adhl Ⓑ স্বর্ণধান
Ⓒ পোমাটো Ⓓ জিনঘুয়া-1(গম) Ans (D)

27. জীবপ্রযুক্তির মাধ্যমে কোন জাতের ধান হতে সুপার রাইস উদ্ভাবিত– [JU-D : 22-23]
Ⓐ আউশ Ⓑ আমন
Ⓒ বোরো Ⓓ জ্যাপনিকা Ans (D)

28. পেঁপের রিংস্পট প্রতিরোধী জাত উদ্ভাবনে কি ব্যবহৃত হয়েছে? [JU-D : 22-23]
Ⓐ ভাইরাসের কোট প্রোটিন Ⓑ রেডিয়েশন
Ⓒ ব্যাক্টেরিয়ার কোট প্রোটিন Ⓓ গ্লাইফসেট ভাঙ্গার জিন Ans (A)

Educationblog24.com

জীববিজ্ঞান ১ম পত্র
অধ্যায় ১২

জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ইকোলজি সম্পর্কিত প্রাথমিক আলোচনা :

- পরিবেশের সাথে একটি প্রজাতির অন্যান্য ও বহুমাত্রিক সম্পর্ককে নীশ বলে।
- প্রজাতি এমন সব সদস্য নিয়ে গঠিত যারা কেবল নিজেদের মধ্যেই জনন ঘটাতে সক্ষম।
- গাধা + ঘোড়া $\xrightarrow{\text{মিলন}}$ খচ্চর
- সিংহ + বাঘ $\xrightarrow{\text{মিলন}}$ লাইগার
- মূল ঘনত্ব ও বাস্তুসংস্থানিক ঘনত্ব নিয়ে জীবগোষ্ঠীর ঘনত্ব গঠিত।
- জীব সম্প্রদায় বলতে একটি বাস্তুতন্ত্রের সম্পূর্ণ জীবন্ত অংশকে বোঝায়।

কিছু গুরুত্বপূর্ণ তথ্যাবলি:

- বিজ্ঞানীদের কাছে জীবের পরিচিতি প্রজাতি নির্ভর।
- বাংলাদেশে পাটের ২টি প্রজাতি চাষ করা হয়।
- প্রজাতি হলো শ্রেণিবিন্যাস পদ্ধতির সর্বনিম্ন একক।
- বাংলাদেশে নগ্নবীজী উদ্ভিদ প্রজাতির সংখ্যা ৫টি।
- একটি নির্দিষ্ট স্থানে একই সময়ে বসবাসকারী একই প্রজাতির একদল জীবকে পপুলেশন বলে।
- বায়োস্ফিয়ারের ভৌত উপাদান তিনটি-
  i) বায়ুমণ্ডল ii) বারিমণ্ডল iii) অশ্মমণ্ডল
- বায়োস্ফিরার ও এর ভৌত উপাদানের মধ্যে আন্তঃক্রিয়াকে বলে ইকোস্ফিয়ার।
- একটি সময়ে একটি একক আয়তন জায়গায় কোনো প্রজাতির কতটি সদস্য আছে তাকে পপুলেশন ঘনত্ব বলে।

ইকোলজিক্যাল পিরামিড

- ইহা খাদ্য জালকের বিন্যাস সমন্বিত পিরামিড আকৃতির ছক।
- বিজ্ঞানী এলটন [Elton, 1939] সর্বপ্রথম খাদ্য পিরামিড ব্যাখ্যা করেন।

ইহা তিন ধরনের:
১. সংখ্যার পিরামিড ২. শক্তির পিরামিড ও ৩. জীবভরের পিরামিড।

ইকোলজিক্যাল পিরামিড সম্পর্কিত তথ্য:

ক. সংখ্যার পিরামিডে প্রতিটি খাদ্যস্তরে জীবের সংখ্যা দেখানো হয়।
খ. বায়োমাসের পিরামিডে প্রতিটি খাদ্যস্তরে মোট বায়োমাসের পরিমাণ দেখানো হয়।
গ. শক্তির পিরামিডে প্রতি খাদ্যস্তরের বায়োমাসে শক্তির পরিমাণ নির্দেশ করে।
ঘ. শক্তির প্রবাহ একমুখী।
ঙ. ইকোসিস্টেমে শক্তি প্রবাহ ঘটে খাদ্যশৃংখলে।
চ. পরস্পর একাধিক খাদ্যশৃংখলের জটিল অবস্থাকে ফুডওয়েব বলে।

জীবের অভিযোজন

- ১টি নিবাসে সফলভাবে বসবাসের উদ্দেশ্যে উদ্ভিদ বা প্রাণী যে বৈশিষ্ট্যগুলো অর্জন করে।
- Warming 1909 উদ্ভিদ সম্প্রদায়কে পরিবেশের উপর ভিত্তি করে ৩ ভাগে ভাগ করেন হাইড্রোফাইট, মেসোফাইট এবং জেরোফাইট।
- উদ্ভিদে প্রধানত ৩ ধরনের অভিযোজন দেখা যায়- যথা: জলজ, মরুজ ও লবণাক্ত পরিবেশের অভিযোজন।
- একই উদ্ভিদে বিভিন্ন ধরনের পাতার উপস্থিতিকে হেটারোফিলিস বলে।
- *Hydrilla* এর কর্টেক্স প্যারেনকাইমা কোষে গঠিত এবং এতে বায়ুকুঠুরী বা অ্যারেনকাইমা লক্ষণীয়।
- লবণাক্ত পরিবেশে যেসব উদ্ভিদ জন্মে তারা Halophytes হিসেবে পরিচিত।
- তিমির মাথার চূড়ায় ব্লো হোল (blowhole) নামে এক ছিদ্রপথ রয়েছে।
- উদ্ভিদ জলজ পরিবেশে জন্মালে হাইড্রোফাইট, মরুভূমিতে জন্মালে জেরোফাইট বলে।
- শ্বাসমূল বা নিউম্যাটোফোর থাকে লবণাক্ত পরিবেশের উদ্ভিদে।
- জরায়ুজ অঙ্কুরোদগম দেখা যায় হ্যালোফাইটে।

বায়োম :

- নির্দিষ্ট পরিবেশ ও জলবায়ুর প্রভাবে বিশেষ ধরনের উদ্ভিদ ও প্রাণীর সমন্বয়ে গড়ে ওঠা বৃহদাকৃতির ভৌগোলিক এককে বায়োম বলে।
- বায়োম ৬ ভাগে বিভক্ত:

১. স্বাদুপানির বায়োম ২. সামুদ্রিক বায়োম
৩. মরুভূমির বায়োম ৪. বনভূমির বায়োম
৫. তৃণভূমির বায়োম ৬. হিমপ্রান্তর বা তুন্দ্রা বায়োম

- প্রবাল প্রাচীরকে সমুদ্রের বারিবন বলে।
- ৯২% প্রবাল প্রাচীর ইন্দো-প্যাসিফিক অঞ্চলে বিস্তৃত।
- পৃথিবীর ৬০% মানুষ মোহনার কুলে আবাস নির্মাণ করেছে।
- মরুভূমির তাপমাত্রা 0°C-45°C হতে পারে।
- ভূ-পৃষ্ঠের এক-তৃতীয়াংশ এলাকা বনভূমিতে আবৃত। ৭০% কার্বন জমে আছে বনভূমি বায়োমে।
- কনিকার বনভূমি উত্তর আমেরিকা ও ইউরেশিয়ায় বিস্তৃত।
- কার্বোনিফেরাস যুগের প্রায় ৩০ কোটি বছর আগে পৃথিবীর মহাদেশগুলো মিলে প্যানগিয়া নামক একটিমাত্র বিশাল ভূ-খন্ড ছিল। ভারতবর্ষের অবস্থান ছিল আফ্রিকা ও অ্যান্টার্কটিকার মাঝে।
- লরেসিয়া → প্যানগিয়া বিষুবরেখার উত্তরাংশের ভূ-খন্ডটি
- গন্ডোয়ানাল্যান্ড → প্যানগিয়া বিষুবরেখার দক্ষিনাংশের ভূ-খন্ডটি।
- লরেসিয়া ও গন্ডোয়ানাল্যান্ডকে পৃথক করে রেখেছিল টেথিস সাগর।
- ওয়েবার রেখার নামকরণ করেন পেলসেনিয়ার
- ওয়ালেস এর রেখার নামকরণ করেন জুলিয়ান হাক্সলে।
- ওয়ালেস এর রেখা ও ওয়েবার এর রেখার অন্তর্বর্তী ভূ-খন্ডকে ওয়ালেসিয়া বলে।
- কোন সুনির্দিষ্ট অঞ্চলে সীমাবদ্ধ প্রাণীকূলকে এন্ডেমিক ফনা বলে।

প্রাণীভৌগলিক অঞ্চল :

প্রাণিভৌগলিক অঞ্চল	অন্তর্ভুক্ত এলাকাসমূহ	প্রধান মেরুদণ্ডী প্রাণীসমূহ
১. প্যালিআর্কটিক অঞ্চল	সম্পূর্ণ ইউরোপ, আফ্রিকার উত্তর অংশ এবং দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়া ছাড়া এশিয়ার বাকি অংশ।	হরিণ, ভাল্লুক, নেকড়ে, ভোঁদর, উট, বলগা হরিণ, গরু, ম্যান্ডারিন হাঁস, কবুতর, ফ্লেমিংগো, চায়নিজ সাকার, উট পাখি, পেলিকান, চায়নিজ এলিগেটর, প্যাডেল ফিস, সাকার ফিস, ক্যাটফিস।
২. নিআর্কটিক অঞ্চল	উত্তর আমেরিকার অধিকাংশ, গ্রীনল্যান্ড ও আইসল্যান্ড।	উট, ঘোড়া, লামা, আলপাকা, গোয়াঙ্কা, নেকড়ে, মেরু শিয়াল, ভাল্লুক, ক্যাঙ্গারু, বাইসন, লাল হরিণ, পেলিকান, শকুন, বক, টার্কি, হামিং বার্ড, ফিঙে, কচ্ছপ, এলিগেটর, কুমির, প্রবাল, সাপ, কাকলাস, স্যালামান্ডার, প্যাডেল ফিস, রো ফিন, সাকার ফিস, ক্যাটফিস।

Educationblog24.com

প্রাণিভৌগলিক অঞ্চল	অন্তর্ভুক্ত এলাকাসমূহ	প্রধান মেরুদণ্ডী প্রাণীসমূহ
৩. নিওট্রপিক্যাল অঞ্চল	সমগ্র দক্ষিণ আমেরিকা ও অধিকাংশ মধ্য আমেরিকা।	ভাল্লুক, হরিণ, কুকুর, লামা, অপোসাম, উটপাখি, রিয়া, অস্ট্রিচ, সারস, বাজ, প্যাঁচা, হামিং বার্ড, কুমির, কচ্ছপ, কোরাল সাপ, বোয়া, ভাইপার, বাইম মাছ, ক্যাটফিস, লাংফিস।
৪. ইথিওপিয়ান অঞ্চল	সাহারা মরুভূমির দক্ষিণ অঞ্চল, মাদাগাস্কার ও তার পার্শ্ববর্তী দ্বীপ, আরবের দক্ষিণ অঞ্চল।	গরিলা, শিম্পাঞ্জী, লেমুর, হাতী, ভোদর, হায়না, গন্ডার, আর্মাডিল্লো, জিরাফ, জেব্রা, জলহস্তী, উটপাখি, শকুন, বাজপাখি, ফিঙে, সারস, কুমির, গুইসাপ, বোয়াপাইথন, ক্যাটফিস, লাংফিস।
৫. ওরিয়েন্টাল অঞ্চল	বাংলাদেশ, ভারত, পাকিস্তান, আফগানিস্তান, নেপাল, ভুটান, শ্রীলংকা, মায়ানমার, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, ইন্দোচীন, ফিলিপিন্স এবং তাইওয়ান।	বাঘ, হাতি, গীবন ভাল্লুক, ওরাং ওটাং, টাপীর, বাদুড়, কবুতর, ফিঙে, কোকিল, ব্লু বার্ড, ময়ূর, কুমির, গুঁইসাপ, রুই, কাতল, মৃগেল, ক্যাটফিস, ঘড়িয়াল।
৬. অস্ট্রেলিয়ান অঞ্চল	অস্ট্রেলিয়া, তাসমেনিয়া, নিউজিল্যান্ড, নিউগিনি, ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চল ও প্রশান্ত মহাসাগরের কিছু দ্বীপ।	ক্যাঙ্গারু, ওয়াল্লাবি, কোয়েলা, ওমব্যাট, প্লাটিপাস, অপোসাস, লায়ার বার্ড, ক্যাসোয়ারি কাকাতুয়া, টিয়া, এমু, বার্ডস অব প্যারাডাইস, কাঠঠোকরা, কিউই, ফেনোডন, টিফলপস, ফুসফুস মাছ।

Part 2 সম্ভাব্য গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোনটি মূলাবদ্ধ নিমজ্জিত উদ্ভিদ?
Ⓐ হাইড্রিলা Ⓑ টোপাপানা
Ⓒ পদ্ম Ⓓ শাপলা Ans Ⓐ

02. সংখ্যার পিরামিডে কোন জীবের আধিক্য থাকে?
Ⓐ উৎপাদক Ⓑ প্রাইমারি খাদক
Ⓒ সেকেন্ডারি খাদক Ⓓ টারশিয়ারি খাদক Ans Ⓐ

03. কোন প্রাণীটি খাদ্য শিকলের তৃতীয় স্তরে?
Ⓐ Cow Ⓑ Tiger
Ⓒ Caterpillar Ⓓ Elephant Ans Ⓑ

04. এক খাদ্যস্তর থেকে অন্য খাদ্যস্তরে শক্তি প্রবাহের ধারণা দেয় যে পিরামিড তা হলো–
Ⓐ বায়োমাসের পিরামিড Ⓑ সংখ্যার পিরামিড
Ⓒ শক্তির পিরামিড Ⓓ শুষ্ক বায়োমাসের পিরামিড Ans Ⓒ

05. ব্যাকটেরিয়া হলো–
Ⓐ প্রাথমিক খাদক Ⓑ মাধ্যমিক খাদক
Ⓒ বিয়োজক Ⓓ সর্বোচ্চ খাদক Ans Ⓒ

06. ফুড চেইনের বিভিন্ন খাদ্যস্তরকে বলে–
Ⓐ ফুড লেভেল Ⓑ খাদ্য মাত্রা
Ⓒ ট্রান্সফর্মার Ⓓ ট্রফিক লেভেল Ans Ⓓ

07. পরিবেশের সাথে জীবদেহের সম্পর্ক সম্বন্ধীয় বিদ্যাকে কী বলে?
Ⓐ ইভোলিউশন Ⓑ এপিকালচার
Ⓒ ইকোলজি Ⓓ আর্কিওলজি Ans Ⓒ

08. মাটিতে নাইট্রোজেনের পরিমাণ বাড়ায়–
Ⓐ ধান Ⓑ ছোলা
Ⓒ আম Ⓓ ভুট্টা Ans Ⓑ

09. জলজ Ecosystem-এর প্রধান উৎপাদকের নাম কী?
Ⓐ Phytoplankton Ⓑ Zooplankton
Ⓒ Weed Ⓓ Herb Ans Ⓐ

10. কীসের জন্য প্রাণী উদ্ভিদের ওপর নির্ভরশীল?
Ⓐ খাদ্য Ⓑ পানি
Ⓒ আলো Ⓓ বীজ Ans Ⓐ

11. Ecology শব্দটি সর্বপ্রথম ব্যবহৃত হয় কত সালে?
Ⓐ 1858 Ⓑ 1848
Ⓒ 1885 Ⓓ 1838 Ans Ⓒ

12. টারশিয়ারি খাদক নয় কোনটি?
Ⓐ বাজপাখি Ⓑ বাঘ Ⓒ কুমির Ⓓ সাপ Ans Ⓓ

13. ইকোসিস্টেমে শক্তির প্রবাহ কয়টি পর্যায়ভুক্ত?
Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ৫ Ans Ⓑ

14. ব্যাকটেরিয়া ও ছত্রাককে সাধারণত বলা হয়–
Ⓐ প্রাথমিক উৎপাদক Ⓑ বিয়োজক
Ⓒ প্রথম স্তরের খাদক Ⓓ দ্বিতীয় স্তরের খাদক Ans Ⓑ

15. বিজ্ঞানীদের কাছে জীবের পরিচিতি–
Ⓐ বিভাগ নির্ভর Ⓑ প্রজাতি নির্ভর
Ⓒ শ্রেণি নির্ভর Ⓓ গোত্র নির্ভর Ans Ⓑ

16. বাংলাদেশে উভচর প্রাণীর প্রজাতি সংখ্যা কত?
Ⓐ ৩৪টি Ⓑ ৩৫টি Ⓒ ৩৬টি Ⓓ ৩৭টি Ans Ⓐ

17. ইকোলজিক্যাল পিরামিডকে কয় ভাগে ভাগ করা যায়?
Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ৫ Ans Ⓑ

18. মরুজ উদ্ভিদ নয় কোনটি?
Ⓐ শতমূলী Ⓑ ক্যাকটাস
Ⓒ গোলপাতা Ⓓ ঘৃতকুমারী Ans Ⓒ

19. কোনটি জলজ উদ্ভিদের অভিযোজনিক বৈশিষ্ট্য?
Ⓐ বায়ু কুঠুরি Ⓑ লুক্কায়িত পত্ররন্ধ্র
Ⓒ সুগঠিত পরিবহণতন্ত্র Ⓓ পুরু কিউটিকলের আস্তরণ Ans Ⓐ

20. নিচের কোনটি জলজ উদ্ভিদ?
Ⓐ ফনীমনসা Ⓑ খেজুর Ⓒ করবী Ⓓ মাখনা Ans Ⓓ

21. কোন উদ্ভিদে শ্বাসমূল পাওয়া যায়?
Ⓐ ফণীমনসা Ⓑ হাইড্রিলা Ⓒ সুন্দরী Ⓓ শতমূলী Ans Ⓒ

22. যব কোন বায়োমের প্রধান উদ্ভিদ?
Ⓐ মরুভূমি Ⓑ তৃণভূমি Ⓒ তুন্দ্রা Ⓓ সাভানা Ans Ⓑ

23. কোনটি নিমজ্জিত জলজ উদ্ভিদ?
Ⓐ *Azolla* Ⓑ *Ceratophyllum*
Ⓒ *Lemna* Ⓓ *Ottelia* Ans Ⓑ

24. কোন উদ্ভিদের বৈজ্ঞানিক নাম *Ottelia alismoides*?
Ⓐ গুঁড়িপানা Ⓑ নীল কমল
Ⓒ পানিকলা Ⓓ কচুরিপানা Ans Ⓒ

25. প্রহরী কোষবিহীন পত্ররন্ধ্র দেখা যায় কোন গ্রুপের উদ্ভিদে?
Ⓐ হাইড্রোফাইট Ⓑ জেরোফাইট
Ⓒ হ্যালোফাইট Ⓓ মেসোফাইট Ans Ⓐ

26. নিউমেটাফোর (Pneumatophores) থাকে কোন উদ্ভিদে?
Ⓐ Xerophytes Ⓑ Epiphytes
Ⓒ Mangroves Ⓓ Plants in acidic soil Ans Ⓒ

27. জলজ উদ্ভিদকে যে কলা ভাসতে সাহায্য করে–
Ⓐ Cholenchyma Ⓑ Scelerenchyma
Ⓒ Aerenchyma Ⓓ Parenchyma Ans Ⓒ

Educationblog24.com

Part 3 BUP বিগত বছরের প্রশ্নোত্তর

01. কোন উদ্ভিদটি বিলুপ্তির আশঙ্কায় রয়েছে? [BUP-FST : 23-24]
Ⓐ *Gnetum oblongum* Ⓑ *Cycas revoluta*
Ⓒ *Podocarpus neriifolius* Ⓓ *Mangifera indica*
Solve *Gnetum* কাষ্ঠল লতানো উদ্ভিদ। এর পাতা আবৃতবীজী উদ্ভিদের মতো।
- বাংলাদেশে এর তিনটি প্রজাতি জন্মে। যথা : *G. montenum*, *G.oblongum* এবং *G. latifolium*।
- এরা সবাই বিলুপ্তির আশঙ্কায় আছে।
- *G. latifolium* থেকে Fish poison পাওয়া যায়।

02. শ্বাসমূল কোথায় জন্মে? [BUP-FST : 20-21]
Ⓐ ম্যানগ্রোভ বনে Ⓑ রাতার গুল Ⓒ চিরহরিৎ বনে Ⓓ মরুভূমিতে
Solve ম্যানগ্রোভ বনের বৈশিষ্ট্য :
- ১২ ঘন্টা পরপর এই বন জোয়ার-ভাটা দ্বারা বিধৌত হয়।
- মাটিতে অক্সিজেনের অভাব থাকায় বৃক্ষের শ্বাসমূল দেখা যায়।
- জোয়ার-ভাটার কারণে জরায়ুজ অঙ্কুরোদগম হয়।

03. নিচের কোনটি ৩য় স্তরের খাদক? [BUP-FST : 20-21]
Ⓐ গরু Ⓑ তিমি Ⓒ হাতি Ⓓ ময়ূর
Solve Option A, C ১ম স্তরের খাদক; Option B ২য় স্তরের খাদক এবং Option D ৩য় স্তরের খাদক।

Part 4 অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

11. কোনটি মূলাবদ্ধ নিমজ্জিত উদ্ভিদ? [RU-C-2 : 23-24]
Ⓐ হাইড্রিলা Ⓑ টোপাপানা Ⓒ পদ্ম Ⓓ শাপলা Ans Ⓐ

12. মরুজ উদ্ভিদের বৈশিষ্ট্য নয় কোনটি? [JU-D : 22-23]
Ⓐ ঝোপযুক্ত Ⓑ মূল মাটির গভীরে প্রলম্বিত
Ⓒ পরিবহন টিস্যু অগঠিত Ⓓ পাতা অপেক্ষাকৃত ছোট Ans Ⓒ

13. মরুজ ও লোনামাটির উদ্ভিদে মিল কোথায়? [JU-D : 22-23]
Ⓐ মূল সুগঠিত Ⓑ পাতা ক্ষুদ্রাকৃতির
Ⓒ পরিবহন টিস্যুগুচ্ছ সুগঠিত Ⓓ সবগুলো Ans Ⓓ

14. সোয়াম্প ফরেস্ট কোনটি? [JU-D : 22-23]
Ⓐ লাউয়াছড়া Ⓑ সাতছড়ি
Ⓒ রাতারগুল জলাবন Ⓓ চকোরিয়া সুন্দরবন Ans Ⓒ

15. ম্যানগ্রোভ উদ্ভিদ কোনটি? [JU-D : 22-23]
Ⓐ *Holarrhena* sp. Ⓑ *Asparagus* sp.
Ⓒ *Excoecaria* sp. Ⓓ *Miliusa* sp. Ans Ⓒ

16. বাংলাদেশে বিলুপ্তপ্রায় উদ্ভিদ কোনটি? [JU-D : 22-23]
Ⓐ *Ludwigia* sp. Ⓑ *Nymphaea pubescens*
Ⓒ *Hydrilla verticillata* Ⓓ *Rosa involucrata* Ans Ⓓ

17. কোনটি বিলুপ্ত প্রায় উদ্ভিদ? [JU-D : 22-23]
Ⓐ *Shorea robusta* Ⓑ *Knema bengalensis*
Ⓒ *Terminalia bellirica* Ⓓ *Hibiscus tiliaceus* Ans Ⓑ

18. *Ex-situ* conservation-এর উদাহরণ কোনটি? [CU-A : 22-23]
Ⓐ ইকোপার্ক Ⓑ সাফারি পার্ক
Ⓒ উদ্ভিদ উদ্যান Ⓓ বন্যজীব অভয়ারণ্য Ans Ⓒ

19. কোনটি মরুজ উদ্ভিদ? [CU-A : 22-23]
Ⓐ *Calotropis procera* Ⓑ *Rhizophora conjugata*
Ⓒ *Dipterocarpus turbinatus* Ⓓ *Terminalia bellirica* Ans Ⓐ

10. লবণাক্ত পরিবেশে জন্মে ও বিস্তার লাভ করে কোন ধরনের উদ্ভিদ? [GST-A : 21-22]
Ⓐ Halophytes Ⓑ Mesophytes
Ⓒ Xerophytes Ⓓ Hydrophytes Ans Ⓐ

11. জলাভূমির উদ্ভিদ কোনটি? [DU-A : 20-21]
Ⓐ *Tectona grandis* Ⓑ *Barringtonia acutangula*
Ⓒ *Shorea robusta* Ⓓ *Cassia fistula* Ans Ⓑ

12. 'শক্তি প্রবাহের দশমাংশ নিয়ম' মতবাদের প্রবর্তক কোন বিজ্ঞানী? [JU-D : 20-21]
Ⓐ Lindenman Ⓑ Oppenheimer
Ⓒ Smith Ⓓ Warming Ans Ⓐ

13. শক্তি প্রবাহের সময় প্রতিটি খাদ্যস্তর থেকে আহরিত শক্তির শতকরা কত ভাগ পরিবেশে ফিরে যায়? [JU-D : 20-21]
Ⓐ ৯০ Ⓑ ৮০ Ⓒ ১০ Ⓓ ১ Ans Ⓐ

14. সুন্দরবন পূর্ব অভয়ারণ্যটি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? [JU-D : 20-21]
Ⓐ বাগেরহাট Ⓑ বরগুনা Ⓒ খুলনা Ⓓ সাতক্ষীরা Ans Ⓐ

15. সুন্দরবন দক্ষিণ অভয়ারণ্যটি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? [JU-D : 20-21]
Ⓐ বাগেরহাট Ⓑ বরগুনা Ⓒ খুলনা Ⓓ সাতক্ষীরা Ans Ⓒ

16. বাংলাদেশের বিলুপ্তপ্রায় প্রাণী কোনটি? [RU-C : 20-21]
Ⓐ পাতিকাক Ⓑ ঘড়িয়াল
Ⓒ মেনি মাছ Ⓓ ট্যাংরা মাছ Ans Ⓑ

17. 'লুব্ধায়িত পত্ররন্ধ্র' পাওয়া যায় কোন উদ্ভিদে? [CU-A : 20-21]
Ⓐ শাপলা Ⓑ কচুরিপানা Ⓒ করবী Ⓓ হাইড্রিলা Ans Ⓒ

18. কোন বায়োমের মাটি হিউমাস সমৃদ্ধ? [CU-A : 20-21]
Ⓐ বনভূমির বায়োম Ⓑ তৃণভূমির বায়োম
Ⓒ সাভানা বায়োম Ⓓ তুন্দ্রা বায়োম Ans Ⓑ

19. 'আর্মাডিলো' নামক প্রাণী নিচের কোন মহাদেশে বেশি দেখা যায়? [CU-A : 20-21]
Ⓐ এশিয়া Ⓑ উত্তর আমেরিকা
Ⓒ ইউরোপ Ⓓ অ্যান্টার্কটিকা Ans Ⓑ

20. মধুপুর বনের মাটি লাল কেন? [CU-A : 20-21]
Ⓐ মাটিতে লৌহ জাতীয় পদার্থ আছে Ⓑ মাটিতে সালফার আছে
Ⓒ মাটিতে নাইট্রেট আছে Ⓓ মাটিতে ফসফরাস আছে Ans Ⓐ

21. কোনটি পত্রঝরা উদ্ভিদ? [DU-A : 19-20]
Ⓐ *Pongamia pinnata* Ⓑ *Heritiera fomes*
Ⓒ *Shorea robusta* Ⓓ *Ceriops decandra* Ans Ⓒ

22. কোন উদ্ভিদটি বাংলাদেশে বিলুপ্তপ্রায়? [DU-A : 19-20]
Ⓐ *Pteris vittata* Ⓑ *Podocarpus neriifolius*
Ⓒ *Cycas revoluta* Ⓓ *Nerium indicum* Ans Ⓑ

23. বাবলা কোন বায়োমের প্রধান উদ্ভিদ? [JU-D : 19-20]
Ⓐ মরুভূমি Ⓑ তৃণভূমি Ⓒ তুন্দ্রা Ⓓ সাভানা Ans Ⓐ

24. যব কোন বায়োমের প্রধান উদ্ভিদ? [JU-D : 19-20]
Ⓐ মরুভূমি Ⓑ তৃণভূমি Ⓒ তুন্দ্রা Ⓓ সাভানা Ans Ⓑ

25. পাইন কোন বায়োমের প্রধান উদ্ভিদ? [JU-D : 19-20]
Ⓐ ট্রপিক্যাল রেইন ফরেস্ট Ⓑ ডেসিডুয়াস ফরেস্ট
Ⓒ কনিফার ফরেস্ট Ⓓ সাভানা Ans Ⓒ

26. রেড উড কোন বায়োমের প্রধান উদ্ভিদ? [JU-D : 19-20]
Ⓐ মরুভূমি Ⓑ তৃণভূমি Ⓒ কনিফার ফরেস্ট Ⓓ সাভানা Ans Ⓒ

27. রাতারগুল জলাবনের উদ্ভিদ কোনটি? [JU-D : 19-20]
Ⓐ *Artocarpus chaplasha* Ⓑ *Pongamia pinnata*
Ⓒ *Acanthus ilicifolius* Ⓓ *Ceriops decandra* Ans Ⓑ

28. রাতারগুল জলাবনের উদ্ভিদ কোনটি? [JU-D : 19-20]
Ⓐ *Rouvolfia serpentina* Ⓑ *Barringtonia acutangula*
Ⓒ *Ceriops decandra* Ⓓ *Acanthus ilicifolius* Ans Ⓑ

29. রামসার কনভেনশন অনুযায়ী বাংলাদেশের তালিকাভুক্ত জলাভূমি কোনটি? [JU-D : 19-20]
Ⓐ আলতা দিঘি Ⓑ টাঙ্গুয়ার হাওড়
Ⓒ কাপ্তাই হ্রদ Ⓓ হালদা নদী Ans Ⓑ

Educationblog24.com

জীববিজ্ঞান ২য় পত্র

অধ্যায় ১

প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

➢ প্রতিসাম্যতার কিছু উদাহরণ :

গোলীয় প্রতিসাম্য	অরীয় প্রতিসাম্য	দ্বিপার্শ্বীয় প্রতিসাম্য	অপ্রতিসাম্য	দ্বিঅরীয় প্রতিসাম্য
Volvox	সমুদ্র তারা	মানুষ	শামুক	Ctenophora
Heliozoa	*Hydra*	ব্যাঙ	স্পঞ্জ	Anthozoa
Radiolaria		তেলাপোকা	অ্যামিবা	

➢ সিলোম সম্পর্কিত কিছু তথ্য জেনে নিই :
- পৌষ্টিকনালি ও দেহপ্রাচীরের মধ্যবর্তী স্থান।
- মেসোডার্মাল পেরিটোনিয়াম কলার আবরণ দ্বারা আবৃত।
- সিলোমবিহীন (Acoelomate) প্রাণী পর্ব : Porifera, Cnidara, Ctenophora ও Platyhelminthes।
- অপ্রকৃত সিলোমযুক্ত (Pseudocoelomate) প্রাণী পর্ব : Nematoda, Rotifera ও Kinorhyncha।
- প্রকৃত সিলোমযুক্ত (Eucoelomate) প্রাণী পর্ব : Mollusca, Annelida, Echinodermata ও Chordata।

➢ প্রাণিজগতের প্রধান নয়টি পর্বের প্রাণীদের পরিচিতি :
1. Porifera → ছিদ্রালো প্রাণী
2. Cnidaria → একনালি দেহী/সমুদ্রের ফুল
3. Platyhelminthes → চ্যাপ্টাদেহী প্রাণী
4. Nematoda → নলাকার প্রাণী
5. Annelida → অঙ্গুরীমাল প্রাণী
6. Arthropoda → সন্ধিপদী প্রাণী
7. Mollusca → নরমদেহী প্রাণী/কম্বোজ প্রাণী
8. Echinodermata → কন্টকত্বক প্রাণী
9. Chordata → মেরুদণ্ডী প্রাণী

➢ **Porifera** পর্বের প্রাণীর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য :
- অস্টিয়া নামক ছিদ্রযুক্ত
- কোয়ানোসাইট নামক বিশেষ ফ্লাজেলাযুক্ত কোষ
- স্পঞ্জোসিল (Spongocoel) নামক প্রশস্ত গহ্বর বিদ্যমান।

➢ **Cnidaria** পর্বের প্রাণীর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য :
- অরীয় প্রতিসম প্রাণী
- সিলেন্টেরন নামক গহ্বর
- নিডোব্লাস্ট নামক বিশেষ কোষ

➢ **Platyhelminthes** পর্বের প্রাণীর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য :
- রেচনতন্ত্রে শিখাকোষ উপস্থিত
- সিনসাইসিয়াল টেগুমেন্ট থাকে
- চোষক উপস্থিত

➢ **Nematoda** পর্বের প্রাণীর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য :
- দেহ কিউটিকল আবৃত
- পরিপাকতন্ত্র সম্পূর্ণ
- শ্বসন এবং সংবহনতন্ত্র অনুপস্থিত।

➢ **Mollusca** পর্বের প্রাণীর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য :
- ম্যান্টল নামক আবরণ উপস্থিত
- মাংসল পদ বিদ্যমান
- র‍্যাডুলা দেখা যায়

➢ **Annelida** পর্বের প্রাণীর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য :
- চলন অঙ্গ প্যারাপোডিয়া
- নেফ্রিডিয়া নামক নালিকা
- ট্রোকোফোর নামক লার্ভা উপস্থিত

➢ **Arthropoda** পর্বের প্রাণীর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য :
- সন্ধিযুক্ত উপাঙ্গবিশিষ্ট
- হিমোসিল নামক গহ্বর
- রেচন অঙ্গ ম্যালপিজিয়ান নালিকা

➢ **Echinodermata** পর্বের প্রাণীর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য :
- পেডিসিলারি নামক বহিঃকঙ্কাল
- পানি সংবহনতন্ত্র (Water vascular system) উপস্থিত
- নালিকা পদ (Tube Feet) চলন অঙ্গ
- পূর্ণাঙ্গ প্রাণী পঞ্চঅরীয় (Pentarous) প্রতিসম, লার্ভা দশায় দ্বিপার্শ্বীয় (bilateral) প্রতিসম।

➢ **Chordata** পর্বের প্রাণীর কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য:
- নটোকর্ড থাকে।
- ফাঁপা স্নায়ুরজ্জু থাকে।
- ফুলকারন্ধ্র দেখা যায়।
- এন্ডোস্টাইল উপস্থিত।

➢ **Chordata** পর্বের শ্রেণিবিন্যাস:



Part 2 সম্ভাব্য গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোনটি দ্বিপার্শ্বীয় প্রতিসম প্রাণী নয়?
Ⓐ শামুক Ⓑ প্রজাপতি Ⓒ পাখি Ⓓ টিকটিকি Ans Ⓐ

02. অরীয় প্রতিসাম্যতা দেখা যায়–
Ⓐ Ctenophora Ⓑ Gastropoda
Ⓒ Porifera Ⓓ Cnidaria Ans Ⓓ

03. কোন প্রাণীটি দ্বিপার্শ্বীয় প্রতিসাম্য নয়?
Ⓐ অ্যামিবা Ⓑ যকৃৎ কৃমি
Ⓒ বিড়াল Ⓓ হাতি Ans Ⓐ

04. প্রাণিজগতের শ্রেণিবিন্যাসের পরিকল্পনা প্রথম কে করেন?
Ⓐ Aristotle Ⓑ Linnaeus
Ⓒ William Harvey Ⓓ Marcello Malpighi Ans Ⓐ

05. অরীয় প্রতিসাম্যতার উদাহরণ কোনটি?
Ⓐ Radiolaria Ⓑ Heliozoa Ⓒ *Aurelia* Ⓓ *Pila* Ans Ⓒ

06. প্রাণিবিজ্ঞানের জনক কে?
Ⓐ চার্লস রবার্ট ডারউইন Ⓑ থিওফ্রাস্টাস
Ⓒ অ্যারিস্টটল Ⓓ ক্যারোলাস লিনিয়াস Ans Ⓒ

Educationblog24.com

Pila globosa এর দেহে কোন ধরনের প্রতিসাম্যতা দেখা যায়?
Ⓐ অপ্রতিসাম্য Ⓑ দ্বিপার্শ্বীয় Ⓒ অরীয় Ⓓ গোলীয় Ans Ⓐ

...ক দেহে কোন ধরনের প্রতিসাম্যতা দেখা যায়?
Ⓐ অরীয় Ⓑ দ্বিঅরীয় Ⓒ দ্বিপার্শ্বীয় Ⓓ অপ্রতিসাম্য Ans Ⓓ

...কৃত সিলোম কোন প্রাণীতে দেখা যায়?
Ⓐ প্রোটোজোয়া Ⓑ পরিফেরা Ⓒ নেমাটোডা Ⓓ অ্যানিলিডা Ans Ⓓ

...লোমবিহীন প্রাণী কোনটি?
Ⓐ Nematoda Ⓑ Platyhelminthes Ⓒ Protozoa Ⓓ Mollusca Ans Ⓑ

...রীয় প্রতিসম প্রাণীর উদাহরণ হলো–
Ⓐ *Volvox* Ⓑ *Metridium* Ⓒ *Ceoloplana* Ⓓ *Cliona* Ans Ⓒ

...রীয় প্রতিসাম্য প্রাণী–
Ⓐ হাইড্রা Ⓑ জেলিফিশ Ⓒ টিনোফোরা Ⓓ সী অ্যানিমন Ans Ⓒ

...কটি প্রজাতির নামকরণের সাথে যুক্ত?
Ⓐ ICZM Ⓑ ICZN Ⓒ BME Ⓓ UN Ans Ⓑ

...র প্রথম প্রজাতি শব্দটি শ্রেণিবিন্যাসে ব্যবহার করেন?
Ⓐ John Ray Ⓑ Carolus Linnaeus
Ⓒ De Candolle Ⓓ Theophrastus Ans Ⓐ

...দের কোনটি ইউসিলোমেট?
Ⓐ মলাক্কা Ⓑ হাইড্রা Ⓒ নেমাটোডা Ⓓ যকৃৎ কৃমি Ans Ⓐ

...দ নামকরণের প্রবক্তা কোন বিজ্ঞানী?
Ⓐ লিনিয়াস Ⓑ গ্রেজেল Ⓒ ল্যামার্ক Ⓓ হ্যাক্সলে Ans Ⓑ

...লোমযুক্ত প্রাণী কোনটি?
Ⓐ স্পঞ্জ Ⓑ জেলি ফিশ Ⓒ চ্যাপ্টা কৃমি Ⓓ তেলাপোকা Ans Ⓒ

...দেহের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ সৃষ্টি হয় কোথা থেকে?
Ⓐ সিলোম Ⓑ ভ্রূণস্তর Ⓒ খণ্ডক Ⓓ নটোকর্ড Ans Ⓐ

...ক্সন হলো–
Ⓐ শ্রেণিবিন্যাসের প্রত্যেকটি ক্যাটাগরি Ⓑ জীবজগতের প্রত্যেকটি প্রজাতি
Ⓒ কিংডমের প্রত্যেকটি গোষ্ঠী Ⓓ হ্যায়ারার্কির প্রত্যেকটি ধাপ Ans Ⓐ

...ী শ্রেণিবিন্যাসের সার্বজনীন স্তর কোনটি?
Ⓐ পর্ব Ⓑ প্রজাতি Ⓒ গোত্র Ⓓ রাজ্য Ans Ⓓ

21. সংখ্যায় প্রাণিজগতের সবচেয়ে বড়ো পর্ব কোনটি?
Ⓐ Annelida Ⓑ Mollusca
Ⓒ Echinodermata Ⓓ Arthropoda Ans Ⓓ

22. *Octopus* কোন পর্বের অন্তর্ভুক্ত?
Ⓐ Mollusca Ⓑ Arthropoda
Ⓒ Echinodermata Ⓓ Chordata Ans Ⓐ

23. স্যালামান্ডার কোন বর্গের প্রাণী?
Ⓐ Anura Ⓑ Crocodilia
Ⓒ Gymnophiona Ⓓ Caudata Ans Ⓓ

24. প্রবাল কোন পর্বভুক্ত?
Ⓐ পরিফেরা Ⓑ নিডারিয়া Ⓒ অ্যানিলিডা Ⓓ কর্ডাটা Ans Ⓑ

25. সন্ধিপদ প্রাণীরা কোন পর্বের অন্তর্গত?
Ⓐ Annelida Ⓑ Platyhelminthes
Ⓒ Mollusca Ⓓ Arthropoda Ans Ⓓ

26. কোন পর্বের প্রাণীতে ট্রোকোফোর লার্ভা দেখা যায়?
Ⓐ Annelida Ⓑ Arthropoda Ⓒ Nematoda Ⓓ Cnidaria Ans Ⓐ

27. ফিতাকৃমি কী ধরনের প্রাণী?
Ⓐ একস্তরী Ⓑ দ্বিস্তরী Ⓒ ত্রিস্তরী Ⓓ স্তরবিহীন Ans Ⓒ

28. Cnidaria এর aria শব্দের অর্থ কী?
Ⓐ বহন করা Ⓑ আকৃতি Ⓒ রূপ Ⓓ সংযুক্ত Ans Ⓓ

29. প্যারাপোডিয়া কোন পর্বের প্রাণীতে দেখা যায়?
Ⓐ একাইনোডার্মাটা Ⓑ মলাক্কা
Ⓒ আর্থ্রোপোডা Ⓓ অ্যানিলিডা Ans Ⓓ

30. Arthropoda শব্দের গ্রিক 'arthos' অংশের অর্থ কী?
Ⓐ সন্ধি Ⓑ পা Ⓒ কাঁটা Ⓓ ত্বক Ans Ⓐ

31. কোন পর্বের প্রাণীরা 'সমুদ্রের ফুল' নামে পরিচিত?
Ⓐ Porifera Ⓑ Cnidaria Ⓒ Priapulida Ⓓ oricifera Ans Ⓑ

32. চিংড়ির সাঁতারের পাকে বলা হয়–
Ⓐ প্লিওপোড Ⓑ রোস্ট্রাম
Ⓒ পিরিওপোড Ⓓ ইউরোপোড Ans Ⓐ

Part 3 BUP বিগত বছরের প্রশ্নোত্তর

CBN অনুযায়ী শ্রেণিবিন্যাসের একককে কী বলে? [BUP-FST : 23-24]
Ⓐ Genus Ⓑ Taxon Ⓒ Species Ⓓ Kingdom
Ans Ⓑ Solve • ICBN অনুযায়ী শ্রেণিবিন্যাসের একককে Taxon বলে।
শ্রেণিবিন্যাসের সর্বোচ্চ একক হলো জগৎ (Kingdom)।
সর্বনিম্ন ও মৌলিক একক হলো প্রজাতি (Species)।
ICBN অনুসারে উদ্ভিদ শ্রেণিবিন্যাসের প্রধান একক বা ট্যাক্সন ৭টি।

...চের কোনটির হৃৎপিণ্ড তিন প্রকোষ্ঠবিশিষ্ট? [BUP-FST : 22-23]
Ⓐ ব্যাঙ Ⓑ কুমির Ⓒ শকুন Ⓓ দোয়েল
Ans Ⓐ Solve • ব্যাঙ এর হৃৎপিণ্ড তিন প্রকোষ্ঠবিশিষ্ট, দুটি অলিন্দ এবং একটি নিলয়।
• জীবনচক্রে ট্যাডপোল লার্ভা দশা বিদ্যমান। একলিঙ্গ প্রাণী; জননকালে বহিঃনিষেক ঘটে।

...টেলমিনথেস সম্পর্কে নিচের কোনটি সঠিক নয়? [BUP-FST : 22-23]
Ⓐ দ্বিস্তরী Ⓑ শিখাকোষ Ⓒ চোষক Ⓓ উভলিঙ্গ
Ans Ⓐ Solve Platyhelminthes-এর বৈশিষ্ট্যগুলো হলো :
• দ্বিস্তরী প্রাণী, টিস্যু-অঙ্গ মাত্রার গঠন দেখা যায়।
• রেচননালি ও শিখাকোষ নিয়ে গঠিত। • দেহ চ্যাপ্টা ও দ্বিপার্শ্বীয় প্রতিসম।

...র্পিল ক্লিভেজ হয় নিচের কোনটির? [BUP-FST : 22-23]
Ⓐ হাইড্রা Ⓑ সমুদ্রতারা Ⓒ গোলকৃমি Ⓓ কেঁচো
Ans Ⓓ Solve • Annelida ও Mollusca পর্বের প্রাণীদের সর্পিল ক্লিভেজ দেখা যায়।
• Arthropoda পর্বের প্রাণীদের অরীয় ক্লিভেজ সুস্পষ্ট।

05. কর্ডাটা পর্বের প্রাণীদের কোন অঙ্গটি থাইয়রয়েড গ্রন্থিতে পরিণত হয়? [BUP-FST : 21-22]
Ⓐ প্যানক্রিয়াস Ⓑ এন্ডোস্টাইল Ⓒ পাইলোরাস Ⓓ ইসোফ্যাগাস
Ans Ⓑ Solve কর্ডাটা পর্বের প্রাণী মানুষের নিকট অতি পরিচিত। কর্ডাটা পর্বের প্রাণীদের গলবিলের মেঝেতে endostyle নামক গঠন থাকে যা পূর্ণবয়স্ক মেরুদণ্ডী প্রাণীতে থাইরয়েড গ্রন্থিতে পরিণত হয়।

06. নেফ্রিডিয়া নামক রেচন অঙ্গ কোন পর্বে দেখা যায়? [BUP-FST : 20-21]
Ⓐ আর্থ্রোপোডা Ⓑ অ্যানিলিডা Ⓒ একাইনোডার্মাটা Ⓓ মলাক্কা
Ans Ⓑ Solve • নেফ্রিডিয়াকে সেগমেন্টাল অর্গান বলা হয়।
• নেফ্রিডিয়া নামক রেচন অঙ্গ দেখা যায় অ্যানিলিডা পর্বের প্রাণীতে।

07. শামুকে কোন ধরণের প্রতিসাম্যতা দেখা যায়? [BUP-FST : 19-20]
Ⓐ দ্বিপার্শ্বীয় Ⓑ গোলীয় Ⓒ অরীয় Ⓓ কোনোটিই নয়
Ans Ⓓ Solve যখন কোনো প্রাণীর দেহকে অক্ষ বা দেহতল বরাবর ছেদ করলে একবারও দুটি সদৃশ্য অংশে ভাগ করা যায় না তখন তাকে অপ্রতিসাম্য বলে। উদাহরণ : স্পঞ্জ (*Cliona celata*), আপেল শামুক (*Pila globosa*) ইত্যাদি।

08. Ctenophora তে কোন ধরণের প্রতিসাম্যতা দেখা যায়? [BUP-FST : 19-20]
Ⓐ দ্বিপার্শ্বীয় Ⓑ গোলীয় Ⓒ দ্বিঅরীয় Ⓓ অরীয়
Ans Ⓒ Solve Ctenophora পর্বভুক্ত প্রাণীর দেহ, যেমন : Ceoloplana মৌলিকভাবে অরীয় প্রতিসম হলেও দুটি কর্ষিকা থাকায় এগুলো দ্বিঅরীয় প্রতিসম প্রাণী।

09. Amphibia এর লার্ভা দশার নাম কি? [BUP-FST : 19-20]
Ⓐ ট্রকোফোর Ⓑ ট্যাডপোল Ⓒ অ্যামোসিট Ⓓ র‍্যাডিয়া
Ans Ⓑ Solve Amphibia একলিঙ্গ প্রাণী। জননকালে বহিঃনিষেক ঘটে। জীবনচক্রে ট্যাডপোল (tadpole) লার্ভা দশা বিদ্যমান।

Educationblog24.com

Part 4 অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. নিচের কোনটি Mollusca পর্বের প্রাণী? [DU-Science : 23-24]
Ⓐ *Wuchereria bancrofti* Ⓑ *Octopus punctatus*
Ⓒ *Neanthes virens* Ⓓ *Aurelia aurita* Ans (B)

02. নিচের কোনটি Arthropoda পর্বের বৈশিষ্ট্য? [DU-Science : 23-24]
Ⓐ হৃৎপিণ্ড দুই প্রকোষ্ঠবিশিষ্ট Ⓑ প্যারাপোডিয়া চলনে সহায়তা করে
Ⓒ শ্বাসযন্ত্রের অঙ্গ : ট্রাকিয়া Ⓓ ডায়াফ্রাম উপস্থিত Ans (C)

03. কোন পর্বের প্রাণীতে মেসোগ্লিয়া থাকে? [DU-Science : 23-24]
Ⓐ Annelida Ⓑ Porifera
Ⓒ Cnidaria Ⓓ Mollusca Ans (C)

04. রেডিয়া লার্ভা দশা কোন পর্বে দেখা যায়? [JU-D-H : 23-24]
Ⓐ Porifera Ⓑ Cnidaria
Ⓒ Platyhelminthes Ⓓ Nematoda Ans (C)

05. পরিফেরা পর্বকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? [JU-D-H : 23-24]
Ⓐ 3 Ⓑ 4 Ⓒ 5 Ⓓ 6 Ans (A)

06. র‍্যাবডিটিফর্ম লার্ভা দশা কোন পর্বে দেখা যায়? [JU-D-I : 23-24]
Ⓐ Mollusca Ⓑ Nematoda
Ⓒ Annelida Ⓓ Echinodermata Ans (B)

07. Cnidaria পর্বকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? [JU-D-I : 23-24]
Ⓐ 3 Ⓑ 4 Ⓒ 5 Ⓓ 6 Ans (B)

08. গ্লচিডিয়াম লার্ভা দশা কোন পর্বে দেখা যায়? [JU-D-K : 23-24]
Ⓐ Annelida Ⓑ Echinodermata
Ⓒ Mollusca Ⓓ Nematoda Ans (C)

09. Platyhelminthes পর্বকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? [JU-D-K : 23-24]
Ⓐ 2 Ⓑ 3
Ⓒ 4 Ⓓ 5 Ans (C)

10. অরিকুলারিয়া লার্ভা দশা কোন পর্বে দেখা যায়? [JU-D-N : 23-24]
Ⓐ Echinodermata Ⓑ Mollusca
Ⓒ Annelida Ⓓ Platyhelminthes Ans (A)

11. Nematoda পর্বকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? [JU-D-N : 23-24]
Ⓐ 2 Ⓑ 3
Ⓒ 4 Ⓓ 6 Ans (A)

12. প্যারেনকাইমুলা লার্ভা কোন পর্বে দেখা যায়? [JU-D-P : 23-24]
Ⓐ Cnidaria Ⓑ Porifera
Ⓒ Echinodermata Ⓓ Annelida Ans (B)

13. Mollusca পর্বকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? [JU-D-P : 23-24]
Ⓐ 3 Ⓑ 5 Ⓒ 6 Ⓓ 7 Ans (B)

14. সারকারিয়া লার্ভা দশা কোন পর্বে দেখা যায়? [JU-D-R : 23-24]
Ⓐ Porifera Ⓑ Platyhelminthes
Ⓒ Nematoda Ⓓ Annelida Ans (B)

15. Annelida পর্বকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? [JU-D-R : 23-24]
Ⓐ 3 Ⓑ 4
Ⓒ 5 Ⓓ 6 Ans (A)

16. বাইপিনারিয়া লার্ভা দশা কোন পর্বে দেখা যায়? [JU-D-S : 23-24]
Ⓐ Arthropoda Ⓑ Echinodermata
Ⓒ Annelida Ⓓ Mollusca Ans (B)

17. Arthropoda পর্বকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? [JU-D-S : 23-24]
Ⓐ 4 Ⓑ 5 Ⓒ 6 Ⓓ 13 Ans (D)

18. স্পোরোসিস্ট লার্ভা কোন পর্বে দেখা যায়? [JU-D-V : 23-24]
Ⓐ Cnidaria Ⓑ Nemathelminthes
Ⓒ Platyhelminthes Ⓓ Echinodermata Ans (C)

19. Echinodermata পর্বকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? [JU-D-V : 23-24]
Ⓐ 4 Ⓑ 5
Ⓒ 6 Ⓓ 13 Ans (C)

20. কোন শ্রেণিতে হেটারোসার্কাল পুচ্ছ পাখনা দেখা যায়? [JU-D-H : 23-24]
Ⓐ Chondrichthyes Ⓑ Actinopterygii
Ⓒ Myxini Ⓓ Sarcopterygii Ans (A)

21. হাঙর মাছের পুচ্ছ-পাখনা কোন ধরনের? [JU-D-I : 23-24]
Ⓐ হোমোসার্কাল Ⓑ হেটারোসার্কাল
Ⓒ ডাইফাইসার্কাল Ⓓ বাইসার্কাল Ans (B)

22. কোন শ্রেণির মাছের পুচ্ছ-পাখনা হোমোসার্কাল? [JU-D-K : 23-24]
Ⓐ Chondrichthyes Ⓑ Sarcopterygii
Ⓒ Actinopterygii Ⓓ Myxini Ans (C)

23. ইলিশ মাছের পুচ্ছ-পাখনা কোন ধরনের? [JU-D-N : 23-24]
Ⓐ হোমোসার্কাল Ⓑ হেটারোসার্কাল
Ⓒ ডাইফাইসার্কাল Ⓓ বাইসার্কাল Ans (A)

24. লাংফিশের লেজ কোন ধরনের? [JU-D-P : 23-24]
Ⓐ Homocercal Ⓑ Heterocercal
Ⓒ Bicercal Ⓓ Diphycercal Ans (D)

25. পৃথিবীর আদি প্রাণী কোন পর্বের অন্তর্ভুক্ত? [RU-C-1 : 23-24]
Ⓐ কর্ডার্টা Ⓑ পরিফেরা
Ⓒ সিলেনটারেটা Ⓓ প্রোটোজোয়া Ans (D)

26. Petromyzontida শ্রেণির মাছেরা কী নামে পরিচিত? [RU-C-1 : 23-24]
Ⓐ হ্যাগফিশ Ⓑ ল্যামপ্রে
Ⓒ স্লাইম ঈল Ⓓ লাং ফিশ Ans (B)

27. এন্ডোথার্মিক প্রাণী কোনটি? [RU-C-2 : 23-24]
Ⓐ হাঙর Ⓑ টিকটিকি
Ⓒ ব্যাঙ Ⓓ বাদুড় Ans (D)

28. আর্থ্রোপোডা পর্বের প্রাণীদের শ্বসন অঙ্গ নয় কোনটি? [RU-C-3 : 23-24]
Ⓐ সবুজগ্রন্থি Ⓑ ট্রাকিয়া
Ⓒ ফুলকা Ⓓ বুকলাং Ans (A)

29. কোন পর্বের প্রাণীদের মধ্যে মেটামরফোসিস ঘটে? [RU-C-3 : 23-24]
Ⓐ নিডারিয়া Ⓑ একাইনোডার্মাটা
Ⓒ অ্যানিলিডা Ⓓ আর্থ্রোপোডা Ans (D)

30. গোলীয় প্রতিসাম্যের উদাহরণ নয় কোনটি? [JU-D : 22-23]
Ⓐ *Metridium* Ⓑ *Volvox*
Ⓒ Heliozoa Ⓓ Radiolaria Ans (A)

31. প্রোটিস্টান জীবে কোন প্রতিসাম্যতা দেখা যায়? [JU-D : 22-23]
Ⓐ অরীয় Ⓑ গোলীয়
Ⓒ দ্বিঅরীয় Ⓓ অপ্রতিসাম্যতা Ans (B)

32. কোন পর্বের প্রাণীরা অ্যাসিলোমেট নয়? [JU-D : 22-23]
Ⓐ Rotifera Ⓑ Porifera
Ⓒ Ctenophora Ⓓ Cnidaria Ans (A)

Educationblog24.com

উচ্চমাধ্যমিক জীববিজ্ঞান ২য় পত্র

অধ্যায় ২

প্রাণীর পরিচিতি

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

হাইড্রা :

- *Hydra*-র প্রকৃত আবিষ্কারক আব্রাহাম ট্রেম্বলে (Abraham Trembley)।
- ৬-১০টি কর্ষিকা থাকে।
- Unisexual – *Hydra oligactis* • Bisexual – *Hydra viridis*
- Testes (মোচাকৃতি) • Ovary (গোলাকৃতি মুকুল)
- পাদচাকতি → বৃদ্ধি অঞ্চল
- *Hydra*-র খাদ্য *Cyclops, Daphnia*, Crustacean প্রাণী উত্তম খাবার। *Hydra* মাংসাশী প্রাণী।
- হাইপোডার্মিস এর চূড়ায় নেমাটোসিস্ট নামক ব্যাটারি থাকে।
- *Hydra* দ্বি-স্তরী/ডিপ্লোব্লাস্টিক প্রাণী। দ্বি-স্তরের মাঝখানে মেসোগ্লিয়া নামক অকোষীয় ও জেলির মতো একটি স্তর থাকে।

ইন্টারস্টিশিয়াল কোষের কাজ :

i. প্রয়োজনে অন্য যে কোনো ধরনের দেহ কোষে বা বহিস্ত্বকীয় কোষে পরিণত হয়।
ii. পুনরুৎপত্তি ও মুকুল সৃষ্টিতে অংশ নেয়।
iii. কিছুদিন পরপর অন্যান্য কোষে পরিণত হয়ে দেহের পুরনো কোষের স্থান পূরণ করে।

Nematocyst :

- শিকার ধরা ও আত্মরক্ষা নেমাটোসিস্টের কাজ।
- নিডারিয়া পর্বের প্রাণীদের নেমাটোসিস্ট ২৩ প্রকার।
- ২৩ প্রকার নেমাটোসিস্ট প্রমাণ করেন Werner।
- *Hydra*-র দেহে নেমাটোসিস্ট পাওয়া যায় ৪ প্রকার।
- নেমাটোসিস্টে হিপনোটক্সিন নামক বিষাক্ত তরল বিদ্যমান।
- হিপনোটক্সিন = আমিষ + ফেনল। হিপনোটক্সিন শিকারকে অবশ করে।
- নেমাটোসিস্টের নিক্ষিপ্ত হওয়া নিডোসিলের কাজ।
- নেমাটোসিস্টের বড় কাঁটাকে বলে বার্ব।
- নেমাটোসিস্টের ছোট কাঁটাকে বলে বার্বিউল।
- নেমাটোসিস্টে ল্যাসো নামক প্যাঁচানো সুতাকার অঙ্গাণু পাওয়া যায়।

নেমাটোসিস্ট :

স্টিনোটিল (Stinotile) : নেমাটোসিস্টের মধ্যে এগুলোই বৃহত্তম। এর ভিতরে হিপনোটক্সিন থাকে।

ভল্ভেন্ট (Volvent) : এগুলো অপেক্ষাকৃত ছোট, কাঁটাবিহীন এবং বক্র শীর্ষযুক্ত। এটি শিকারকে জড়িয়ে ধরে রাখতে সাহায্য করে।

স্ট্রেপটোলিন গ্লুটিন্যান্ট (Streptoline glutinant) : এটি শিকার আটকাতে সাহায্য করে।

স্টেরিওলিন গ্লুটিন্যান্ট (Sterioline glutinant) : এটি শিকার আটকাতে সাহায্য করে। ক্ষুদ্রতম নেমাটোসিস্ট।

Mesoglea বা মেসোগ্লিয়া :

- নিডারিয়া পর্বের প্রাণীদের দেহে এপিডার্মিস ও গ্যাস্ট্রোডার্মিসের মাঝে অবস্থিত অকোষীয় স্তর।
- ০১ μm পুরুত্ব বিশিষ্ট স্বচ্ছ, স্থিতিস্থাপক, বর্ণহীন ও জেলির ন্যায় আঠালো পদার্থ।
- মাঝে মাঝে চলমান ইন্টারস্টিশিয়াল কোষ দেখা যায়।
- হাইড্রার অবলম্বন স্তর হিসেবে কাজ করে।

Symbiosis বা মিথোজীবিতা :

দুটি ভিন্ন প্রজাতিভুক্ত জীব ঘনিষ্ঠভাবে সহাবস্থানের ফলে পরস্পরের কাছ থেকে উপকৃত হয় তখন তাদের এ ধরনের সাহচর্যকে মিথোজীবিতা এবং দুটি জীবের প্রতিটিকে মিথোজীবী (symbiont) বলে।
যেমন : সবুজ হাইড্রা (*Hydra viridissima*) ও শৈবাল (*Zoochlorella*)।

ঘাসফড়িং :

- উদ্ভিদভোজী প্রাণী/শাকাশী প্রাণী/Herbivorous/তৃণভোজী প্রাণী।
- দেহ তিনখণ্ডবিশিষ্ট।
- তিনজোড়া সন্ধিযুক্ত পা।
- দিনে ১৫ কিলোমিটার পর্যন্ত যেতে পারে।
- ঘাসফড়িং-এর সারাদেহ কাইটিনযুক্ত কিউটিকল-এ আবৃত।
- মস্তক ৬টি ভ্রূণীয় খণ্ডকের সমন্বয়ে গঠিত।
- ১ম খণ্ডকে থাকে এক জোড়া পুঞ্জাক্ষী।
- পৃথিবীতে প্রায় ২০,০০০ প্রজাতির ঘাসফড়িং রয়েছে।
- যারা দলবদ্ধভাবে এক স্থান থেকে অন্যস্থানে গমন (Migration) করে তাদেরকে পঙ্গপাল (Locust) বলে।
- ঘাসফড়িং লম্বায় 8 - 9 cm পর্যন্ত হয়ে থাকে।
- প্রতি দেহখণ্ডকে কিউটিকল পুরু ও শক্ত পাতের মতো গঠন সৃষ্টি করে যাদের স্ক্লেরাইট (Sclerites) বলে।
- দুটি স্ক্লেরাইটের মধ্যবর্তী নরম ও পাতলা কিউটিকলকে সুচার বলে।
- দর্শন একক ওমাটিডিয়াম।
- ওসেলাসে 4 - 7 টি রেটিন্যুলার কোষ থাকে।

রূপান্তর :

- ডিম → নিম্ফ → পূর্ণাঙ্গ প্রাণী।
- খোলস মোচন হরমোন → একডাইসন।

রুই মাছ (*Labeo rohita*) :

রুই মাছের বাহ্যিক গঠনের বৈশিষ্ট্যসমূহ :

মস্তক :

- দেহ স্ট্রিমলাইনড (অর্থাৎ লম্বা, মাকু আকৃতির এবং পার্শ্বীয়ভাবে চাপা)।
- মুখের ওপরের চোয়ালে একজোড়া খাটো ও সরু বার্বেল অবস্থিত যাদের ম্যাক্সিলারি বার্বেল বলে।
- মস্তকের প্রতিপার্শ্বে চিরুনির ন্যায় চারটি ফুলকা থাকে।
- ফুলকা প্রকোষ্ঠটি কানকুয়া দ্বারা আবৃত থাকে।
- প্রত্যেক কানকোর ভেতর চারটি করে চিরুনির মতো ফুলকা (Gills) থাকে।
- কানকুয়ার মুক্ত প্রান্তে একটি পেশিময় পর্দা থাকে, একে ব্রাঙ্কিওস্টেগাল ঝিল্লি বলে।

দেহকাণ্ড :

- দেহকাণ্ডের উভয় পার্শে একটি করে পার্শ্ব রেখা লেজ পর্যন্ত বিস্তৃত। বাহ্যিকদিকে রুই মাছের পার্শ্ব রেখায় 41 - 42টি আঁইশ থাকে।
- লেজের শেষপ্রান্ত পর্যন্ত দেহকাণ্ডের দুই পাশ বরাবর পার্শ্বরেখা (lateral line) নামে অনুদৈর্ঘ্য রেখা বিদ্যমান। এতে খাদ ও গর্তের সমন্বয়ে গঠিত অসংখ্য পার্শ্বরেখা অঙ্গ নিউরোমাস্ট (lateral line organ-neuromasts) নামক সংবেদী অঙ্গ বিদ্যমান। যাদের মাধ্যমে মাছ পানির রাসায়নিক গুণাগুণ নির্ণয় করতে সক্ষম।
- দেহকাণ্ডের পৃষ্ঠ দিকে– পৃষ্ঠপাখনা (১টি)।
- অক্ষীয় দিকে– শ্রোণিপাখনা (২টি)।
- কানকুয়ার পেছনে– বক্ষপাখনা (২টি)।
- লেজের দিকে– পায়ু পাখনা (১টি)।

Educationblog24.com

☛ লেজ :
• কশেরুকা সমৃদ্ধ।
• পুচ্ছ পাখনা হোমোসার্কাল প্রকৃতির।

☛ রুই মাছের আঁইশ :
• আঁইশ সাইক্লয়েড ধরনের।
• আঁইশগুলো দেহের ডার্মার স্তর থেকে সৃষ্টি হয়।
• আঁইশের কেন্দ্রকে ফোকাস বা নিউক্লিয়াস বলে।
• আঁইশের কেন্দ্রকে ঘিরে অবস্থিত ঘন সন্নিবিষ্ট রেখাকে সারকুলি (একবচনে : সার্কুলাস) বলে।
• সারকুলির মাধ্যমে রুই মাছের বয়স ও বৃদ্ধিহার নির্ণয় করা যায়।
• রাসায়নিকভাবে আঁইশ চুন ও কোলাজন তন্তু নিয়ে গঠিত।
• আঁইশ মাছের প্রধান প্রতিরক্ষাকারী অঙ্গ।
• এছাড়া আঁইশ মাছের শ্রেণিবিন্যাস, বয়স ও বৃদ্ধির হার নির্ণয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সাধারণত বসন্ত ও গ্রীষ্মকালে মাছ ও আঁইশের বৃদ্ধি বেশি হয়।

☛ রুই মাছের পাখনা :
রুই মাছের পায়ুর পিছনের অংশটি হলো লেজ। লেজের শেষ প্রান্তে রয়েছে হোমোসার্কাল ধরনের পুচ্ছ পাখনা। এ পাখনার সাহায্যেই রুইমাছ পানির মধ্যে চলাফেরা করে বলে পুচ্ছ পাখনাকে চলন অঙ্গ বলে।

☛ পাখনাসমূহ (Fins) : মাছের চলনাঙ্গকে পাখনা বলে। পাখনা সাধারণত চাপা ও পাখনা রশ্মিযুক্ত। পাখনার ভেতরে অবস্থিত সমান্তরালভাবে সজ্জিত সূক্ষ্ম শলাকার অস্থিকঙ্কালকে পাখনা-রশ্মি (fin rays) বলে। রুই মাছে মোট পাঁচ ধরনের পাখনা দেখা যায়।
• পৃষ্ঠ পাখনায় (১টি) পাখনারশ্মি থাকে → ১৪ - ১৬টি।
• শ্রোণি পাখনায় (২টি) পাখনারশ্মি থাকে → ৯টি।
• পুচ্ছ পাখনায় (১টি) পাখনারশ্মি থাকে → ১৯টি।
• বক্ষ পাখনায় (২টি) পাখনারশ্মি থাকে → ১৭ - ১৮টি/১৬-১৭টি (আলীম)।
• পায়ু পাখনায় (১টি করে থাকে) পাখনারশ্মি থাকে → ৬ - ৭টি।

➢ হৃৎপিণ্ড (Heart) :
যে ধরনের হৃৎপিণ্ডের মধ্য দিয়ে কখনই অক্সিজেনযুক্ত রক্ত প্রবাহিত হয় না শুধু কার্বন ডাইঅক্সাইড যুক্ত রক্ত প্রবাহিত হয় তাকে ভেনাস হার্ট বলে। অর্থাৎ এ ধরনের হৃৎপিণ্ড শিরার বৈশিষ্ট্যসম্পন্ন। যেমন : মাছের হৃৎপিণ্ড। [Ref : আজমল]

৬ রুই মাছের রক্ত সংবহনতন্ত্র :
• রুই মাছের শ্বেত রক্তকণিকা দেখতে অ্যামিবার মতো।
• পেরিকার্ডিয়াম নামক আবরণে হৃৎপিণ্ডটি আবৃত থাকে।
• রুই মাছের হৃৎপিণ্ড (সাইনাস [illegible]) নিয়ে গঠিত।
• অ্যাট্রিয়াম হৃৎপিণ্ডের বৃহত্তম প্রকোষ্ঠ।
• রুই মাছের হৃৎপিণ্ডে কোনাস আর্টারিওসাস থাকে না।
• কোনাস আর্টারিওসাসের পরিবর্তে ভেন্ট্রাল অ্যাওর্টার মূল

৬ রুই মাছের বায়ুথলি বা পটকা (Air bladder or Swim bladder) :
রুই মাছের পৌষ্টিক নালি এবং বৃক্কের মাঝে একটি বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ থলির মতো গঠন বিদ্যমান থাকে। একে বায়ুথলি/সাঁতার থলি/ বায়ু পটকা বলে। এটির ভেতর বিভিন্ন গ্যাস বিদ্যমান (অক্সিজেন, নাইট্রোজেন, কার্বন ডাইঅক্সাইড) ভর্তি থাকে।

☛ রুই মাছের বায়ুথলি বা পটকার গুরুত্বপূর্ণ কিছু বৈশিষ্ট্য :
• সকল কঠিনাস্থি মাছে এ বায়ুথলি পাওয়া যায়।
• বায়ুথলি পৌষ্টিক নালির পৃষ্ঠীয় প্রাচীর থেকে উৎপত্তি লাভ করে।
• রুই মাছের বায়ুথলি ওয়েবেরিয়ান অস্থিমালা নামক ক্ষুদ্র অস্থি দ্বারা স্থাপিত হয়।
• সিলিয়াকো মেসেন্টারিক ধমনির শাখা বায়ুথলিতে রক্ত সরবরাহ করে।
• গ্রাসনালি ও বায়ুথলির মাঝে অবস্থিত সংযোগকারী নালিকে ডাক্টাস নিউমেটিকাস বলে।
• বায়ুথলির উভয় প্রকোষ্ঠের অন্তঃপ্রাচীরের এপিথেলিয়াম সংলগ্ন একটি করে লাল বর্ণের একটি গ্যাস গ্রন্থি থাকে। এর নাম রেটি মিরাবিলি।

৬ রুই মাছের বায়ুথলির কাজ :
• উদস্থিতিয় অঙ্গ (Hydrostatic organ)।
• অভিযোজনক্ষম ভাসাল (Adjustable float)।
• শ্বসন (Respiration)।
• প্রতিধ্বনি সৃষ্টিকারী অঙ্গ (Resonator)।
• শব্দ উৎপাদন (Sound Production)।
• প্লবতা রক্ষাকারী অঙ্গ।
• শব্দতরঙ্গ বায়ুথলির ওয়েবেরিয়ান ওসিকলের মাধ্যমে অন্তঃকর্ণে প্রবেশ করে।
• যথাযথ মাধ্যাকর্ষণ কেন্দ্র রক্ষা (Maintain Proper Center of gravity)।
• চাপ সংগ্রাহক ও নিয়ন্ত্রক হিসাবে কাজ করে।
• ভার্সাল অঙ্গ হিসেবে কাজ করে।
• অক্সিজেনের আধার।
• আপেক্ষিক গুরুত্ব নিয়ন্ত্রণ।

Part 2 সম্ভাব্য গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. উওজেনেসিস প্রক্রিয়ায় হাইড্রা উওসাইটকে মায়োসিস বিভাজনে কয়টি ডিম্বাণু তৈরি করে?
Ⓐ একটি Ⓑ দুইটি
Ⓒ তিনটি Ⓓ চারটি Ans Ⓐ

02. হিপনোটক্সিন কোন ধরনের কোষে দেখা যায়?
Ⓐ সংবেদী কোষ Ⓑ গ্রন্থি কোষ
Ⓒ নিডোসাইট Ⓓ ক্ষণপদীয় কোষ Ans Ⓒ

03. কোনটি *Hydra*-তে থাকে না?
Ⓐ মেসোগ্লিয়া Ⓑ সিলেন্টেরন
Ⓒ মেসোডার্ম Ⓓ নিডোসাইট Ans Ⓒ

04. নিচের কোনটি *Hydra* তে নিডোব্লাস্ট বহন করে না?
Ⓐ হাইপোস্টোম Ⓑ কর্ষিকা Ⓒ এপিডার্মিস Ⓓ পাদচাকতি Ans Ⓓ

05. মেসোগ্লিয়া পাওয়া যায় কোন প্রাণীতে?
Ⓐ মানুষ Ⓑ আরশোলা Ⓒ হাইড্রা Ⓓ মাছ Ans Ⓒ

06. *Hydra*-এর এপিডার্মিসে কোন কোষটি দেখা যায় না?
Ⓐ Sensory cell Ⓑ Flame cell
Ⓒ Gland cell Ⓓ Germ cell Ans Ⓑ

07. কোন নেমাটোসিস্ট হিপনোটক্সিন ক্ষরণ করে?
Ⓐ ভলভেন্ট Ⓑ গ্লুটিন্যান্ট Ⓒ স্টিনোটিল Ⓓ সবগুলো Ans Ⓒ

08. কোন বিজ্ঞানী হাইড্রার পুনরুৎপত্তি ক্ষমতার কথা সর্বপ্রথম উল্লেখ করেন?
Ⓐ ট্রেম্বলে Ⓑ হাম্বলে Ⓒ লিনিয়াস Ⓓ ল্যামার্ক Ans Ⓐ

09. *Hydra*-র প্রকৃত আবিষ্কারক–
Ⓐ লিনিয়াস Ⓑ ডারউইন Ⓒ ট্রেম্বলে Ⓓ ওয়ালেস Ans Ⓒ

10. হাইড্রার দেহ গহ্বর এর নাম–
Ⓐ সিলোম Ⓑ এন্টারন Ⓒ সিলেন্টেরন Ⓓ ব্লাস্টোসিল Ans Ⓒ

11. *Hydra*-র কোন কোষটি কেবল বহিস্তরে বিদ্যমান?
Ⓐ নিডোব্লাস্ট কোষ Ⓑ স্নায়ু কোষ
Ⓒ গ্রন্থি কোষ Ⓓ ক্ষণপদীয় কোষ Ans Ⓐ

12. নিডোসাইট কোষ কোথায় পাওয়া যায়?
Ⓐ *Hydra* Ⓑ *Taeniaz* Ⓒ *Copsychus* Ⓓ *Panthera* Ans Ⓐ

13. যখন দুটি ভিন্ন প্রজাতিভুক্ত জীব পারস্পরিক সহাবস্থানে উপকৃত হয় তখন তাকে বলে–
Ⓐ পরভোজিতা Ⓑ পরজীবিতা
Ⓒ মৃতজীবিতা Ⓓ মিথোজীবিতা Ans Ⓓ

Educationblog24.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

...-এর সাথে কোনটির মিথোজীবী সম্পর্ক?
Ⓐ *Zoochlorella* Ⓑ *Plasmodium*
Ⓒ *Anopheles* Ⓓ *Labeo* Ans Ⓐ

...জনন কোন প্রাণীটিতে দেখা যায়?
Ⓐ হাইড্রা Ⓑ তেলাপোকা Ⓒ রুই মাছ Ⓓ ডলফিন Ans Ⓐ

...এর দ্রুত চলন প্রক্রিয়ার নাম কী?
Ⓐ ঘামাওড়ি Ⓑ ডিগবাজি Ⓒ অ্যামিবয়েড Ⓓ ভাসা Ans Ⓑ

...টি হাইড্রার প্রধান খাদ্য?
Ⓐ পতঙ্গের লার্ভা Ⓑ ছোট কৃমি
Ⓒ ক্ষুদ্র ক্রাস্টাসীয় সন্ধিপদী প্রাণী Ⓓ মাছের ডিম Ans Ⓒ

...চলন প্রক্রিয়ায় হাইড্রার আরোহণ ও অবরোহণ সম্পন্ন হয়?
Ⓐ ক্রমসংকোচন Ⓑ ভাসা Ⓒ সাঁতার Ⓓ হেঁচড়ান Ans Ⓓ

...ফড়িং-এর প্রধান পৌষ্টিকগ্রন্থি কোনটি?
Ⓐ ক্রপ Ⓑ মেসেন্টেরন Ⓒ গিজার্ড Ⓓ লালাগ্রন্থি Ans Ⓓ

...উপাঙ্গটি ঘাসফড়িং খাদ্য কর্তনে ব্যবহার করে?
Ⓐ হাইপোফ্যারিংস Ⓑ ম্যান্ডিবল Ⓒ ম্যাক্সিলা Ⓓ ল্যাব্রাম Ans Ⓑ

...টি ঘাসফড়িং-এর অ্যান্টেনার অংশ নয়?
Ⓐ স্কেপ Ⓑ পেডিসেল Ⓒ ফ্লেগ Ⓓ ফ্ল্যাজেলাম Ans Ⓒ

...ফড়িং-এর বক্ষাঞ্চলের অঙ্কীয়দেশ কী দিয়ে গঠিত?
Ⓐ স্টার্নাম Ⓑ স্টাইপস Ⓒ টার্গাম Ⓓ প্লিউরন Ans Ⓐ

...ফড়িংয়ের গোত্র কোনটি?
Ⓐ Acridae Ⓑ Aracidae Ⓒ Acriidae Ⓓ Acrididae Ans Ⓓ

...ফড়িংয়ের গণের নাম কী?
Ⓐ *Poekilocerus* Ⓑ *Poecilocerus*
Ⓒ *Poikilocerus* Ⓓ *Poicilocerus* Ans Ⓐ

...ফড়িং-এর মুখোপাঙ্গের অংশ নয়–
Ⓐ ল্যাব্রাম Ⓑ ম্যান্ডিবল Ⓒ ল্যাবিয়াম Ⓓ ট্রোক্যান্টার Ans Ⓓ

...ফড়িং-এর প্রতিটি দেহখণ্ডককে বলা হয়–
Ⓐ কিউটিকল Ⓑ সূচার Ⓒ ক্লেরাইট Ⓓ হাইপোডার্মিস Ans Ⓒ

...টি ঘাসফড়িং-এর পায়ের অংশ?
Ⓐ এপিড্রা Ⓑ টেগমিনা Ⓒ কক্সা Ⓓ সার্কি Ans Ⓒ

28. ঘাসফড়িং-এর উদরে কতটি খণ্ডক রয়েছে?
Ⓐ ১১টি Ⓑ ১০টি Ⓒ ৬টি Ⓓ ৩টি Ans Ⓐ

29. দন্তক কোন উপাঙ্গের অংশ?
Ⓐ ম্যান্ডিবল Ⓑ ল্যাব্রাম Ⓒ ল্যাবিয়াম Ⓓ ম্যাক্সিলা Ans Ⓐ

30. কোনটি ঘাসফড়িং-এর মস্তকের বহিঃকঙ্কালের অংশ নয়?
Ⓐ জেনা Ⓑ এপিক্রেনিয়াম Ⓒ ওসেলি Ⓓ ভার্টেক্স Ans Ⓒ

31. ঘাসফড়িং-এর পশ্চাৎ পৌষ্টিকনালির অংশ নয় কোনটি?
Ⓐ হেপাটিক সিকা Ⓑ ইলিয়াম Ⓒ পায়ুছিদ্র Ⓓ রেকটাম Ans Ⓐ

32. কোনটি ঘাসফড়িং-এর হিমোসিলের সাইনাস নয়?
Ⓐ পেরিকার্ডিয়াল Ⓑ পেরিভিসেরাল
Ⓒ পেরিনিউরাল Ⓓ পেরিভেন্ট্রিকুলার Ans Ⓓ

33. ঘাসফড়িং-এর কোথায় ফিংটার উপস্থিত থাকে?
Ⓐ স্টোমোডিয়াম Ⓑ মেসেন্টেরন Ⓒ প্রোক্টোডিয়াম Ⓓ রেকটাম Ans Ⓑ

34. ঘাসফড়িং-এর হিমোসিল কয়টি প্রকোষ্ঠে বিভক্ত?
Ⓐ 1 Ⓑ 2 Ⓒ 3 Ⓓ 4 Ans Ⓒ

35. ঘাসফড়িং-এর গিজার্ড ও মেসেন্টেরনের সংযুক্তির স্থানকে কী বলে?
Ⓐ হেপাটিক সিকা Ⓑ স্টোমেডিয়াল কপাটিকা
Ⓒ কার্ডিয়া Ⓓ ম্যালপিজিয়ান নালিকা Ans Ⓒ

36. ঘাসফড়িং-এ গিজার্ডের কাজ কী?
Ⓐ খাদ্য চূর্ণকরণ Ⓑ খাদ্য পরিবহণ
Ⓒ খাদ্য সঞ্চয় Ⓓ খাদ্য পরিপাক Ans Ⓐ

37. হিমোসিল কোন প্রাণীতে দেখা যায়?
Ⓐ ঘাসফড়িং Ⓑ টিকটিকি Ⓒ পাখি Ⓓ মানুষ Ans Ⓐ

38. মৃদু আলোয় 'পুঞ্জাক্ষি' কী ধরনের প্রতিবিম্ব সৃষ্টি করে?
Ⓐ অ্যাপোজিশন প্রতিবিম্ব Ⓑ সুপারপজিশন প্রতিবিম্ব
Ⓒ বাইনোকুলার প্রতিবিম্ব Ⓓ মনোকুলার প্রতিবিম্ব Ans Ⓑ

39. ঘাসফড়িং-এর রূপান্তরে ডিমের পরবর্তী ধাপ কোনটি?
Ⓐ লার্ভা Ⓑ পিউপা Ⓒ নিম্ফ Ⓓ পূর্ণাঙ্গ ফড়িং Ans Ⓒ

Part 3 BUP বিগত বছরের প্রশ্নোত্তর

...দ্রার দেহ গহ্বরকে কী বলে? [BUP-FST : 23-24]
Ⓐ সিলোম Ⓑ এন্টেরন
Ⓒ সিলেন্টেরন Ⓓ ব্লাস্টোসিল

Solve • হাইড্রার দেহ গহ্বরকে সিলেন্টেরন বলে। এর উপস্থিতির জন্যেই *Hydra*-র পর্বটি পূর্বে Coelenterata নামে পরিচিত ছিলো।
• এটি *Hydra*-র খাদ্যসার, শ্বসন ও রেচন পদার্থ সংবহন এবং খাদ্য পরিপাকে ব্যবহৃত হয় বলে একে পরিপাক-সংবহন গহ্বরও বলা হয়ে থাকে।

...নিচের কোনটি ঘাসফড়িং-এর মুখোপাঙ্গ নয়? [BUP-FST : 22-23]
Ⓐ ল্যাবিয়াম Ⓑ ল্যাব্রাম
Ⓒ ফ্ল্যাজেলাম Ⓓ ম্যাক্সিলা

Solve • ঘাসফড়িং-এর মুখোপাঙ্গ চর্বন উপযোগী।
• ঘাসফড়িং-এর মুখোপাঙ্গ মস্তকের অঙ্কীয় দেশে অবস্থিত।
• পাঁচটি অংশের সমন্বয়ে মুখোপাঙ্গ গঠিত। যথা : ল্যাব্রাম, ম্যান্ডিবল, ম্যাক্সিলা, ল্যাবিয়াম ও হাইপোফ্যারিংক্স।

...ইড্রার হাইপোস্টোমের গোড়ার চতুর্দিকে কয়টি কর্ষিকা থাকে? [BUP-FST : 22-23]
Ⓐ ৩-৬ Ⓑ ৫-১৫ Ⓒ ৬-১০ Ⓓ ২-৭

Solve • হাইড্রার হাইপোস্টোমের গোড়ার চতুর্দিকে ৬-১০টি কর্ষিকা থাকে।
• এটি সংকোচনশীল, দেহ অপেক্ষা লম্বা ও ফাঁপা সুতার মতো কর্ষিকা অবস্থিত।
• কর্ষিকা চলন, আহার সংগ্রহ ও আত্মরক্ষার অংশ নেয়।

...ফড়িং সম্পর্কে কোনটি সত্য? [BUP-FST : 21-22]
Ⓐ লাল বর্ণের লিম্ফ Ⓑ হৃৎস্পন্দন ১০০ - ১১০ বার
Ⓒ ডিম পাড়ার ১০ দিন পর মারা যায় Ⓓ সবগুলো

Solve ঘাসফড়িং সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
▪ ঘাসফড়িং-এর হৃদযন্ত্রের স্পন্দন প্রতি মিনিটে ১০০ থেকে ১১০ বার।
▪ ঘাসফড়িং-এ ৬ জোড়া অ্যালারি পেশি থাকে।
▪ এর দেহে রক্তপ্রবাহ হতে ৩০ থেকে ৬০ মিনিট সময় লাগে।

05. নিডোব্লাস্ট কোথায় থাকে না? [BUP-FST : 20-21]
Ⓐ পাদচাকতি Ⓑ দেহকোষ Ⓒ মাথা Ⓓ কোনোটিই নয়

Solve *Hydra*-র পাদচাকতি ব্যতিত দেহের সর্বত্র নিডোব্লাস্ট কোষ বিদ্যমান থাকে। তবে কর্ষিকাতে এদের সংখ্যা অধিক।

06. রুই মাছের রক্তের গতিপথ– [BUP-FST : 20-21]
Ⓐ body → sinus venosus → atrium → ventricle → bulbus arteriosus → gill.
Ⓑ body → sinus venosus → ventricle → atrium → bulbus arteriosus → gill.
Ⓒ body → sinus venosus → gill → atrium → bulbus arteriosus
Ⓓ body → sinus venosus → ventricle → bulbus arteriosus → atrium → gill.

Solve রুই মাছের রক্তের গতিপথ : সাইনাস ভেনোসাস → অ্যাট্রিয়াম → ভেন্ট্রিকল → বাল্বাস আর্টারিওসাস → ভেন্ট্রাল অ্যাওর্টা → ফুলকা।

07. রুই মাছের প্রধান চলন অঙ্গ কোনটি? [BUP-FST : 19-20]
Ⓐ কানকো Ⓑ পায়ু পাখনা Ⓒ পুচ্ছ পাখনা Ⓓ কোনোটিই নয়

Solve রুই মাছের লেজের পশ্চাতে অবস্থিত পাখনাটি পুচ্ছ পাখনা। এতে ১৯টি পাখনা রশ্মি আছে। পুচ্ছ-পাখনা রুই মাছের প্রধান চলন অঙ্গ হিসেবে কাজ করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Educationblog24.com

Part 4 অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. *Hydra*-র নিডোসাইটের কাজ কী? [JU-D-H : 23-24]
Ⓐ মুকুল সৃষ্টি Ⓑ ভাসতে সাহায্য করা
Ⓒ আত্মরক্ষা Ⓓ শ্বসন **Ans Ⓒ**

02. *Hydra*-র কোন কোষে নিডোসাইড থাকে? [JU-D-I : 23-24]
Ⓐ গ্রন্থি কোষ Ⓑ পেশি-আবরণী কোষ
Ⓒ ইন্টারস্টিশিয়াল কোষ Ⓓ স্নায়ু কোষ **Ans Ⓑ**

03. কোনটি *Hydra*'র ইন্টারস্টিশিয়াল কোষে অনুপস্থিত? [JU-D-K : 23-24]
Ⓐ এন্ডোপ্লাজমিক জালিকা Ⓑ রাইবোসোম
Ⓒ নিউক্লিয়াস Ⓓ মায়োনিম **Ans Ⓓ**

04. *Hydra*'র কোন কোষ বিভাজনে অক্ষম? [JU-D-N : 23-24]
Ⓐ Musculo-epithelial Ⓑ Interstitial
Ⓒ Nerve Ⓓ Cnidocyte **Ans Ⓒ**

05. কোন কোষ *Hydra*'র মুকুল সৃষ্টিতে অংশ নেয়? [JU-D-P : 23-24]
Ⓐ Cnidocyte Ⓑ Interstitial cell
Ⓒ Germ cell Ⓓ Gland cell **Ans Ⓑ**

06. *Hydra*'র কোন কোষটি টটিপোটেন্ট? [JU-D-R : 23-24]
Ⓐ Interstitial Ⓑ Musculo-epithelial
Ⓒ Germ Ⓓ Nerve **Ans Ⓐ**

07. আদর্শ নেমাটোসিস্টে কয়টি বার্ব থাকে? [JU-D-V : 23-24]
Ⓐ 2 Ⓑ 3
Ⓒ 4 Ⓓ 5 **Ans Ⓑ**

08. ঘাসফড়িং-এর মস্তকে কয়টি ভ্রূণীয় খণ্ডক রয়েছে? [JU-D-H : 23-24]
Ⓐ 5 Ⓑ 6
Ⓒ 10 Ⓓ 25 **Ans Ⓑ**

09. কোনটি ঘাসফড়িং-এর মস্তকের অংশ নয়? [JU-D-I : 23-24]
Ⓐ জেনা Ⓑ ফ্রন্স
Ⓒ ক্লেপ Ⓓ ক্লাইপিয়াস **Ans Ⓒ**

10. ঘাসফড়িং-এর মস্তকে ওসেলি'র সংখ্যা কত? [JU-D-K : 23-24]
Ⓐ 1 Ⓑ 2
Ⓒ 3 Ⓓ 4 **Ans Ⓒ**

11. কোনটি ঘাসফড়িং-এর অ্যান্টেনার অংশ নয়? [JU-D-N : 23-24]
Ⓐ ক্লেপ Ⓑ পেডিসেল
Ⓒ ফ্ল্যাজেলাম Ⓓ জেনা **Ans Ⓓ**

12. ঘাসফড়িং-এর অ্যান্টেনার ফ্ল্যাজেলাম কয়টি খণ্ডকে বিভক্ত? [JU-D-P : 23-24]
Ⓐ 13 Ⓑ 15
Ⓒ 16 Ⓓ 25 **Ans Ⓓ**

13. কোনটি ঘাসফড়িং-এর ম্যাক্সিলার অংশ নয়? [JU-D-R : 23-24]
Ⓐ ক্লাইপিয়াস Ⓑ কার্ডো
Ⓒ স্টাইপস Ⓓ ল্যাসিনিয়া **Ans Ⓐ**

14. কোনটি ঘাসফড়িং-এর পায়ের অংশ নয়? [JU-D-V : 23-24]
Ⓐ Coxa Ⓑ Sternum
Ⓒ Trochanter Ⓓ Tarsus **Ans Ⓑ**

15. কোনটি ঘাসফড়িং-এর স্টোমোডিয়ামের অংশ নয়? [JU-D-H : 23-24]
Ⓐ গলবিল Ⓑ ইলিয়াম
Ⓒ ক্রপ Ⓓ গিজার্ড **Ans Ⓑ**

16. ঘাসফড়িং-এর মেসেন্টেরন কোন ভ্রূণীয় স্তর থেকে তৈরি হয়? [JU-D-N : 23-24]
Ⓐ এক্টোডার্ম Ⓑ এন্ডোডার্ম
Ⓒ মেসোডার্ম Ⓓ মোসোগ্লিয়া **Ans Ⓑ**

17. ঘাসফড়িং-এর পাকস্থলিতে কত জোড়া হেপাটিক সিকা থাকে? [JU-D-P : 23-24]
Ⓐ 2 Ⓑ 3
Ⓒ 4 Ⓓ 6 **Ans Ⓓ**

18. ঘাসফড়িং-এর পৌষ্টিকনালির ম্যালপিজিয়ান নালিকার মূল কাজ কী? [JU-D-R : 23-24]
Ⓐ খাদ্য পরিপাক Ⓑ খাদ্যরস শোষণ
Ⓒ রেচন Ⓓ শ্বসন **Ans Ⓒ**

19. ঘাসফড়িং-এর রেকটামে কয়টি রেকটাল প্যাপিলা থাকে? [JU-D-S : 23-24]
Ⓐ 2 Ⓑ 4
Ⓒ 6 Ⓓ 8 **Ans Ⓒ**

20. কোনটি রুই মাছের হৃৎপিণ্ডে নেই? [JU-D-H : 23-24]
Ⓐ সাইনাস ভেনোসাস Ⓑ ডাক্টাস ক্যুভেইরি
Ⓒ বাল্বাস আর্টারিওসাস Ⓓ কোনাস আর্টারিওসাস **Ans Ⓓ**

21. কোনটি রুই মাছের হৃৎপিণ্ড থেকে ভেন্ট্রাল অ্যাওর্টায় রক্ত চলাচল নিয়ন্ত্রণ করে? [JU-D-I : 23-24]
Ⓐ বাল্বাস আর্টারিওসাস Ⓑ সাইনাস ভেনোসাস
Ⓒ কোনাস আর্টারিওসাস Ⓓ ডাক্টাস ক্যুভেইরি **Ans Ⓐ**

22. রুই মাছের সিলিয়াকো-মেসেন্টেরিক ধমনি কোথায় রক্ত সরবরাহ করে? [JU-D-P : 23-24]
Ⓐ বৃক্কে Ⓑ দেহপ্রাচীরে
Ⓒ অন্ত্রে Ⓓ শ্রোণি-পাখনায় **Ans Ⓒ**

23. কোন ধমনিটি রুই মাছের দেহপ্রাচীরে রক্ত সরবরাহ করে? [JU-D-R : 23-24]
Ⓐ সাবক্ল্যাভিয়ান Ⓑ প্যারাইটাল
Ⓒ ইলিয়াক Ⓓ সিলিয়াকো-মেসেন্টেরিক **Ans Ⓑ**

24. কোন ধমনি রুই মাছের বৃক্কে রক্ত সরবরাহ করে? [JU-D-S : 23-24]
Ⓐ প্যারাইটাল Ⓑ ইলিয়াক
Ⓒ রেনাল Ⓓ সাবক্ল্যাভিয়ান **Ans Ⓒ**

25. কোন ধমনি রুই মাছের শ্রোণি পাখনায় রক্ত সরবরাহ করে? [JU-D-V : 23-24]
Ⓐ কডাল Ⓑ রেনাল
Ⓒ ইলিয়াক Ⓓ প্যারাইটাল **Ans Ⓒ**

26. রুই মাছের স্যাবক্ল্যাভিয়ান ধমনি কোথায় রক্ত সরবরাহ করে? [JU-D-N : 23-24]
Ⓐ বক্ষ-পাখনায় Ⓑ পাকস্থলিতে
Ⓒ দেহপ্রাচীরে Ⓓ বৃক্কে **Ans Ⓐ**

27. মাছ কোন্ অঙ্গের সাহায্যে পানির বিভিন্ন স্তর সম্পর্কে জানতে পারে? [RU-C-I : 23-24]
Ⓐ পাখনা রশ্মি Ⓑ পার্শ্বরেখা
Ⓒ নাসারন্ধ্র Ⓓ বায়ুথলি **Ans Ⓑ**

28. ঘাসফড়িং-এর ট্রাকিয়া কখনো চুপসে যায় না, কারণ– [RU-C-I : 23-24]
Ⓐ ইন্টিমা Ⓑ অ্যাট্রিয়াম
Ⓒ ভিত্তিঝিল্লি Ⓓ টিনিডিয়া **Ans Ⓑ**

29. *Hydra*-র টটিপোটেন্ট কোষ– [RU-C-I : 23-24]
Ⓐ ইন্টারস্টিশিয়াল কোষ Ⓑ জনন কোষ
Ⓒ সংবেদী কোষ Ⓓ নিডোসাইট **Ans Ⓐ**

30. Gastrovascular cavity কোন প্রাণীতে পাওয়া যায়? [RU-C-I : 23-24]
Ⓐ *Scypha* Ⓑ *Hydra*
Ⓒ *Taenia* Ⓓ *Aurelia* **Ans Ⓑ**

31. রুই মাছের কোথায় CO_2-যুক্ত রক্ত থাকে? [GST-A : 23-24]
Ⓐ হেপাটিক ধমনি Ⓑ অন্তর্বাহী ব্রঙ্কিয়াল ধমনি
Ⓒ বহির্বাহী ব্রঙ্কিয়াল ধমনি Ⓓ ডর্সাল অ্যাওর্টা **Ans Ⓑ**

32. হাইড্রার দেহে নমনীয় কঙ্কাল হিসেবে কাজ করে কোনটি? [JU-D : 22-23]
Ⓐ এপিডার্মিস Ⓑ গ্যাস্ট্রোডার্মিস
Ⓒ ইন্টারস্টিশিয়াল কোষ Ⓓ মেসোগ্লিয়া **Ans Ⓓ**

33. হাইড্রার কোন কোষে মায়োনিম নির্মিত পেশি প্রবর্ধন থাকে? [JU-D : 22-23]
Ⓐ সংবেদী কোষ Ⓑ পেশি আবরণী কোষ
Ⓒ স্নায়ু কোষ Ⓓ ইন্টারস্টিশিয়াল কোষ **Ans Ⓑ**

Educationblog24.com

ন ২য় পত্র
য় ৩

মানব শারীরতত্ত্ব : পরিপাক ও শোষণ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

স্বাদকোরক-এর অবস্থান:

মি – • মিষ্টতা → অগ্রভাগ
ল – • লবণাক্ত → অগ্রভাগের দুইপাশ
অ – • অম্লতা/টক → পশ্চাতের দুইপাশ
তি – • তিক্ততা → পশ্চাতে

পরিপাক :

র্বোহাইড্রেট পরিপাক [illegible] শুরু হয় এবং ক্ষুদ্রান্ত্রে শেষ হয়।
টিন পরিপাক পাকস্থলিতে শুরু এবং ক্ষুদ্রান্ত্রে শেষ।
পিড পাকস্থলিতে শুরু হয় এবং ক্ষু[illegible] শেষ হয়।
রিপাকতন্ত্র/ পৌষ্টিকতন্ত্র → পৌষ্টিকনালি, পৌষ্টিকগ্রন্থি

গতি :

জটিল খাদ্য	সরল দ্রবণীয় পরিবর্তিত রূপ
র্বোহাইড্রেট (শর্করা)	গ্লুকোজ
টিন (আমিষ)	অ্যামিনো অ্যাসিড
পিড (স্নেহ)	ফ্যাটি অ্যাসিড + গ্লিসারল

মাযরের পর পরিবর্তন ছাড়াই সরাসরি দেহে শোষিত হয় পানি, খনিজ লবণ ও ভিটামিন।

লাগ্রন্থি সম্পর্কিত কিছু তথ্য :

মানবদেহে ৩ জোড়া লালাগ্রন্থি রয়েছে।

গ্রন্থির নাম	মাধ্যম নালি	উন্মুক্ত হওয়ার স্থান
প্যারোটিড	স্টেনসেন নালি	২য় উর্ধ্বমোলার দাঁতের বিপরীতে ভেস্টিবিউলে।
সাবম্যান্ডিবুলার	হ্যেয়ারটোন নালি	জিহ্বার ফ্রেনুলামের পাশে।
সাবলিঙ্গুয়াল	রিভিনাস নালি	মুখবিবরের তলদেশে।

গ্যাস্ট্রিক গ্রন্থি সম্পর্কিত কিছু তথ্য জেনে নিই :

গ্যাস্ট্রিক গ্রন্থিতে 4 ধরনের কোষ থাকে।
• অক্সিনটিক কোষ • মিউকাস কোষ
• আর্জেনটাফিন কোষ • জাইমোজেনিক কোষ

যকৃৎ : • দেহের জৈব রসায়নাগার বলে।
• প্রাপ্তবয়স্ক পুরুষে এর ওজন প্রায় → 1.5 - 2.00 কেজি।
• ৪টি অসম্পূর্ণ খণ্ড দ্বারা গঠিত। ওজন প্রায় → 1.44-1.66 কেজি বা 3.2 - 3.7 পাউন্ড।
• নিচের পিঠে পিত্তথলি সংলগ্ন থাকে।
• যকৃতের পর্দার নাম → গ্লিসন ক্যাপসুল।

➢ যকৃতের কাজ: ১. পিত্ত (bile) রস নিঃসরণ ও সঞ্চয়
২. গ্লাইকোজেন সঞ্চয়
৩. ইউরিয়া সৃষ্টি (অরনিথিন চক্রের মাধ্যমে).
৪. ভিটামিন সঞ্চয় (Vit-A, D, E, K, B_6, B_{12})
৫. লিপিড সঞ্চয়
৬. প্লাজমা প্রোটিন সংশ্লেষ
৭. RBC সৃষ্টি ও ভাঙন
৮. বর্জ্য অপসারণ

• পিত্ত লবণের প্রভাবে চর্বির ক্ষুদ্র বিন্দুগুলো ভেঙে অতিক্ষুদ্র কণায় পরিণত হওয়াকে ইমালসিফিকেশন বলে।
• বৃহদন্ত্রে প্রায় ৫০০ প্রজাতির মিথোজীবি ব্যাকটেরিয়া থাকে, যেগুলো খাদ্যের অপাচ্য অংশের গাঁজন ঘটায়।

➢ খাদ্যসার শোষণ : • ৯০% শোষণ → ক্ষুদ্রান্ত্রে
